

বাংলার ব্রহ্ম

বাংলার ব্রহ্ম

বিশ্ববিদ্যালয়



বিশ্ববিদ্যাসংগ্রহ

বিষ্ণোর বহুবিজ্ঞীণ ধাৰার সঙ্গে লিঙ্কিত-মনেৱ ঘোগসাধন কৰিবাৰ অন্য ইংৰেজিতে বহু গ্ৰহণালা বচিত হয়েছে ও হচ্ছে। কিন্তু বাংলা ভাষায় এ-বক্তৃত বই বেশি নেই বাৰ সাহাৰ্যে অনায়াসে জ্ঞানবিজ্ঞানেৱ বিভিন্ন বিষ্ণাগেৱ সঙ্গে পৰিচিত হওৱা থাএ। যুগশিক্ষাৰ সঙ্গে সাধাৰণ-মনেৱ ঘোগসাধন বৰ্তমান যুগৰ একটি প্ৰধান কৰ্তব্য। বাংলা সাহিত্যকেও এই কৰ্তব্য-পালনে পৰামুখ হলে চলবে না সেই কথা স্মৰণ রেখে বিখ্যাতী এই দায়িত্ব-গ্ৰহণে ভৱী হয়েছেন।



শ্রী পরম্পরাগ প্রযোজন

বিশ্ববিদ্যাসংগ্রহ । ৪

প্রকাশ ১ আবণ ১৩৫০

পুনর্মুদ্রণ ১৫ ফাল্গুন ১৩৫০, বৈশাখ ১৩৫৪

আশ্বিন ১৩৬৭, জ্যৈষ্ঠ ১৩৮৩

পৌষ ১৪০২

মূল্য ২০০০ টাকা

বিশ্বভারতী

ISBN-81-7522-012-0



প্রকাশক শ্রীঅশোক মুখোপাধ্যায়
বিশ্বভারতী । ৬ আচার্য অগন্ধীশ বন্দ রোড । কলিকাতা ১৭
মুদ্রক শ্রীঅরিজিং হুমার
লেজাৰ ইমপ্ৰেশন । ২ গণেন্দ্ৰ মিৰ্জ লেন । কলিকাতা ৪

বাংলা র ব্রত

तमसो मा ज्योतिर्गमय

VISVA BHARATI
LIBRARY
SANTINIKETAN

८०.००२

१३ १३-४

337695

ଆମାଦେର ଦେଶେ ହରକମେର ଅତିଥି ଚଲିତ ରହେଛେ ଦେଖା ଯାଏ । କର୍ତ୍ତକୁଳି ଶାନ୍ତୀୟ ବତ, ଆର କର୍ତ୍ତକୁଳି ଶାନ୍ତେ ସାକେ ବଲେଛେ ଯୋଷିଂପ୍ରଚଲିତ ବା ମେ଱େଲି ବତ । ଏହି ମେ଱େଲି ଅତେରଙ୍କ ଦୁଟୋ ଭାଗ ; ଏକପ୍ରଥମ ବତ କୁମାରୀ ବତ—ପାଂଚ ହସ୍ତ ଥେକେ ଆଟି-ନର ବହରେର ମେ଱େରା ଏଣ୍ଟିଲି କରେ, ଆର ବାକିକୁଳି ନାରୀ ବତ—ବଡ଼ୋ ମେ଱େରା ବିନେର ପର ଥେକେ ଏଣ୍ଟିଲି କରନ୍ତେ ଆରାଜି କରେ । ଏହି ଶାନ୍ତୀୟ ବା ପୌରୀଣିକ ବତ ସେଣ୍ଟିଲି ହିନ୍ଦୁଧର୍ମେର ସଙ୍ଗେ ଏଦେଶେ ପ୍ରଚାର ଲାଭ କରିବାରେ, ଏବଂ ଦୁଇ ଥାକେ ବିଭିନ୍ନ ଏହି ମେ଱େଲି ବତ ସାର ଅହୁର୍ତ୍ତାନକୁଳି ଖୁଟିରେ ଦେଖିଲେ ପୁରାଣେର ପୁର୍ବେକାର ବଲେ ବୋଧ ହସ୍ତ ଏବଂ ଯାର ମଧ୍ୟେ ହିନ୍ଦୁ-ପୂର୍ବ ଏବଂ ହିନ୍ଦୁ ଏହି ଦୁଇ ଧର୍ମର ଏକଟା ଆଦାନପ୍ରଦାନେର ଇତିହାସ ପଡ଼ିତେ ପାରି, ଏହି ଦୁଇପ୍ରଥମ ଅତେର ଗଠନେର ଭିନ୍ନତା ବେଶ ସ୍ପଷ୍ଟ ଲକ୍ଷ କରା ଯାଏ । ଶାନ୍ତୀୟ ବତ, ନାରୀ ବତ ଏବଂ କୁମାରୀ ବତ—ବର୍ତ୍ତକେ ଏହି ତିନି ଭାଗେ ରେଖେ ପ୍ରତ୍ୟେକଟିର ଗଠନ କେମନ ଦେଖା ଯାକ । କିଛି କାହନୀ କିମ୍ବା ଯେ ଅହୁର୍ତ୍ତାନ ସମାଜେ ଚଲେ ତାକେହି ବଲି ବତ ।

ଶାନ୍ତୀୟ ବତ

ପ୍ରଥମେ ସାମାଜିକାଙ୍ଗ—ଯେମନ ଆଚମନ, ସ୍ଵତ୍ତିବାଚନ, କର୍ମାରାଜ, ସଂକଳନ, ଦୟଟ-ଶାପନ, ପଞ୍ଚଗୋବ୍ୟଶୋଧନ, ଶାନ୍ତିମନ୍ତ୍ର, ସାମାଜାର୍ଯ୍ୟ, ଆସନଭକ୍ତି, ଭୂତଭକ୍ତି, ମାତୃକା-ଶାସାଦି ଏବଂ ବିଶେଷାର୍ଥସାହାପନ । ଏର ପରେ ଭୁଜିକ୍-ଟ୍ୱେଂସର୍ ଏବଂ ଭ୍ରାନ୍ତଙ୍କେ ଦାନ-ଦକ୍ଷିଣା ଦିର୍ଘେ କଥା-ଶ୍ରବଣ ବା ମୋଚନାର୍ଥେ କଳାଙ୍କତି, ଅତେ ଯାତେ କୁଟି ଅନ୍ତାର ସେଜିନ୍ ଅତେକଥା ଶୋନା । ସାମାଜିକାଙ୍ଗ ଏବଂ ବର୍ତ୍ତକଥା ଏହି ଦୁଇ ହଲ ପୌରୀଣିକ ଅତେର ଉପଦାନ ।

ନାରୀ ବତ

ଶାନ୍ତୀୟ ଅତେର ଅନେକଥାନି ଏବଂ ବୀଟି ମେ଱େଲି ଅତେରଙ୍କ କର୍ତ୍ତକଟା ମିଲିରେ ଏଣ୍ଟିଲି । ଏଣ୍ଟିଲି ଶାନ୍ତୀୟ ଏବଂ ଅଶାନ୍ତୀୟ ଦୁଇ ଅହୁର୍ତ୍ତାନେର ଯୁଗଲମୂର୍ତ୍ତି ବଲା ଯେତେ ପାରେ । ବୈଦିକ ଅହୁର୍ତ୍ତାନେର ଗଭୀରତା ଓ ସଜୀବତା ଅନେକଥାନି ଚଲେ ଗିରେ ଏବଂ

লোকিক ব্রতের সরলতাও প্রায় নষ্ট হয়ে পূজারি ব্রাহ্মণ এবং সামাজিকাণের জটিল অঙ্গুষ্ঠান শাসমুদ্রা তন্ত্রমন্ত্রই এখানে প্রাধান্ত পেয়েছে।

কুমারী ব্রত

এই ব্রতগুলিই অনেকখানি খাঁটি অবস্থায় পাওয়া যায়। এদের গঠন এইরূপ—আহরণ, যেমন ব্রত করতে যা যা লাগবে তা সংগ্রহ করা; আচরণ, যেমন কামনার প্রতিচ্ছবি, আলপনা দেওয়া, পুরুরকাটা ইত্যাদি এবং কামনা জানিয়ে কামনার প্রতিচ্ছবি বা প্রতিক্রিতিতে ফুল ধরা, শেষে যদি কোনো অঙ্গকথা থাকে তো সেটা শোনা, নয়তো ফুল ধরেই শেষ কামনা জানিয়ে ব্রত সাক্ষ। পূজারি এবং তন্ত্রমন্ত্রের জায়গাই এখানে নেই।

বেশ বেৰা যায়, হিন্দুর্ধরের শুলভ সংস্করণ হিন্দুত্তমালাবিধান চিনির ডেলার আকারে যেন কুইনাইম পিল। লোকের মধ্যে হিন্দুর্ধরের জটিল অঙ্গুষ্ঠান এবং মানু দেবদেবীর মাহায় প্রচারের উদ্দেশ্যে তন্ত্র ও পুরাণকে ব্রতের ইচ্ছা দিয়ে রচনা করা হয়েছে। খাঁটি পুরাণগুলির ইতিহাস হিসাবে একটা দাম আছে। কিন্ত, এই শাস্ত্রীয় ব্রতগুলি না পুরাতন আচার-ব্যবহারের চৰ্তাৱ বেলায় না লোকসাহিত্য বা লোকিক ধর্মচরণের অনুসন্ধানের সময় কাজে লাগে। লোকের সঙ্গে এই ব্রতগুলির খুব কম যোগ, লোকের চেষ্টা লোকের চিন্তার ছাপ এই শাস্ত্রীয় ব্রতগুলি মোটেই নয়। ইচ্ছা এদের ব্রতের মতো হলেও জোড়াভাড়া দেওয়া কৃতিম পদার্থে যে অড়তা সেটা শাস্ত্রীয় ব্রতগুলির সমস্তটাৰ মধ্যে লক্ষ করা যায়। যচ্ছ: এবং সামৰণেদেৱ অনেক মন্ত্র ও অঙ্গুষ্ঠান এই ব্রতগুলিতে থাকলেও বৈদিক জিহ্বার সঙ্গে এগুলিৰ কলেৱ পুতুলে আৱ জীবন্ত শাহুবেৱ মতো প্ৰভেদ, শুধু ভাই নন্দ, যে লোকিক ব্রতেৱ ছান্ববেশে এগুলিকে সাজানো হয়েছে সেই খাঁটি বেয়েলি ব্রতগুলিৰ সঙ্গেও এদেৱ ওই একই ৰকম প্ৰভেদ। খাঁটি বেয়েলি ব্রতগুলিতে, তাৱ ছড়ায় এবং আলপনায় একটা জাতিৰ মনেৱ, তাদেৱ চিন্তাৱ, তাদেৱ চেষ্টাৱ ছাপ পাই। বেদেৱ শুক্রগুলিতেও সমগ্ৰ আৰ্যজাতিৰ একটা চিন্তা, তাৱ উন্নম-উৎসাহ

ফুটে উঠেছে দেখি। এ দুরেরই মধ্যে লোকের আশা আশঙ্কা চেষ্টা ও কামনা আপনাকে ব্যক্ত করেছে এবং দুরের মধ্যে এই জগ্নি বেশ একটা মিল দেখা যাচ্ছে। নদী সূর্য এমনি অনেক বৈদিক দেবতা, যেমেলি অতেও দেখি এন্দেরই উদ্দেশ্যে ছড়া বলা হচ্ছে। বৈদিক যুগে খুবিরা উষাকে এবং সূর্যের উদয়কে আবাহন করছেন :

উষাদেবতা। অঙ্গরাপত্র কৃৎস ধৰি ॥

সূর্যের মাতা শুভর্ণা দীপ্তিমতী উষা আসিয়াছেন ।

সূর্যদেবতা। কথপূর্ত প্রস্থ ধৰি ॥

তাঁহার অশুগণ তাঁহাকে সমস্ত জগতের উর্ধ্বে বহন করিতেছে।

আবার নদীসকলকে উদ্দেশ ক'রে : কোনো কোনো জল একত্রে মিলিত হয়, অন্ত জল তাহাদের সহিত মিলিত হইয়া সমুদ্রের বাড়বানলকে শ্রীত করে।

এর পরে যেগুলি শান্তীয় ব্রত বলে মেয়েদের মধ্যে চলেছে তার একটি সূর্যস্তব —

নমঃ নমঃ দিবাকর ভক্তির কারণ,

ভক্তিরপে নাও প্রভু জগৎকারণ ।

ভক্তিরপে প্রণাম করিলে তুম্হা পায়,

মনোবাহ্ণি সিদ্ধ করেন প্রভু দেবরায় ॥

বৈদিক সূর্য আর শান্তীয় অতের সূর্য, দুয়ে তক্ষাত যে কতটা তা দেখতে পাচ্ছি। এইবার ধাঁটি যেমেলি অতের ছড়াতে সূর্যকে উষাকে এবং নদনদীকে কীভাবে লোকে বর্ণন করছে দেখি ।

নদী থেকে অল তোলবার মন্ত্র বা ছড়া

এ নদী সে নদী একথানে মুখ,

ভাইলি-ঠাকুরানি ঘুঁচাবেন হৃথ ।

এ নদী সে নদী একথানে মুখ,

দিবেন ভাইলি তিনহূলে সুখ ॥

বাংলার অত

সমুদ্রে ঝুল-ধরবার ঘন্টা বা ছড়া
সাত সমুদ্রে বাতাস খেলে,
কোনু সমুদ্রে চেউ তুলে ?

সকালের কুয়াশা ভাঙার ঘন্টা
কুয়া ভাঙ্গু, কুয়া ভাঙ্গু বেথলার আগে—
সঙ্কল কুআ গেল ওই বরই গাছটির আগে।

উথা ও শৰ্দোচরের ছড়া
উফ উফ দেখা যায় বড়ো বড়ো বাড়ি,
ওই যে দেখা যায় শৰ্দের মার বাড়ি !
শৰ্দের মা লো ! কৌ কর ছুয়ারে বসিয়া !
তোমার শৰ্দ আসতেছেন জোড় ষোড়ায় চাপিয়া !

কিন্তু তাই বলে পুরাণ ভেড়ে যেমন শাস্ত্রীয় অত তেমনি বেদ ভেড়ে এই
মেঝেলি অতঙ্গলির স্টিং হয়েছে, এ কথা একেবারেই বলা যায় না। কেননা
সমস্ত প্রাচীন জাতির ইতিহাসেই দেখা যায় আদিম মানুষের মধ্যে বায়ু শৰ্দ
চন্দ এঁরা উপাসিত হচ্ছেন—ভারতবর্ষে, ইজিপ্টে, মেঞ্জিকোতে। স্বতরাং
বাংলার অতের ছড়াঙলি বাঙালির ঘরের জিনিস বলে ধরা যেতে পারে; এটা
আরো পরিষ্কার হয়ে উঠবে অতঙ্গলির সম্পূর্ণ চেহারাটি আমরা ধখন দেখব।
এক দিকে ভারতে প্রবাসী আর্যদের অঙ্গুষ্ঠান, আর-এক দিকে ভারতের
নিবাসীদের অত, এক দল তপোবনের ছায়ায় আশ্রয় নিয়েছেন, আর-এক দল
নদীমাত্রক পঞ্জীগ্রামের নিভৃত নীড়ে বসতি করছেন। এই প্রবাসী এবং
নিবাসী দুই দলের মধ্যে রয়েছে হিন্দুজাতি, যারা বেদের দেবতাদের দেখছে
বিমাট সব মূর্তিতে এবং তারই বিমাট অঙ্গুষ্ঠানের ভার চাপাতে চাষ্টে আদিম
যারা তাদের মনের উপরে, কর্মের উপরে—তাদের সমস্ত চেষ্টা ও চিন্তার
স্থাবীনতা ও স্ফূর্তি সবলে নিষ্পেষিত করে দিয়ে। বেদ, পুরাণ ও পুরাণের
চেষ্টেও যা পুরোনো এই-সব লোকিক অত-অঙ্গুষ্ঠান, এদের ইতিহাস এইটোই

প্রশ়াগ করছে—হই দিকে হট্টো বড়ো জাতির প্রাণের কথা, যাবে একটি দল-বিশেষের স্বপ্ন !

আর্য এবং আর্য-পূর্ব দ্রুজনেরই সম্পর্ক যে-পৃথিবীতে তারা জন্মেছে তাকেই নিয়ে, এবং দ্রুজনেরই কামনা এই পৃথিবীতেই অনেকটা বদ্ধ ধন ধান সৌভাগ্য স্থান্ত দীর্ঘজীবন এবন সব পার্থিব জিনিস ; দ্রুজনে অত করছে যা কামনা ক'রে সেটা দেখলে এটা স্পষ্টই বোঝা যাবে, কেবল পুরুষের চাওয়া আর মেঝেদের চাওয়া, বৈদিক অর্হুষান পুরুষদের আর অত-অর্হুষান মেঝেদের, এই যা প্রত্যেকে । ঋষিরা চাচ্ছেন—ইন্দ্র আমাদের সহায় হোন, তিনি আমাদের বিজয় দিন, শক্তিরা দূরে পলায়ন করুক ইত্যাদি ; আর বাঙালির মেঝেরা চাইছে—‘রণে রণে এয়ো হব, জনে জনে স্বয়ো হব, আকালে লক্ষ্মী হব, সময়ে পুত্রবতী হব ।’ এর সঙ্গে পৃথিবী-অতের শাস্ত্রীয় প্রণাম-মন্ত্রটি দেখি—

বস্ত্রমাতা দেবী গো ! করি নমস্কার ।

পৃথিবীতে জন্ম যেন না হয় আমার ।

এই যে পৃথিবীর শা-কিছু তার উপরে ঘোর বিত্তস্থা এবং ‘গোক’লে গোকুলে বাস, গোকুর মুখে দিয়ে বাস, আমার যেন হয় সর্গে বাস’ এই অস্ত্রাভিক প্রার্থনা ও স্বপ্ন, এটা বেদেরও নয় অতেরও নয় । বৈদিক স্তুতিগুলি আর অতের ছড়াগুলিকে আমাদের রূপকথার বিহঙ্গ বিহঙ্গমা দ্রুটির সঙ্গে তুলনা করা যেতে পারে । দ্রুজনেই পৃথিবীর, কিন্তু বেদস্তুতগুলি ছাড়া ও স্বাধীন, বনের সবুজের উপরে নীল আকাশের গান, উদার পৃথিবীর গান ; আর অতের ছড়াগুলি যেন নীড়ের ধারে বসে ঘন-সবুজের আড়ালে পক্ষীমাতার মধ্যে কাকলি—কিন্তু হই গানই পৃথিবীর স্বরে বাধা ।

ধাঁচি অতের অহুষানের প্রক্রিয়া এবং শাস্ত্রীয় অত-অহুষানের প্রক্রিয়া, দুয়ের মূলত যে ভিন্নতা রয়েছে সেইটে পরিকার ধরবার চেষ্টা করলে দেখব যে, শাস্ত্রীয় অতে প্রায় সকলগুলিতে, ষে-কামনা করেই অত হোক-না, কামনা চরিতার্থ করবার উপায় বা অহুষান বা ক্রিয়া অনেকটা একই, যেমন—আমলকীয়াদলী অত, প্রথম স্বত্ত্বাচনপূর্বক “ও স্বর্যসোঃ” ইত্যাদি মন্ত্র পাঠ

করিয়া সংকল্প করিবে—ও আগেতানি মাদে যাসি শুক্লে পক্ষে দ্বাদশাস্তিখৈ অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী (বা শূদ্র হ'লে দাসী) পুত্রপৌত্রাভনবচ্ছিন্ন সন্তি-ধনধান্তসৌভাগ্যাদি প্রাপ্যন্তে বিষ্ণুলোকগমনকামা অঘারভ্য একবর্ষ পর্যন্তঃ প্রতিয়াসীয় শুল্লব্দাদশাং গণপত্যাদি দেবতাপূজাপূর্বকং বা সলস্থীকবিষ্ণুপূজা-মলকীযুক্তভোজ্যদানপূর্বকং ব্রহ্মপুরাণোক্ত বিধিনামলকীদ্বাদশীব্রতমহং করিয়ে—পরে সামাজার্য আসনশুক্লি ভূতশুক্লি ইত্যাদি সামাজিকাণের পূরো অহুষ্টান করে ব্রতকথা শ্রবণ—মোটামুটি সব ব্রতেরই এই প্রক্রিয়া। পুত্রপৌত্র কামনা, তারও চরিতার্থতার যে মন্ত্র, যে ক্রিয়া, অঙ্গ-কিছু কামনা করেও সেই-সব ক্রিয়া; কেবল কোনোটা ব্রহ্মপুরাণের মতে একটু-আধটু এদিক-ওদিক ক'রে। সব কামনার এক ক্রিয়া, সব রোগের এক শুধু বা সব সিদ্ধুকের একই চাবি !

মেঝেলি ব্রত বা খাঁটি ব্রত তা নয়। সেখানে কামনা যত-রকম তার চরিতার্থতার প্রক্রিয়াও তত-রকম। বৈশাখে পুরুরে জল না শুকোয়, গরমে গাছ না মরে, এই কামনা করে পূর্ণপুরুর; সেখানে ক্রিয়া হচ্ছে পুরুর কাটা, তার মধ্যে বেলের ডাল পোতা, পুরুরে জল ঢেলে পূর্ণ করা, তার পর বেলের ডালে ফুলের মালা ও পুরুরের চারি ধারে ফুল সাজানো এবং ছড়া বলে বেলের ডালে ফুল ধরা—

পূর্ণপুরুর পূজ্যমালা
কে পুজে রে দুপুরবেলা ?
আমি সতী লীলাবতী
ভাইয়ের বোন পুত্রবতী,
হয়ে পুত্র মরবে না
পৃথিবীতে ধরবে না। ইত্যাদি ।

আবার যথম বৃষ্টির কামনা ক'রে বহুধারা ব্রত তথন আলগনায় আট তারা আঁকতে হচ্ছে, একটি মাটির ঘটে ফুটো ক'রে বৃষ্টির অমুকরণে গাছের মাথায় জল ঢালা হচ্ছে : এমনি নানা অহুষ্টানের মধ্যে দিয়ে মাহুষ কামনা আনাচ্ছে—

গঙ্গা গঙ্গা ইন্দু চন্দ্ৰ বৰুণ বাস্তুকি

তিনি কুল ভৱে দাও ধনে জনে স্থৰ্থী।

হিন্দুধর্মের প্রাচুর্যাবের সঙ্গে লোকিক ব্রতের চেহারা এমন অদলবদল হয়ে গিয়েছে যে, এখন যে ব্রতগুলি খাঁটি অবস্থায় পাওয়া যাচ্ছে তা অতি অল্প, এবং হৃচারটি ছাড়া সেগুলিও খণ্ড অসম্পূর্ণ অবস্থায় আমরা পাই। বাংলার ব্রতগুলি কতক-কতক সংগ্রহ হতে আরম্ভ হয়েছে, সবগুলি সম্পূর্ণ আকারে এখনও সংগ্রহ ও প্রকাশ হবার অনেক দেরি, এবং অসংগুরের জীবনযাত্রার বদলের সঙ্গে সঙ্গে এই-সব ব্রত করবার এবং ব্রতগুলির অরুষ্টান ঠিকঠাক মনে রাখবার চেষ্টাও জন্মে চলে গিয়েছে। এ অবস্থায় যা হচ্ছে তাতে খাঁটি নকল সম্পূর্ণ অসম্পূর্ণ সবই আমরা গ্রহণ করতে চলেছি। ব্রতের আলপনার মধ্যে আমরা দেখতে পাই খাঁটি নকশার মধ্যে মেকিও চলেছে। তেমনি ছড়াগুলির মধ্যেও হয়তো যেখানকার যা সেগুলো উলটে কোথাও একছত্র নতুন, কোথাও এক ব্রতের ছড়া অন্ত ব্রতে— এমনি সব কাঙ। এ ছাড়া নানা প্রামের নানা অরুষ্টান, একই ব্রত এখানে এক-রকম ওখানে অন্য। এমনি সব নানা জঙ্গালের মধ্যে থেকে খাঁটি ব্রতের চেহারাটির একটা আদর্শ বার ক'রে আনতে হলে শুধু এদেশের ব্রতগুলিকে নিয়ে নাড়াচাড়া করে ফল হবে না, পৃথিবীতে সমস্ত আদিম জাতির মধ্যে ব্রত-অরুষ্টান কীভাবে চলেছে তার ইতিহাসগুলিও দেখা চাই।

ব্রত হচ্ছে মানুষের সাধারণ সম্পত্তি, কোনো ধর্মবিশেষের কিংবা বিশেষ দলের মধ্যে সেটা বন্ধ নয়, এটা বেশ বোঝা যাচ্ছে। এটাও বেশ বলা যায় যে, ঋতুপরিবর্তনের সঙ্গে মানুষের যে দশাবিপর্যন্ত ঘটত সেইগুলোকে ঠেকাবার ইচ্ছা এবং চেষ্টা থেকেই ব্রতজ্ঞানার উৎপত্তি। বিচিত্র অরুষ্টানের মধ্যে দিয়ে মানুষে বিচিত্র কামনা সফল করতে চাচ্ছে, এই হল ব্রত, পুরাণের চেয়ে নিশ্চয়ই পুরোনো বেদের সমসাময়িক কিংবা তারাও পুর্বেকার মানুষদের অরুষ্টান।

ভারতবর্ষের বাইরে থেকে এসে ভারতবর্ষের মধ্যে আর্যেরা যাদের দেখা পেলেন, তাদের ডাকলেন তাঁরা ‘অন্তব্রত’ বলে। এটা ঠিক যে আর্যেরা

আসবার আগে এদেশে দলে দলে এই-সব ‘অন্তর্বত’—ছেলেমেঝে, যুবকযুবতী, বুড়োবুড়ি, দলপতি, গোষ্ঠীপতি, ঘোঞ্জা, কুবাণ— নিজেদের আচার-অঙ্গুষ্ঠান দেবতা-অপদেবতা কলাকৌশল ভৱ্যতরসা হাসিকাঙ্গা নিয়ে বাস করছিল। এবং এটাও ঠিক যে ভারতবর্ষের বাইরে থেকে থারা এলেন এবং এদেশের মধ্যে থারা ছিলেন সেই আর্য এবং না-আর্য বা ‘অন্তর্বত’দের মধ্যে সব দিক দিয়ে, এমন-কী, বিশ্বেতে এবং ভৌজেতেও আদানপ্রদান চলেছিল। পুরাণের দেবদেবীদের উৎপত্তির ইতিহাস এই আদানপ্রদানের ইতিহাস; ধর্মাঙ্গুষ্ঠানের দিক দিয়ে শান্তীয় অতঙ্গলির ইতিহাসও তাই, কেবল এই মেঝেলি অতঙ্গলির মধ্যে দিয়ে আমরা সেই-সব দিনের মধ্যে গিয়ে পড়ি যেখানে আমাদের পূর্বতন-পুরুষ অন্তর্বতরা তাঁদের ঘরের মধ্যে রয়েছেন দেখি। সব-উপরে হিন্দু-অঙ্গুষ্ঠানের অনেকটা গঙ্গামৃতিকা, গৈরিক-এমনি সব নানা মাটির একটা খুব মোটা রকমের ত্তুর; তার পর, বৈদিক আমলের মূল্যবান ধাতুত্তুর; তারও তলায় অন্তর্বতদের এই-সব ব্রত—একেবারে মাটির বুকের মধ্যেকার গোপন-ভাণ্ডারে।

এই-সব অতি পুরাতন ব্রত এখনও কেমন ক'রে বাঙালির ঘরে ঘরে করা হয়, এর উভয়ে বলা চলে আমাদের সদর অংশটা যতটা বদলে গেছে, আমাদের অসংগুরটা তার সঙ্গে সঙ্গে তো বদলে যায় নি। সেটা কাল, তার পূর্বে, এবং তার—তার—তারও পূর্বে যা আজও তা। অন্তত বেশির ভাগ মেঝেলি কাণ্ডই এইরূপ। সেখানে ঠাকুরমার সঙ্গে নাতনির এবং ঠাকুরমাতে ও তাঁর ঠাকুরমাতে খুব তফাত নেই। শিবের বিশ্বে যেভাবে হয়েছিল বার-অ্যাট-ল-র বিশ্বেও ঠিক সেইভাবেই এখনও ঘটছে। শুধু আমাদের দেশে নয়, ইউরোপেও এমনি রোমান ল-র মতো অনেক জিনিসই এখনও অটুটভাবে কাজ করছে দেখা যায়। কাজেই এই অতঙ্গলি মেঝেদের মধ্যে পুরুষাহুজ্ঞে এতকাল চলে আসা আশ্চর্য নয়। বাংলার এই অতঙ্গলি আমাদের মেঝেদের দিয়ে তখনকার অন্তর্বতচারিণীদের জীবন্ত বর্ণনা— কখনো আলগনাম শিল্পে, কখনো কবিতা মাটিক ও সাহিত্যকলার মধ্যে দিয়ে, কখনো বা ধর্মাঙ্গুষ্ঠানের দিক

দিয়ে। এই ছবির উপরে কালে কালে যে-সব নানামুনির আচড়, নানা দিক
থেকে নানা অঙ্গাল পড়েছে, সেগুলিকে আস্তে আস্তে না সরিয়ে দেখলে আমরা
কিছু যে দেখতে পাব তা তো বোধ হয় না।

মেঘের মধ্যে ব্রতগুলি এখন যেভাবে অনুষ্ঠিত হচ্ছে, তাকেই ব্রত
অনুষ্ঠানের আদর্শ বলে নিতে পারি কিনা প্রথমে সেটা দেখা থাক; এবং
সেটা যদি আদর্শ ব্রত না হয় তবে অতের আদর্শটা পৃথিবীর কোথাও খুঁজে
পাই কিনা দেখি। মাঝুষের এবং সব জীবেরই, বিচিৎ কামনা চরিতার্থ
হৰার পূর্বে বিচিৎ চেষ্টায় আপনাকে ব্যক্ত করে। তৃষ্ণা জাগল, জলপান
ক্রিয়াটি করলেম, তৃষ্ণার শাস্তি হল। কুধা বা ধারার কামনা জাগল, আহাৰ্য-
সংগ্ৰহ, রক্ষন-ব্যাপার, পরিবেশন ও ভোজন-ক্রিয়া করলেম, কুধার শাস্তি হল।
ধনের কামনা জাগল, কাজ করতে দেশবিদেশে চললেম—এইভাবে মাঝুষ
আজীবন কামনা ও তার চরিতার্থতাৰ নানা ক্রিয়া করে চলেছে। কী অনুষ্ঠান
করলে যে কী হবে তাৰ কতক মাঝুষ আপনা হতেই আবিক্ষাৰ কৰে, কতক
দেখে শিখে নেৱ কতক ঠিকে শিখে নেৱ—এমনি। জীবনেৱ কামনা যতক্ষণ
না মৱণে গিয়ে থামছে ততক্ষণ, ধৰতে গেলে, সমস্ত জীবজন্মতে মিলে
বিশ্বব্যাপী একটা ব্রত-অনুষ্ঠান কৰছে। জলেৱ কামনা কৰছি কিন্তু উচ্চে
গিৰে জলেৱ ঘটিটা না ধৰে, ঘৰে বসে জলথাবাৰ ভঙ্গিটা অনুষ্ঠান কৰছি।
কিংবা, জলেৱ কামনায় চলেছি উন্মনেৱ ধাৰে—এ হলে কামনা চরিতার্থ হল
না, কাঞ্জেই যে অনুষ্ঠান করলেম সেগুলো ভুল অনুষ্ঠান হল। অতে জলেৱ
কামনা জলৱৰ্পে এবং পানক্রিয়া হৰে কেটিটা চাই। এবং যখন এটা হল
তখনই কামনায় ক্রিয়া ঘোগ হৰে ঠিক ফলাটি পাওয়া গেল। মাঝুষেৱ এই সহজ
বিবেচনাৰ ছাঁচেই কতকটা তাদেৱ আদিকালেৱ ব্রতগুলি ঢালা হয়েছে
দেখা যাব।

একজন মাঝুষেৱ কামনা এবং তাৰ চরিতার্থতাৰ ক্রিয়া ব্রত-অনুষ্ঠান
বলে ধৰা যাব না যদিও অতেৱ যুলে কামনা এবং চরিতার্থতাৰ অস্ত
ক্রিয়া, কিন্তু ব্রত তখন, যখন দশে মিলে এক কাজ এক উদ্দেশ্যে কৰছে।

অতের মোটামুটি আদর্শ এই হল—একের কামনা দশের মধ্যে প্রবাহিত হয়ে একটা অহুষ্টান হয়ে উঠছে। একের সঙ্গে অন্ত দশজনে কেন যে মিলছে, কেন যে একের অনুকরণ দশে করছে, সেটা দেখবার বিষয় হলোও আমরা সে-সব জটিল প্রশ্নে এখন থাব না। একজনকে নিয়ে নাচ চলে কিন্তু নাটক চলে না, তেমনি একজনকে দিয়ে উপাস্ত দেবতার উপাসনা চলে কিন্তু ব্রত-অহুষ্টান চলে না। ব্রত ও উপাসনা হইই কিম্বা—কামনার চরিতার্থতার অন্ত ; কিন্তু একটি একের মধ্যে বন্ধ এবং উপাসনাই তার চরম, আর-একটি দশের মধ্যে পরিব্যাপ্ত— কামনার সফলতাই তার শেষ—এই তফাত। ব্রত যে কী ও ব্রত যে কেন তা এদেশের এবং অন্ত দেশের দুটি ব্রত পাশাপাশি রাখলেই আমাদের কাছে পরিষ্কার হয়ে উঠবে।

আমেরিকার ‘হাইচল’ জাতির মধ্যে বৃষ্টি কামনা করে একটি ব্রত : একটি মাটির চাকতি বা সরা ; তার একপিঠে আলপনা দিয়ে সূর্যের চারি দিকে গতি-বিধি বোঝাতে ক্ষের মতো একটা চিহ্ন ; সেই চিহ্নের মাঝে একটি গোল ফৌটা—মধ্যদিনের সূর্যকে বুঝিয়ে ; এরই চারি দিকে সরার কিনারায় সব পর্যতের চূড়া, এবং চূড়াঙ্গলির ধারে ধারে ধানখেতে বোঝাবার জগ্নে লাল ও হলুদের সব বিন্দু ; তারই ধারে বৃষ্টি বুঝিয়ে কক্ষকঙ্গলি বাকা বাকা টান। সরার অন্ত পিঠে লাল-বীল-হলদে রঙের বাণে-যেরা চক্রাকার সূর্যমূর্তির আলপনা লিখে পূজাবাড়িতে রেখে ব্রত করা। হয়তো এই আলপনা দিয়েই ব্রত শেষ, হয়তো বা ছড়াও কিছু বলা হয়।

আমাদের দেশের একটি ব্রত ‘ভাদ্রলি’। এটি বৃষ্টির পরে আম্বীয়সজনের বিদেশ থেকে, সমুদ্রযাত্রা থেকে, জলপথে স্থলপথে নিরাপদে ফিরে আসার কামনায়। ভাদ্রলির মূর্তি, জোড়াছত্র শাখায়, জোড়ানোকার লিখে, চারি দিকে নদী সমুদ্র কাটাবল নানা হিংস্র অস্ত নৌকো ইত্যাদি আলপনায় দিয়ে, এই ব্রত করা হয়। এক-একটি আলপনার চিত্রে ফুল ধ'রে, এবং সেই আলপনা যে কামনার প্রতিচ্ছবি একটির পর একটি ছড়ায় সেই কামনাটি উচ্চারণ ক'রে—যেমন নদীর আলপনায় ফুল ধ'রে বলা “নদী, নদী ! কোথায় যাও ? বাপ-

ভাষ্যের বার্তা দাও !”—এমনি প্রত্যেকবার ভিন্ন ভিন্ন আলগনাতে রক্ষ-
রকম ছড়া ব'লে ফুল ধ'রে ভাস্তুলিকে প্রণাম করে ভ্রত শেষ। যেমন এই অতে
তেমনি অস্ত অস্ত অতেও কখনো ফুল, কখনো সিঁহুরের কোটা, এমনি নানা
জিনিস এক-একটি আলগনার উপরে রেখে ছড়া-কাটা ও শেষে অতকথা
শোনা হচ্ছে এদেশের ভ্রত করা। অতের ফুল ধরার আর পূজার ফুল দেবতার
চরণে দেওয়ার একটু তফাত রয়েছে। অতে ফুল ধরার অর্থ এ নয় যে
নদীকে কি বাব মোষ ইত্যাদির চিত্রযুক্তিকে ফুল দিয়ে উপাসনা; নদীর
কামনা শেষ, বনের কামনা শেষ, এইটে যনে রাখবার জগ্নেই ফুলটা—
কতকটা হিসেবের থাতায় লাল পেনসিলের দাগ, গণনা ঠিক রাখতে। যার
উপর ফুল পড়ল তিনি সাক্ষী রইলেন যে অতী তার কামনা জানিয়েছে; যেমন
বস্ত্রধারা অতের ছড়াটিতে স্পষ্ট বলা হয়—

অষ্টবস্তু অষ্টতারা তোমরা হলে সাক্ষী,
আট দিকে আট ফল আমরা রাখি ।
অষ্টবস্তু অষ্টতারা তোমরা হলে সাক্ষী,
আট দিকে আট ফুল আমরা রাখি ।

হুই দেশের ছাট অতের মধ্যে একই জিনিস কতকঙ্গলি রয়েছে। কিছু
কামনা করে ছটোই করা হচ্ছে। কামনার প্রতিচ্ছবি আলগনায়; যেমন
জলপথে নিরাপদে আসার কামনা নদীর আলগনায় ব্যক্ত হচ্ছে। তেমনি
কামনার প্রতিবন্ধিটি দিচ্ছে ছড়া; যেমন—“নদী নদী ! কোথার যাও ?
বাপভাষ্যের বার্তা দাও !” এই হল—জলবাত্রীর ধ্বনির যথন জলপথে ছাড়া
বিনা-তারের সাহায্যে আকাশ দিঘে আসবার সম্ভাবনা ছিল না। অতের
পর সকল অতীরা মিলে অতকথা শোনা। অতের এ অংশটার সঙ্গে কামনার
যোগাযোগ এবং অঙ্গুষ্ঠানেরও যোগাযোগ ততটা নেই। কেননা দেখি, কোনো
অতে কথা আছে, কোনো অতে নেই; এটা কতকটা ক্রিয়াকর্ম শেষ করে
গল্পজব করা—গ্রামের পাঁচজনে মিলে। অতে এই-সবই রয়েছে—কবিতা
চিত্র উপাখ্যান গঢ় পঢ় এবং মণ্ডলশিল। এর মধ্যে ছড়াঙ্গলি সব এক-রকম

নয় ; কোথাও দেখব সেঙ্গলি নাটকের মতো পাত্রগাত্রী এবং নানা দৃশ্য ও অঙ্ক -ভেদে সাজানো । যদিও খুব ছোটো কিন্তু এই-সব ছড়াকে অভিনব করার উদ্দেশ্যেই যে গাঁথা হয়েছে, সেটা বেশ বোৰা যায় । অতঙ্গলিকে সম্পূর্ণ আকারে যথন দেখব তখন পরিষ্কার বোৰা যাবে সেটা নাটক কি ছড়া । অতের মধ্যে পুরাকালের ধর্মাহংষানের সঙ্গে চিত্রকলা নাট্যকলা মৃত্যুকলা গীতকলা উপজ্ঞাস উপাধ্যান পর্যন্ত পাওচি । কাজেই অতঙ্গলি আমাদের কাছে তুচ্ছ জিনিস নয় এবং শিল্প ও আৱ-আৱ সভ্যতার লক্ষণ থাদের মধ্যে পাওয়া শক্ত এমন কোনো বৰ্বৰ জাতিৰ অঙ্গবিধাসেৱ নিৰ্দৰ্শন বলেও এঙ্গলিকে ধৰব না ।

আৰ্দেৱা থাদেৱ অস্ত্রত অকৰ্মা দস্ত্য দাস ইত্যাদি বলেছেন, এই-সব অতে এবং ভাৱতবৰ্দেৱ শিল্পকলাৰ ইতিহাসেৱ মধ্যে দিঘে সেই-সব অস্ত্রতদেৱ সমষ্কে অস্ত্ৰ-ৱকম সাক্ষ্য আমৱা পাওচি । যেমন বাঞ্ছিবিদ্যা, ময়শাস্ত্ৰ, এবং মহ ছিলেন দানব । আৰ্দেৱা যখন ইন্দ্ৰকে হোম কৰে যুদ্ধ-বিজয়কামনা কৰছেন, ততক্ষণ অস্ত্রতদা তাদেৱ পুৰীসকল অস্ত্রশংস্ক, পারাগপ্রাচীৰে স্মৃত কৰে তুলছে—ইন্দ্ৰকে খুশি কৰতে বসে না থেকে । এবং সে সময় তাদেৱ মেঘেৱা যে কী অত কৰছে তাৱও কতকটা আভাস ‘ৱণে এয়ো’ অতেৱ এই ছড়াটি থেকে আমৱা পাওচি : ৱণে ৱণে এয়ো ৱব, জনে জনে স্থৱো হব, আকালে লক্ষ্মী হব, সময়ে পুত্ৰবতী হব । এ কামনা থাদেৱ মেঘেৱা কৰতে পাৱে তাৱা অস্ত্রত হলেও আৰ্দেৱ চেয়েও যে সভ্যতায় নীচে ছিল তা তো বলা যায় না । ৱণচণ্ডীৰ যে মৃত্তিখানি এই ছড়াৰ মধ্য দিয়ে আমৱা দেখতে পাই, মেঘেদেৱ হনুমেৱ যে একটি সংযত স্বশোভন আদৰ্শ আমাদেৱ কাছে উপস্থিত হৰ, তাতে কৰে তাঁদেৱ অস্ত্রত ছাড়া অকৰ্মা অমন্ত এ-সব উপাধি দেওয়া চলে না ।

ধর্মাহংষানেৱ দিক দিয়েও আৰ্যাজাতি এই-সব অস্ত্রজাতিৰ চেয়েও বেশ দূৰ অগ্ৰসৱ হল নি । জগৎ-সংসাৱেৱ এক নিষ্পত্তাকে শীকাৰ বৈদিক আৰ্যদেৱও মধ্যে অনেক দেৱতিতে ঘটেছে । তাৱ পূৰ্বে জলেৱ এক দেৱতা, আঙুনেৱ

দেবতা, বৃষ্টির দেবতা, এয়ন-কী মণ্ডুক পর্যন্ত। অগ্নিতদের মধ্যেও এই-সব দেবতা পৃথিবীর নানা স্থানে উপাসিত হচ্ছেন—কেবল ভিন্ন ভিন্ন নামে দেখি। যেমন বেদের ‘সূর্য’ ইজিষ্টে ‘রা’ অথবা ‘রাজা’, মেঞ্চিকোতে ‘রায়মী’, বাংলার ‘রায়’ বা ‘রাঙ্গ’। বেদের অনেক দেবতাকেই আমরা অগ্নিতদের মধ্যে খুঁজে পাব। নানা ঝুঁতুর মধ্যে দিয়ে নানা সব ঘটনা মাঝুষের চিন্তাকে আকর্ষণ করেছে এবং এই-সকল ঘটনার মূলে দেবতা অপদেবতা নানারকম কল্পনা করে নিয়ে তারা শস্ত্রকামনায়, সৌভাগ্যকামনায়—এমনি নানা কামনা চরিতার্থ করবার জন্য ব্রত করছে কী আর্য কী অগ্নিত সব দলেই, এইটেই হল ব্রতের উৎপত্তির ইতিহাস।

শান্তীয় ব্রতগুলির মধ্যে ভারতবর্ষের ব্রত-অঙ্গুষ্ঠানের, আর-এক পরিচ্ছেদ আমরা পড়তে পাই। লোকে আর্যধর্মের চরম এক-নিম্নতার নিকাম উপাসনায় পৌঁছে হিন্দুধর্মের নানা দেবদেবী আবার স্থিত করতে আরম্ভ করেছে, সেই প্রাচীন অবস্থায়, সেই অগ্নিতদের সমান অবস্থায় আর-বার ফিরে যাচ্ছে মনের গতি। কেবল এইটুকু তফাত যে, এখানে অগ্নিতদের দেবতাকে এবং সেই সেই দেবতার ব্রত-অঙ্গুষ্ঠানকে আর্যদের মতো সম্পূর্ণ উপেক্ষা না করে তাদের সম্পূর্ণ ক্লপাস্ত্র ঘটাবার চেষ্টা চলেছে। হিন্দুধর্মের এই উদারতার পিছনে রয়েছে সম্পূর্ণ অনুদান ভাবটি—সবাই নিজের নিজের ধর্মাচরণ করতে থাকে এটা নয়, সবাই আস্তুক এক হিন্দুধর্মের মধ্যে ব্রাহ্মণ-পুরোহিতদের কবলে; এবং এরই জন্য শান্তের ছাঁচ সবটার উপরে বেড়াজালের মতো দেওয়া হচ্ছে। শান্ত এবং শান্তকারেরাই এর সাক্ষ্য দিচ্ছেন; যেমন ব্যাসদেব বলছেন—“দেশানুশিষ্টং কুলধর্মং গং, সগোত্রধর্মং নহি সংত্যোজেত।” অর্থাৎ, ধর্মান্ত্র অবিরোধী; যে দেশব্যবহার সেইটেই প্রথম পালনীয়, কিন্তু সগোত্র ধর্মও পরিত্যাগ করা উচিত নয়। আর্ত রঘুনন্দন শুক্রিতব্রে জ্বালোকদের হিন্দু-অঙ্গুষ্ঠের কার্যে অর্থাৎ যে যে কার্য তারা ধর্মবোধে করে আসছে অথচ মুনিপ্রণীত কোনো বচন-প্রমাণে ষে-সকল ব্যবহার ও ক্রিয়ার উল্লেখ পাওয়া যাব না তা “যৌষিদ্যবহারসিদ্ধা” বলে ধরেছেন।

পশ্চিম-দেশে হোলির উৎসব একটি অতি প্রাচীন অঙ্গুষ্ঠান। এই হোলি-উৎসব বা বসন্তের অতকে শান্ত্রিসিদ্ধ বলে ধরার জন্যে শীমাংসা-দর্শনে হোলিকাধিকরণ বলে একটা অধ্যায় লিখতে হয়েছে। এবং এই অধ্যায়ে ষে-সমস্ত হিন্দুর ধর্মকর্মের বা ব্যবহারের বেদাদিশাস্ত্রপ্রমাণ পাওয়া যায় না, সে-সমস্তই হোলিকাধিকরণগঠায়-যুলক-সিদ্ধ বলা হয়েছে। এটিকে হিন্দুশান্ত্রিকার মেনে নিলেন এবং এর সঙ্গে সমস্ত লৌকিক অতকে হিন্দুর বলে আৰুকাৰ কৱেও নিলেন দেখছি; কিন্তু শুধু এইখানে শান্ত্রিকারদের কৰ্ম শেষ হল না, পুরনো বা অশান্তীয় অতঙ্গলোর ক্রপাস্ত্র কৱে শান্তীয় বলে চালাবার চেষ্টাও হয়েছে দেখি। আবার নতুন নতুন ব্রত, নিজেদের মনগড়া, তাৰ স্থষ্টি হচ্ছে দেখা যায়। যেমন অক্ষয়তৃতীয়া, অদোরচতুর্দশী, ভূতচতুর্দশী, হৃসিংহচতুর্দশী, এমনি কতকগুলি অত তিথিমাহায্য প্রচারের জন্য। জ্ঞানত বা অজ্ঞানত বিশেষ তিথিতে যদি কোনো পুণ্যকার্য করা যায় তবে তাৰ ধাৰা মাহুষের পুণ্য অর্জন এবং সৌভাগ্য ঘটে—এই হল অতঙ্গলির মোট কথা। আৱ কতকগুলি অত হিন্দুদের দেবদেবীৰ মাহায্যপ্রচারের জন্য। যেমন অনন্তব্রত ইত্যাদি। কতকগুলি গ্রাম্যদেবতার অত—পুত্ৰকামনা, সৰ্পভূনিবারণ, এমনি সব কামনা ক'রে; এগুলি মেয়েরাই কৱে। যেমন অৱণ্যষষ্ঠী, নাগপঞ্চমী, নিত্যষষ্ঠী, স্বচনী, শীতলাৱ, বুড়োঠাকুলণ, ষেঁটু, কুলাই, মূলাই ইত্যাদি।

এই-সব গ্রাম্যদেবতার প্রতিপন্থীয়কৃপ কতকগুলি শান্তীয় দেবতা এবং তাঁদের অত রয়েছে; যেমন কাতিকের অত। ষষ্ঠীদেবী পুত্ৰান্বান কৱেন, কাতিকও তাই। তাৱ পৱ কতকগুলি আক্ষণদেৱ মনগড়া অত—যেমন দধিসংকৃতি, কলাছড়া, শুষ্ঠুধন, ঘৃতসংকৃতি, দাঢ়িহসংকৃতি, ধন-গোছানো এগুলি কেবল নৈবেদ্য ও দক্ষিণার লোভ থেকে পূজারিঙ্গা স্থষ্টি কৱেছে। কলাছড়ায় আক্ষণকে কলা দান, সন্দেশের ভিতৰ পৰস্পা দিয়ে শুষ্ঠুধন, ঘৃত দাঢ়িয় এই-সব জিনিস বিশেষ-বিশেষ তিথিতে আক্ষণকে দিলে তালো হয়—এই অতঙ্গলির যুলকথাটা এ ছাড়া আৱ-কিছুই নন। তাৱ পৱ কতকগুলি অত

সম্পূর্ণ মেঘেদের স্ফটি; যেখন আদরসিংহাসন—স্বামীর আদর কামনা করে একটি স্বামীসোহাগিনীকে সাজিয়ে-শুভিয়ে আদর-আপ্যায়নে খুশি করা—এবং আরও অনেক অশান্তীর ব্রত, খৃতুর উৎসব, এর মধ্যে আসছে। এই বেঙ্গলি সম্পূর্ণ মেঘেদের ব্রত, ইইগুলিই হল লৌকিক বা লোকপরম্পরার পুরাকাল থেকে দেশে চলে আসছে। এর মধ্যে শান্ত এবং আচ্ছণ হয়েরই জাহাগ নেই। যদিও এই-সব ব্রত অনেক শান্তের মধ্যে ক্রপাঞ্চলিত করে নেওয়া হয়েছে তবু এখনও অনেকগুলি ঠাটি অবস্থায় পাওয়া যাব। বাঙ্গলের লৌকিক ব্রজের স্থান কেমন করে দখল করতে চাচ্ছে নতুন নতুন ব্রত এবং নিজেদের শান্ত ও দেবদেবীকে এনে, সেটাকে খুঁটিয়ে দেখতে হলে আর-একটা প্রকাণ্ড ইতিহাস লিখতে হয়; স্বতরাং ত্র-একটি দৃষ্টান্ত দিয়ে সেটা বোঝাব।

আদরসিংহাসন ব্রত, এটি সম্পূর্ণ মেঘেলি ব্রত; মহাবিষ্ণুর সংক্রান্তিতে এক স্বামীসোহাগিনী সধবা দ্বাকে যত্পূর্বক নিজগৃহে ডাকিয়া আনিয়া পিঠালিয়া দ্বারা বিচ্ছিন্ন সিংহাসন রচনা করিয়া তাহাকে উপবেশন করাইবে, নাপিতাঙ্গনা দ্বারা হস্তপদের নথাদি ছেদন করাইয়া অলঙ্করণে চরণস্থল রঞ্জিত করাইয়া দিবে এবং তৈল হরিদ্রা ও কবরীবজ্রনকরণ সীমন্তদেশ সিন্ধুরাগে রঞ্জিত করিবে এবং পুষ্পমালা প্রদানপূর্বক স্বগুরুব্রত্য গাত্রে লেপন করিবে, পরে মনোহর দ্রব্যজ্ঞাত সমাদরপূর্বক ভোজন করাইয়া বিদায় করিবে। এইক্ষণে সমস্ত বৈশাখ মাস প্রতিদিন এক এক জন অথবা একজনকেই আদর-অভ্যর্থনা ও অর্চনা, বর্ষ-চতুর্থয় পূর্ণ হইলে উদ্যাপন।—স্বামীর সোহাগ কামনা ক'রে এই মাহুষ-পুজা মেঘেদের মধ্যে খুব চলছে দেখে পূজারি আচ্ছণদের লোভ হল; অমনি তাঁরা এক ব্রত স্ফটি করলেন আচ্ছণদরঃ মহাবিষ্ণুর সংক্রান্তিতে আরম্ভ করিয়া সমস্ত বৈশাখ মাস প্রতিদিন এক এক অথবা একই আচ্ছণকে নানা উপকরণে ভোজন করাইয়া দক্ষিণা দিবে; চারি বৎসরে উদ্যাপন। এমনি যথুংক্রান্তি, মিষ্টসংক্রান্তি—নিজের কথা যিষ্ট হবে এবং শাশুড়ি-ননদের বাক্যস্তুণা সইতে হবে না এই কামনা করে মেঘেরা যেখনি নিজেদের মধ্যে ব্রত করেছে অমনি মধু আর শিষ্টাচ্ছের চারি দিকে আচ্ছণ-

মাছি আস্তে আস্তে এসেছে দেখি—‘আঙ্গণকে যজ্ঞোপবীতসহ ঢড়ুক দান
করে’ ব’লে।

তারপর গ্রাম্যদেবতার পুজোগুলি, যেমন মনসা, শীতলা, সত্যপির এগুলিকে
শাঙ্গীয় করে নিষে আঙ্গণের কিছু স্থবিধি করে নিলেন। মুসলমানের
পিরকে লোকে যেমনি পুজো দিতে আরম্ভ [করল] অমনি তাঁকে সত্য-
নারায়ণ ব’লে প্রচার ক’রে ব্রতটির উপর হিন্দুধর্ম দখল বসালেন। কিন্তু
বাংলায় সত্যনারায়ণের যে পাঁচালি তাঁতে পিরকে মুসলমানি পোশাকেই দেওয়া
হয়েছে। কথা পর্যন্ত উর্দ্ব, যেমন— জয় জয় সত্যপির সন্তান দস্তগির
ইত্যাদি। এই মুসলমান পিরের উপাসনা ও শিরনি ডট্টাচার্যদেরও ঘরে চলে
এসেছে ও চলছে, কিন্তু এরই মধ্যে বাংলায় আজকাল ভাটপাড়ার পঞ্জিতেরা
এই ব্রতে মুসলমানি অংশটাকে একেবারে চেপে দেবার চেষ্টায় রয়েছেন।
“অতমালাবিধান”এর ভূমিকায় ভাটপাড়ার শ্রীবীরেশ্বরার্থ শর্মা লিখছেন, “সত্য-
নারায়ণের বাংলা পাঁচালি বহু পুরোহিতের অসম্মত বলিয়া ইচ্ছাসহেও
তাহা সন্নিবেশিত করিলাম না।” পিরের শিরনি বা ভোগটা হচ্ছে স্বজি
বাতাসা, হিন্দুয়ানিতে বাধে না এমন-সব জিনিস; এবং পায়েসের দলে সেটা
প্রায় চলে গেছে। এখন, বাংলা পাঁচালি, যেটা থেকে মেঝেরা পর্যন্ত সহজে
বুঝতে পারে যে পির তিনি পিরই—বিষ্ণুও নন সত্যনারায়ণও নন, সেই
পাঁচালিটাকে লোপ করে দিতে পারলেই সত্যনারায়ণের হিন্দুত্ব নিষ্কটক
হয়ে যাবে।

আর-কতকগুলি ব্রত; যার নামটা রয়েছে পুরনো কিন্তু ভিতরের মাল-
মসলা সমস্তই নৃতন— যেভাবে পেটেট ঔষধের নবল হয়ে থাকে কতৃকটা
সেইরূপে কুকুটাব্রতটি নামে অহিন্দু এবং বাস্তবিকই ছোটনাগপুরের পার্বত্যজাতির
এ ব্রতটি; কুকুটা হলেন তাদের দেবী। এবং যেমন নানা অহিন্দু দেবতাকে,
তেমনি কুকুটা দেবীকেও এককালে লোকে পুজো দিতে আরম্ভ করেছিল।
মৃতবৎসা-দৌৰ্যনিবারণ এবং তেজস্বী বহু সন্তান-লাভ হচ্ছে কুকুটাব্রতের ফল।
আমাদের শাঙ্গ এটিকে যেমন করে গড়ে নিয়েছে তাঁতে অভক্ষণার সঙ্গে

অঙ্গুষ্ঠানের যোগ নেই এবং অঙ্গুষ্ঠানের যে সংকল্প তার সঙ্গে ব্রহ্মকথাৰ ষে কামনা তাৰও মিল নেই। সংস্কৃত অঙ্গুষ্ঠানপদ্ধতি অঙ্গুষ্ঠানে সংকল্প হল, যথা—আচেত্যাদি ভাজ্জে মাসি খুঁজে পক্ষে সপ্তম্যাণ্তিখাবৰভ্য ঘাবজ্জীবপৰ্যতম্ অমুকগোত্র। শ্রীগুরুকী দেবী পাষণগুৰুহিত্যপুত্রপৌত্রধনধাঙ্গাতুলসৰ্বসম্পত্তি-প্রাপ্তিপূৰ্বক শিবলোকপ্রাপ্তিকামা যথাশক্তি যথাজ্ঞানং ভবিষ্যপুরাণোজ্জুক্তুটি-অত্যহং কৱিয়ে। পাছে কুকুটীৰত কৱে অহিন্দুপুত্রসন্তান হয়, সেজন্ত আগেই সাবধান হওয়া হচ্ছে—‘পাষণগুৰুহিত্য পুত্র’ ঘেন হয়। তাৰ পৰ ‘শিবলোক-প্রাপ্তি’। সেখানে কুকুটের আদিগুৰুষ যে ময়মনের ছানা, তর্কেৰ বেলায় চাই কি তাকে হাজিৰ কৱা যেতে পাৰে। অঙ্গুষ্ঠানের যথো এই ভাবে আটধাট বৈধে পঞ্জিতেৱা ব্রহ্মকথাটিকে কাটাইছাটা কৱতে বসলেন। ব্রহ্মকথাগুলি হচ্ছে ব্রহ্মটিৰ উৎপত্তিৰ ইতিহাস। সেটাকে ঠিক রাখলে তো ধৰা পড়বাৰ সম্ভাবনা; এবং ব্রহ্মকথাটা চলতি ভাষায় বলা চাই, কাজেই ব্রতীৰ কামনা ও অত্তেৱ ফলাফল সেখানে ঠিকঠাক বজায় রাখা দৱকাৰ। শান্ত এই সমস্তান ষে ভাবে মীমাংসা কৱলেন তা এই: ফলটি পৰিকাৰ রাইল—মুভৰৎসা-দোষনিৰাগ হয়, দীৰ্ঘজীবী পুত্ৰ হয় এবং স্বথে কালাতিপাত ও অন্তে শিবলোক। এ কটা বেশ সহজে মিলিয়ে দিয়ে পঞ্জিত অত্তেৱ উৎপত্তি নিয়ে পড়লেন। রাজা নছেৰে রানী চন্দ্ৰমূৰ্তী এবং পুরোহিত-পঞ্জী মালিকা দেখলেন সৱ্যস্তটে উৰ্বণী, যেনকা এঁৰা হাতে আটটি সুতোৱ আটপাট-দেওৱা ডোৱা বৈধে শিবপুজো কৱছেন। রাণীৰ প্ৰে অপৰাসকল উজ্জৱ দিলেন, তাঁৰা কুকুটীৰত কৱছেন। রানী স্বচক্ষে দেখলেন শিবপুজো হচ্ছে কিন্তু শুনলেন যে সেটা কুকুটীৰত। গঞ্জেৱ বাধুনিতে যন্ত একটা ফাঁকি রঞ্জে গেল। তাৰ পৰে মালিকা আৱ চন্দ্ৰমূৰ্তী ব্রহ্ম অঙ্গুষ্ঠান-প্ৰণালী জেনে নিলেন। এখানে শান্তীৱ অঙ্গুষ্ঠানটাই দেওয়া হল। তাৰ পৰ অত্তেৱ নামটা কেন যে কুকুটীৰত হল তাৰ একটা মীমাংসা পঞ্জিতেৱা আৰিকাৰ কৱলেন—ৰানী চন্দ্ৰমূৰ্তী ব্রহ্ম কৱতে ভুললেন এবং মালিকা ভুললেন না। সেই ফলে চন্দ্ৰমূৰ্তীশুন্দৰী হলেন বানবী, এবং মালিকা হলেন কুকুটীৰতেৱ ফলে আতিথ্যা কুকুট।

তার পর অন্যে অন্যে মালিকা ব্রত করে স্থথে থাকেন, চন্দ্রমুখী দুঃখ পান ;
শেষে একদিন মালিকা দয়া করে চন্দ্রমুখীকে আবার ব্রত করতে শেখালেন।
কুকুটীজয়েও মালিকা ব্রত করেছিলেন, সেইজন্ত ব্রতের নাম হল কুকুটীব্রত।
ব্রতকথা ও অহস্ত্যনের ঘণ্টে ষে-সব ফাঁকি সেঙ্গলো ষে পশ্চিতেরা ধরতে
পারেন নি তা নয়। ফসকা-গেরোকে আরও গেরো দিয়ে তাঁরা করে
কুকুটীব্রতের সবটাকে ভবিষ্যপুরাণের সঙ্গে বাঁধলেন ; ব্রতকথা আরম্ভ হল—
শৈক্ষিক উরাচ—বার বার পুত্রশোকে দেবকী রোদন করছেন দেখে লোমশ মুনি
তাঁকে এই কুকুটীব্রতকথা বলে আশাস দিয়েছিলেন।

এ এক-রকমের প্রক্রিয়া, ষেখালেন ব্রতের নাম ছবছ বজায় রেখে তার
অহস্ত্যন ও উৎপন্নির ইতিহাস একেবারে বদলে ফেল। আর-এক রকমের
কারিগরি হচ্ছে নামটা পুরো নহতো আধাজাধি বদলে দেওয়া—অহস্ত্যন
অনেকটা বজায় রেখে। প্রাচীন দেবতা আর হিন্দুর দেবতায় একটা যিটুয়াটের
চেষ্টা এই রালছুর্গা ব্রতটি। হৃপার্বতী পাশা খেলছিলেন ; হঠাতে শিব পাশা
ফেলে বললেন, “কার জিঃ ?” দুর্গা বললেন, “কার জিঃ ?” বড়ুর ব্রাঞ্ছণ
ছিলেন পাশে, বলে উঠলেন, “মা’র জিঃ !” অমনি শিবের অভিসম্পাতে
আঙ্গের কুষ্টব্যাধি। দুর্গার দয়া হল। তিনি তাঁকে স্থৰ্য-অর্ধ্য দিয়ে রাল-
ছুর্গার ব্রত করতে শিখিয়ে দিলেন। এখানে স্থৰ্যও রাইলেন, দুর্গাও রাইলেন।
স্থৰ্যের প্রাচীন নাম রা’ বা রা’ল, বোঝালে এটি স্থৰ্যপুজা ; কিন্তু “রালছুর্গা”
বললে এটি দুর্গার ব্রত। এইভাবে ‘অথ ব্রতোৎপন্নি’ বিবরণ লেখা হল দুই
দেবতারই মান বজায় রেখে, ষেমন—

নমঃ নমঃ সদাশিবি তুম প্রাণেশ্বর !

ভক্তিবাহনে প্রভু দেব দিবাকর !

হৃগোরীর চরণে করিয়া নমস্কার !

যাহার প্রচারে হল দেবীর প্রচার !

তন সবে সর্বলোক হয়ে হৃষিত !

বড়োই আশৰ্য কথা স্থৰ্যের চরিত ! ইত্যাদি

শান্তীয় ভতঙ্গলি কী কী প্রক্রিয়ার ফল তার কতকটা আভাস পাওয়া গেল। সব ভতঙ্গলিকে সমগ্রভাবে দেখার কাজ বড়ো সহজ নয়। প্রকাণ্ড একটা ভতপ্রকরণ না লিখলে শান্তপুরাণের জট ছাড়িয়ে আমাদের দেশের হিন্দুধর্মের পুরাণের পূর্বেকারণ ভতঙ্গলির নিখুঁত চেহারা বার ক'রে আনা কঠিন। তবে ভতঙ্গলি যে ‘আর্যগৃহের এবং আর্যহন্দয়ের ছবি নয়, সেটা ঠিক। আর্দের চেয়ে বরং অনার্দের—অস্ত্রভদ্রের গৃহলক্ষীর পদাঙ্ক এই-সব ভতের আলপনায়, ছড়ার ভতকথায় সুস্পষ্ট দেখা যাচ্ছে। অনার্য-অংশ শান্তীয় ভতঙ্গলির ঘণ্ট্যেও যথেষ্ট রয়েছে এবং সেই অংশগুলোকে হিন্দুপুরাণ ও তন্ত্রমন্ত্রের আবরণে ঢাকবার চেষ্টাও হয়েছে, কিন্তু সব সময়ে সে চেষ্টা সফল হয় নি দেখি।

লক্ষ্মীভূতি মেয়েদের একটি খুব বড়ো ভত। আশ্চর্যপূর্ণমায় যখন হৈমন্তিক শশ্য ঘরে আসবে, তখনকার ভত এটি। সন্ধ্যার সময় লক্ষ্মীপূজা। সকাল থেকে মেঝেরা ঘরঙ্গলি আলপনায় বিচ্ছি পদ্ম, লতাপাতা এঁকে সাজিয়ে তোলে। লক্ষ্মীর পদচিহ্ন, লক্ষ্মীপেঁচা এবং ধানছড়া হল আলপনার প্রধান অঙ্গ। বড়ো ঘৰ, যেখানে ধানচাল, জিনিসপত্র রাখা হয়, সেই ঘরের মাঝের খুঁটির—মধুম খামের গোড়ায় নানা আলপনা-দেওয়া লক্ষ্মীর চৌকি পাতা হয়। আলপনায় নানা অলংকার, এবং চৌকিতে, লক্ষ্মীর সম্পূর্ণ মূত্তি না লিখে কেবল মুকুট আর দুখানি পা কিংবা পদ্মের উপরে পা—এমনি নানা-রকম চিত্র দেওয়া হয়। খুঁটির গায়ে লক্ষ্মীনারায়ণ আর লক্ষ্মীপেঁচা বা পদ্ম, ধানছড়া, কলমিলতা, দোপাটিলতা, লক্ষ্মীর পদচিহ্ন ঝাঁকা থাকে। চৌকির উপরে ডোল ও বেড়—ডালা ও বিঁড়ে। বেড়ের ঘণ্ট্যে শুঁয়োরের দাঁত ও সিঁহরের কোঁটা এবং তার উপরে নানাৰকম ফল ইত্যাদিতে পূর্ণ রচনার পাতিল বা ভাঁড় রাখা হয়। রচনার পাতিলখানির গায়ে লক্ষ্মীর পদচিহ্ন ও ধানছড়া; রচনার পাতিলটির উপরে লক্ষ্মীর সরা; সরার পিঠে লাল নীল সবুজ হলদে কালো। এই কয় রঙে লক্ষ্মীনারায়ণ, লক্ষ্মীপেঁচা ইত্যাদির আলপনা। লক্ষ্মীর কাপড়ে সবুজ রঙ, গায়ে হলুদবর্ণ, কালিৰ পরিবেথ, এবং অধর ও পায়ের এবং করতলের অঙ্গ লাল; নীলবর্ণ পটভূমিকার কাঙকার্দে




লক্ষ্মীপূজার মাথের খুঁটির গোড়ার
আঙ্গপন : পঞ্জ, ধানচৰ্ডা, কলহিসতা,
দোপাটিলতা, লক্ষ্মীর পদচিহ্ন

দেওয়া হয়। লক্ষ্মীসরার উর্দ্ধে
আধখানা নারিকেলের মালই—
মেয়েরা এই মালইকে কুবেরের
মাথা বা মাথার খুলি বলে। যশোর
অঞ্চলে সবার পশ্চাতে একটি
শীষ সমেত আস্ত ডাব—সেটিকে
ৰোমটা দিয়ে, গহন ইত্যাদি
দিয়ে অনেকটা একটি ছোট্টো
মেয়ের ঘতো করে সাজানো হয়।
এবং কলার খালুই নিয়ে ধানের
গোলার অঙ্গুল কতকগুলি ডোলা,
তাতে নানা বিধি শস্য পূর্ণ করে
আর একটি কাঠের খেলার নৌকোর
প্রত্যেক গলুঁজে নানা বিধি শস্য—
ধান, তিল, মুগ, মুসুরি, ঘটৱ
ইত্যাদি দিয়ে লক্ষ্মীর চোকির সম্মুখে
রাখার প্রথাও আছে। পুঁজা শেষ
হওয়া পর্যন্ত বৃত্তীর উপবাস।
দেশভেদের কোনো গ্রামে লক্ষ্মী,
নারায়ণ ও কুবের—এই তিনিটিকে
তিনি বরঙের পিটুলির পুতুলের
আকারে গড়ে দেওয়া হয়। এমনি
নানা গ্রামে অঙ্গুষ্ঠামের একটু
অদলবদল আছে।

মোটামুটি হিসেবে দেখা যায়,
এই কোজাগরপুর্ণিমার ভৱিতির

মধ্যে অনেকখানি অনার্থ অংশ রয়েছে। শুরোরের দাত—যার উপরে ফলযুক্ত মিঠামের রচনার পাতিল; কুবেরের মাধা—ষেটা সব-উপরে রয়েছে দেখি; কিংবা সরাবর পিছন থেকে উঁকি দিচ্ছে একটি ঘোমটা-দেওয়া মেঘের মতো ডাব—হলুদ-সিঁজুর মাধানো; আর পেঁচা ও ধানছড়া—এক লক্ষ্মীর বাহন, আর এক লক্ষ্মীর শস্ত্রমূর্তি—এ কয়টিই অহিন্দু ও অনার্থ বা অগ্রহতদের। আমার এই কথা সমর্থন করার জন্যে হিন্দুস্থানেই যদি প্রমাণ সংগ্রহ করতে হয় তবে একটু মুশ্কিল। কেননা, শুরোরের দাত—সে বরাহ-অবতারের যুগে বেদ উদ্বার করে পবিত্র হয়ে গেছে; মড়ার মাধা—সেও তত্ত্বের মধ্যে দিয়ে মহাদেবের হাতে উঠেছে; বাকি থাকেন পেঁচা ও ধানছড়া; হয়তো গুরুড়ের বংশাবলীতে পেঁচাকেও পাব, এবং ধানই যে লক্ষ্মী, সেটা তো লক্ষ্মীর কাঁপিতে লুকোনো আছে। কিন্তু ভারত-সমুদ্র ছাড়িয়ে বহুদূরে প্রশান্ত-মহাসাগরের পারেও যখন দেখি, ধানছড়া মৃত্তিতে পুজো পাঞ্চেল টিক এমনি আর-এক মা-লক্ষ্মী বা ‘ছড়া-মা’ মেঝিকে পেঁক প্রভৃতি দেশের অনার্থদের মধ্যে, তখন কী বলা যাবে?

শস্যসংগ্রহের কালে পেঁকতে লোকেরা ভুট্টার ছড়গুলি দিয়ে তাদের মা-লক্ষ্মীর মূর্তিটি গড়ে। পুজার পূর্বে তিনি রাত্রি জাগরণ করে ছড়ামাস্তা বা সরামাস্তাকে নজরে-নজরে রাখা নিয়ম। একে পুশ্পিমা-জাগরণ বা কোজাগর বলা যেতে পারে। পুজোর দিন এরা ভুট্টাছড় বা এদের লক্ষ্মীমূর্তির সামনে রচনার পাতিলে নানারকম খাবার সাজিয়ে একটি সিন্ধ-করা ব্যাঙ সকলের উপরে রাখে; এবং সেই ব্যাঙের পিঠে একটি জনারের শীরের মধ্যে নানা শস্য—ভুট্টা, মুগ, মুরি ইত্যাদি চূর্ণ করে ভরে গুঁজে দেওয়া হয়। অনুষ্ঠানের মধ্যে যেমনো এলোচুলে রূত্য করতে করতে একটি কুমারীকে হলুদে-সিঁজুরে অলকা-তিলকা দিয়ে মুখটি সাজিয়ে—কতকটা আমাদের লক্ষ্মীপুজোর ডাবটির মতো—এবং নানা অলংকার ও ভালো কাগড় পরিয়ে পুজারিয়ে সামনে উপস্থিত করে। পুজারি কুমারীকে পূজা দেন ও সকলের একসঙ্গে নৱবলিন নাচ শুরু হয়। তার পরে সেই কুমারীকে বলি দিয়ে তার সঁচাই



বসন্তুষ্ণ, লক্ষ্মীনারায়ণ, লক্ষ্মীপোচা ইত্যাদি

প্রক্ষমাদ্বা হৎপিণ্ডি রচনার পাতিলে বেধে পুরোহিত ছড়ামাশ্বাকে প্রশ্ন করেন—মা, তুমি তৃষ্ণ হয়ে রইলে তো? যদি পুরোহিতের প্রতি আদেশ হয়—রইলুম, তবে জনারের ছড় তারা পুজার ঘরে তুলে রাখে, আর যদি আদেশ হয়—রইব না, তবে জনারের ছড় পুড়িয়ে নতুন ছড়ামাশ্বার প্রতিষ্ঠার ব্যবস্থা হয়।

লক্ষ্মীপুজার এদেশে আর-একটা অনুষ্ঠান রয়েছে, যেটা নজর করে দেখলে শাস্ত্রীয় লক্ষ্মীপুজা-পদ্ধতি যে অন্যর্থ এবং প্রাচীন লৌকিক একটি অত্তের স্থান পরে অধিকার করেছে, তা বেশ বোঝা যায়। গৃহস্থের বড়ো-বরের মধ্যে লক্ষ্মীপুজার পূর্বে, ঘরের বাহিরে একটি পুজা চলে; তাকে বলা হয় ‘অলক্ষ্মী বিদায়’। এটি শাস্ত্রোক্ত দীপাঞ্চিতা। লক্ষ্মীপুজার একটি অনুষ্ঠান, যথা; প্রদোষসময়ে বহির্বারে গোমহনিমিত অলক্ষ্মীকে বামহস্ত দ্বারা পুজা করিবে। আচমনান্তে সামাজার্য ও আসনশুল্ক করিয়া অলক্ষ্মীর ধ্যান যথা—ও অলক্ষ্মীং কুঞ্চবর্ণাং কুঞ্চবস্ত্রপরিধানাং কুঞ্চগঙ্কাশুলেপনাং তৈলাভ্যক্ত-শরীরাং মুক্তকেশীং বিভুজাং বামহস্তে গৃহীত ভস্মণঃ দক্ষিণহস্তে সম্মার্জনীঃ গর্ভভাঙ্গাং লোহাভরণভূষিতাং বিক্রতজ্ঞান্তাং কলহপ্রিয়াম—এই বলিয়া ধ্যান করিয়া আবাহনপূর্বক অলক্ষ্মীর পুজা; পুজান্তে পাঠ্য মন্ত্র যথা—ও অলক্ষ্মী ওঁ কুরুপাসি কুৎসিতস্থানবাসিনী স্মৃত্রাঙ্গো ময়া দস্তাং গৃহু পুজ্যঞ্চ শাশ্ত্রতীম্। পরে গৃহমধ্যে গিয়া লক্ষ্মীপুজা যথাবিধি আরম্ভ—গোরবর্ণাং স্বরূপাঙ্গ সর্বালংকারভূষিতাম্ ইত্যাদি।

পাঢ়াগাঁয়ে যেয়েরা অলক্ষ্মী-বিদায় নিজেরা করে না; পুজারিকে দিয়ে এ-কাজ সাবা হয়। এই অলক্ষ্মীই হলেন অগ্নিতদের লক্ষ্মী বা শস্যদেবতা। শাস্ত্র নিজেদের মা-লক্ষ্মীকে এই প্রাচীন লক্ষ্মীর স্থানে বসিয়ে অলক্ষ্মী মাম দিয়ে কুরুপা-কুৎসিতা বলে একে হেঁড়া চুল ও ঘরের আবর্জনার সঙ্গে বিদায় দিতে চাইলেন। যেয়েরাও অরক্ষকোপের ভয়ে অলক্ষ্মীর পুজোর আয়গা বাইরেই করলেন; এবং যথাবিধি পুজা করা না-করার দায়-দোষ সমষ্টই পুজারিই নিতে হল এবং এখনকার হিন্দু-পরিবারে ব্রাহ্মধর্মের শালগ্রাম-

ফেলার ঘতো তখনও একটু যে গোলধোগ না হল তা নয়। মেঝেরা পুঁজাদির কথা শনে প্রাচীন। লক্ষ্মীকে বেশিরকম অপমান করতে ইতস্তত করলেন। এখন অলক্ষ্মীই বলি আর যাই বলি, একসময়ে তিনি তো লক্ষ্মী বলেই চলেছিলেন, কাজেই তাঁর কতকটা সন্ধান ধূর্ত পুঁজারি বজ্ঞান রেখে মেঝেদের মন রাখলেন : বিজেরও মনে অলক্ষ্মীর কোপের ভয় না-হচ্ছিল তা নয় ; ধরের বাইরে হলেও মা-লক্ষ্মীর আগে অলক্ষ্মীর পুঁজা হবে, স্থির হল।

লক্ষ্মীপুঁজোর সঙ্গে কলার পেটোর উপরে তিনটি পিটুলির পুতুল সবুজ হলুদ লাল তিনি রঙে প্রস্তুত করে রাখা হয়। এই পুতুলগুলিও অনার্ধ লক্ষ্মীপুঁজার নির্দর্শন। এই তিনি পুতুলকে বলা হয়—লক্ষ্মী, নারায়ণ আর কুবের। কিন্তু এরা আসলে যে কী তা আমরা দেখব। সবুজ হলদে লাল পুতুল, আর অলক্ষ্মী-বিদায়ের ছেঁড়া ধানিক মাথার চুল—এইগুলির কোনো অর্থ অন্যদেশের ধর্মানুষ্ঠানে পাই কিনা দেখি। মেঞ্জিকোতে কোজাগর লক্ষ্মীপুঁজোয় মেঝেরা এলোকেশী হয়—শস্য যেন এই এলোকেশের ঘতো গোছা-গোছা লস্বা হয়ে ওঠে, এই কামনায়।—

The women of the village wore their hair unbound, and shook and tossed it, so that by sympathetic magic the maize might take the hint and grow correspondingly long.³

মেঞ্জিকোর পুরাণে আরও দেখা যাচ্ছে, শস্যের রক্ষায়ত্ত্বী তিনি বর্ণের তিনি দেবতা। একজন অপক হরিং শস্যের সবুজ, এক ফলস্ত শ্রষ্টান্তের হলুদ, এবং আর-এক আত্মপতন্ত্র স্বপক শস্যের সিন্দুরবর্ণ।

মেঞ্জিকোতেও শস্যের নানা অবস্থায় এক-এক দেবী রক্ষা করেন। তাঁদের নাম হচ্ছে Centeotl এবং তাঁদের একজন Xilonen সবুজ, অপক-শস্যের অধিষ্ঠাত্ত্বী—

A special group of deities called Centeotl presided over the agriculture of Mexico, each of whom personified one or

³ Myths of Mexico and Peru. p. 85

other of the various aspects of the Maize plant...Xilonen — the typified the xilote or green ear of the Maize.¹

আমাদের দেশে মেঘেরা প্রধানত তিনটি বড়ো লক্ষ্মীত করে থাকেন প্রথম ফাস্তন মাসে বীজ বপনের পূর্বে। চাষিরাই বেশি এ ব্রত করে— রবিবারে আর বৃহস্পতিবারে। একে বলা যেতে পারে হরিতা-দেবী— সবুজবর্ণ। এই পূজা ক'রে তবে ঘর থেকে বপনের বীজ বার করা হয়। দ্বিতীয় লক্ষ্মীত হচ্ছে আখিনে কোজাগর-পূর্ণিমায় যখন সোনার ফসল দেখা দিয়েছে। ইনি হলেন স্বর্ণলক্ষ্মী, হলুদবর্ণ। তৃতীয় লক্ষ্মীত হল অঙ্গানে, যখন পাকা ধান ঘরে এসেছে— ইনি অরূপা লক্ষ্মী। মেঘেরা বছরে আরও কয়েকবার লক্ষ্মীত করেন, যেমন ভাদ্রে, কাতিকে ও চৈত্রে। কিন্তু সেগুলি ঐ তিন লক্ষ্মীতেরই ছাঁচে ঢালা। দেখা গেল, প্রাচীন লক্ষ্মীতের অনার্থ কতকটা গেল ঘরের বাইরে, যেমন অলক্ষ্মী; কতক রইল ঘরের মধ্যে, যেমন কুবেরের মাথা ও তিন পুতুল ইত্যাদি। সব চেয়ে বড়ো লক্ষ্মীপুজো কোজাগরপূর্ণিমায়। তারই অতুর্থী থেকে বেশ বোরা যায়, অলক্ষ্মী আর লক্ষ্মী ছাই দেবতার পুজো নিয়ে দেশের মধ্যে একসময় বেশ-একটু গোলযোগ চলেছে। কথাটি এই :

এক দেশের রাজাৰ নিয়ম ছিল হাটে কেউ কিছু যদি বিক্রি করে উঠতে না পারত, তবে তিনি রাজভাণ্ডৰ থেকে হাট শেষ হলে হতাশকে সামনা দেবার জগ্নে বড়তিপড়তি সবই নিজের জগ্নে কিনে রাখতেন। এমনি একদিন এক লোহার দেবীযূতি এক কামারের কাছ থেকে হাটশেষে রাজা কিনলেন, কামার যখন রাজবাড়ির সামনে দিয়ে হৈকে যাচ্ছিল। রাজা সত্যপালনের জগ্নে সেই লোহার দেবী কিনলেন এবং ঘরে আনলেন। লোহার মূর্তি ছিল অলক্ষ্মীৰ; লক্ষ্মী অমনি সেই রাত্রেই বিদ্যায় হয়ে যান; রাজা বললেন, আমি সত্যপালন করেছি এতে দোষ কী? লক্ষ্মী রাজাকে ঘর দিলেন, তিনি পশ্চপক্ষীৰ কথা বুবাবেন কিন্তু লক্ষ্মী আর রাজ্য রইলেন না। এমনি-এমনি প্রথমে রাজলক্ষ্মী তার পর ভাগ্যলক্ষ্মী, যশোলক্ষ্মী, সবাই

¹ Myths of Mexico and Peru, p. 85

একে-একে গেলেন ; তার পর ধর্ম আর কুলক্ষণী চললেন । রাজা ধর্মকে বললেন — কুলক্ষণী যেতে চান তো ঘান, কিন্তু ধর্ম, আপনি তো যেতে পারেন না, কেননা আমি সত্যধর্ম পালন করতেই এ কাজ করেছি । ধর্মরাজ বাড়িতেই রাইলেন ।

এর পরের কথাটুকুর ধর্ম : রানী দেখেন রাজা পিংপড়েদের দিকে চেয়ে একদিন ভোজনের সময় হেসে উঠলেন । পিংপড়েগুলো রাজার পাতে খাবার সময় বি না দেখে, রাজাটা যে গরিব এই বলাবলি করছিল । রাজা হঠাত হাসলেন কেন, এই কথা রানী জানতে চাইলে, অনেক পেড়াপিড়িতে রাজা সম্মত হয়ে — কথাটা প্রকাশ করলে তার মৃত্যু ঝেনেও — গঙ্গাতীরে রানীকে নিয়ে গিয়ে একটা ছাগল আর ছাগলির ঝগড়া শুনলেন । নদীর মধ্যে একবোৱা ঘাস দেখে ছাগলি সেটা চাষ্টে আর ছাগল তাকে বলছে, আমি কি রাজার মতো বোকা যে তার কথায় প্রাণ হারাতে যাব । রাজা তখন রানীকে তাড়িয়ে দিলেন । তার পর রানী অনেক কষ্টে লক্ষ্মীপুজো ক'রে তবে রাজা রাজ্য সব ফিরিয়ে আনলেন । দুই ধর্ম, দুই দেবী, দুই দল মাছুষে যে দুই পুঁজো নিয়ে একটা বেশ গোলযোগ চলেছিল এবং শেষে নতুন লক্ষ্মীই যে দেশের প্রাচীন লক্ষ্মীর পূজা দখল করেছিলেন এবং হাটে যে পূর্বকালে প্রাচীনা লক্ষ্মীযুক্তি বিক্রি হতে আসত এবং সেটি

রাজা কিনে ধর্মলোপের ভয় করেন নি, তা বেশ বোৱা যাচ্ছে ।

মেঘেরা যে যে মাসে লক্ষ্মীত্ব করছে এবং অন্ত দেশের লক্ষ্মীপুজোৱাৰ সঙ্গে আমাদের পূজাটি মিলিয়ে দেখলে দেখি যে, লক্ষ্মীত্ব হচ্ছে দেশের তিনি প্রধান



লক্ষ্মীর পদচিহ্ন

শস্য উৎসব। কিন্তু পুজারিবা লক্ষ্মীৰতেৰ মাহাত্ম্য বৰ্ণন কৰে যে শ্ৰোকটি মেঘেদেৱ শুনিয়ে দেন, সেটা থেকে কিছুতে বোৰা যাবে না যে এই ব্ৰত অকল্পন্ত, ফলন্ত এবং সুপৰ শস্যেৰ উৎসব-অনুষ্ঠান।

শাস্ত্ৰীয় শ্ৰোক বলছে—

লক্ষ্মীনাৰায়ণ ব্ৰত সৰ্বত্রত সাৱ
এ ব্ৰত কৱিলে ঘোচে ভবেৱ আধাৰ।
বৰ্ক্ষ্যা নাৰী পুত্ৰ পাই, যায় সৰ্ব দুখ,
নিৰ্ধনেৰ ধন হয়, নিত্য বাঢ়ে সুখ।

ধানেৱ কি কোনো শস্যেৰ নামগৰ্জ এতে পাওয়া গেল না। প্ৰাচীন কালেৱ প্ৰধান উৎসব এবং শস্য-দেবতাবাৰা খুবই প্ৰসিদ্ধ বলে এই ব্ৰতকে হিংজ্যানিৰ চেহাৰা দেবাৰ জন্ম এৱং উপৰ এত জোড়াতাড়াৰ কাজ চলেছে যে আসল ব্ৰতটি কেমন ছিল, তা আৱ এখন কতকটা কল্পনা কৰে দেখা ছাড়া উপায় নেই। কিন্তু যে ব্ৰতগুলি ছাটো এবং অপ্ৰধান বলে শাস্ত্ৰেৰ হাত থেকে বেঁচে গিয়ে অনেকটা অটুট অবস্থায় রয়ে গিয়েছে তাৱ থেকে ব্ৰতেৰ ঝাঁটি ও নিৰ্খুত চেহাৰাটি পাওয়া সহজ। যেমন এই ‘তোষলা’ ব্ৰতটি। কোথাও একে বলে ‘তুঁষতুষলি’। পূৰ্ববঙ্গে পশ্চিমবঙ্গে দু-জায়গায়ই এই ব্ৰতেৰ চলন আছে। প্ৰতিদিন পৌষ মাসেৱ সকালে মেঘেৱা এই ব্ৰতটি কৰে। ব্ৰতেৰ বিধি এই: অৱানেৱ সংক্ৰান্তি থেকে পৌষেৱ সংক্ৰান্তি পৰ্যন্ত প্ৰতি সকালে আন কৰে গোবৰেৱ ছ-বুড়ি ছ-গঙা বা ১৪৪টি গুলি পাকিয়ে, কালো দাগশূলি নতুন সৱাতে বেঙুনপাতা



লক্ষ্মীৰ পদচিহ্ন

বিছিয়ে তার উপরে গুলি ক'টি রাখতে হয়। প্রত্যেক গুলিতে একটি করে সিঁহরের ফোটা এবং পাঁচগাছি করে দুর্বাদাস ঝঁজে দিতে হয়। তার উপর নতুন আলোচালের তুঁষ ও ঝুঁড়ো ছড়িয়ে দিয়ে, সরসে শিশ মূলো ইত্যাদির ফুল দিয়ে ছড়া বলা হয়। অতের নাম এবং উপকরণগুলি থেকে স্পষ্টই বোঝা যাচ্ছে, এটি সারমাটি দিয়ে খেত উর্বর করে তোলার ব্রত। অতের ছড়াগুলি পূর্ববঙ্গে এক, পশ্চিমবঙ্গে আর-এক হলেও ছড়াগুলি পড়তে পড়তে পঞ্জীগ্রামের সহজ জীবনযাত্রার এমন একটি পরিষ্কার ছবি মনে আগিয়ে তোলে, যেটি কোনো শান্তীয় ব্রতে আমরা পাই না। পৌরমাসে এদেশে বেশ একটু শীত, এবং সকালবেলার ব্রত এটি, কাজেই আমরা অনায়াসে কল্পনা করতে পারি, বহুমুণ্ড আগেকার বাংলাদেশের একখানি গ্রামের উপর রাত্রির যবনিকা আস্তে সরে গেল ; সঙ্গে সঙ্গে আমরা দেখেছি শীতের হাওয়া বইছে—গ্রামের উপরে বড়ো গাছের আগায় এখনও কুয়াশা পাতলা চাদরের মতো লেগে রয়েছে ; শিশিরে সকালটি একটু ভিজে-ভিজে ; বেড়ার ধারে ধারে আর চালে চালে শিমপাতার সবুজ ; খেতে খেতে মূলোর ফুল, সরসের ফুল—হৃথ আর হলুদের ফেনোর মতো দেখা যাচ্ছে, নতুন সরায় বেঙ্গলপাতা চাপা দিয়ে, সারমাটি নিয়ে যেয়েরা দলে দলে তোষলা ব্রত করতে খেতের দিকে চলল এবং সেখানে মূলোর ফুল, শিমের ফুল, সরসের ফুল দিয়ে ব্রত আরম্ভ হল।

প্রথম, তোষলার গুর্তি—

তুঁষ-তুঁষলি, তুঁমি কে ।

তোমার পূজা করে যে—

ধনে ধানে বাড়ন্ত,

স্বর্ণে ধাকে আদি অন্ত ॥

তোষলা লো তুঁষকুস্তি !

ধনে ধানে গাঁয়ে গুর্তি,

ঘরে ঘরে গাই বিউস্তি ॥

তার পর অচুষ্টান-উপকরণের বর্ণনা, যেমন —

গাইয়ের গোবর, সরঘের ফুল,
আসনপি'ড়ি, এলোচুল,
গেঘের গোবরে সরঘের ফুল,
ঐ ক'রে পুজি আমরা মা-বাপের কুল।

‘আসনপি’ড়ি, এলোচুল’। এখানে আমরা সেই মেঞ্জিকোর মেঘেদের এলো-
চুলে অত করার প্রতিচ্ছবিটি পাচ্ছি। এর পরে যেন্নেরা তোষলা ঝতের কামনা
জানাচ্ছে —

কোদাল-কাটা ধন পাব,
গোহাল-আলো গোকু পাব,
দৱবান-আলো বেটা পাব,
সঙ্গ-আলো জাহাই পাব,
সেঁজ-আলো বি পাব,
আড়ি-মাপা সি'দ্বৰ পাব।

ঘৰ কৱব নগৱে,
মৱব গিয়ে সাগৱে,
জ্যাৰ উন্ম কুলে,
তোমাৰ কাছে মাগি এই ঘৰ —
স্বামী পুত্ৰ নিয়ে যেন স্বথে কৱি ঘৰ।

তারপর পৌষের সংক্রান্তির দিনে মেঘেরা স্বর্যোদয়ের পূর্বে অত সাক্ষ
করে একটি সরায় ঘিরের প্রদীপ জ্বলে সেঙ্গলি মাথায় নিয়ে সারি বেঁধে নদীতে
আন করে তোষলা ভাসাতে চলেছে। পায়ের তলায় মাটি ঠাণ্ডা; হিম বাতাস
নদীৰ শীতল জলের পরশ পেয়ে কলকনে বইছে। এই শীতের জল-স্বল-
আকাশের প্রতিষ্ঠনি দিছে মেঘেরা নদীতে ধাৰার পথে—

কুলকুলনি এয়া রানী,
মাঘ মাসে শীতল পানি,

শীতল শীতল ধাইলো,
বড়ো গজা নাইলো ।

এর পর নিখর শীতের মধ্যে সুর্দের ও পৃথিবীর মিলনের একটু আশা-
আকাঙ্ক্ষা;জাগল—

শীতল শীতল আগে,
রাই বিরে মাগে ।

এর পর গঙ্গাতীরে জলের কল্পনি, পার্থিদের কাকলির সঙ্গে সুর্দের বর-
শাজার বাট বাজছে—

আমাদের রায়ের বিরে
বাম-কুর-কুর দিয়ে ।

তখনও গাজের শিশিরে-ভেজা শাকসবজির পাতাখলি ঘূমিয়ে রয়েছে ; সেই
সমস্ত বরবেশে সুর্য আসছেন ; তারই সুচনা একটু বিকৃষিকে সোনার আলো ।

বেঙ্গলপাতা ঢোলা-ঢেলা,
রাস্তের কানে সোনার তোলা ।

এইখানে নদীতে তোষলার সরা ভাসিয়ে, তোষলার সারমাটি আর সুর্য,
চাবের দুই প্রধান সহায়কে কৃতজ্ঞতা জানিয়ে যেয়েদের জলে বাঁপাবীণি
বালিখেলা—

তোষলা গো রাঙ্গি, তোমার দৌলতে আমরা ছ-বুড়ি পিঠে থাই,
ছ-বুড়ি ন-বুড়ি, গাঁও-সিনানে যাই, গাজের বালিখলি দুহাতে মোড়াই ;
গাজের ভিতর লাড়ুকলা ডব্ডবাতে থাই ।

তুষলি গো রাঙ্গি, তুষলি গো ভাঙ্গি,
তোমার অতে কিবা পাই ?
ছ-বুড়ি ছ-গঙ্গা খলি থাই,
তোমাকে নিয়ে জলে যাই,

তুষ-তুষ্ণি গেল ভেসে, বাপ-মার ধন এল হেসে,
তুষ-তুষ্ণি গেল ভেসে, আমার সোয়ামির ধন এল হেসে ।

এর পর, স্বর্যের উদয় দর্শন করে, আম করে, অতশ্চেষে নদীভীরে দাঢ়িয়ে
সর্দোদয় বর্ণন করে ছড়া—

রায় উঠছেন রায় উঠছেন বড়ো-গঙ্গার ঘাটে ।
কার হাতে রে তেল-গামছা ? দাওগো রেঝের হাতে ।
রায় উঠছেন রায় উঠছেন মেজো-গঙ্গার ঘাটে ।
কার হাতে রে শাখা সিঁহুর দাওগো রেঝের হাতে ।
রায় উঠছেন রায় উঠছেন ছাটো-গঙ্গার ঘাটে ।
রায় উঠছেন অঙ্গে, তামার ইংড়ির বর্ণে,
তামার ইংড়ি, তামার বেড়ি—

এর শেষটুকুতে হিঁচানি আপনার নাম দণ্ডিত করে এক ঝাঁচড় দিয়েছে
—‘উঠ উঠ মা-গোরী নিবেদন করি’। হঠাত মা-গোরী এসে কেন যে বেড়ি
ধরেন তা বোঝা গেল না। বকুলকে আয়নার উপরে পেরেকের ঝাঁচড়ের
মতো এই শেষ লাইনটা; বা যেন মিশনারি-স্কুলে-পড়া যেঝের মুখে—‘বড়ো
যেয় নমস্কার’—খাপছাড়া, অতিকৃট, অর্থহীন। এর পরে যেঝেরা ঘরে এসে
পোবমাসের পিঠে খীরার আয়োজন করে যে ছড়া বলছে—সেটাও এ-
লাইনটার চেম্বে সহজ আর স্বন্দর।—

আখা জলন্তি, পাখা চলন্তি,
চলন-কাট্টে রক্ষনঘরে,
জিরার আগে তুষ গোড়ে,
খড়িকার আগে তোজন করে,
প্রাণ স্বচ্ছলে নতুন বস্তে
কাল কাটাব যোরা জন্মায়ন্তে ।

তোষলা অতের অস্তুন, এই শীতের প্রভাতের দৃশ্যটুকি, আর সঞ্চান্ত
যেঝেদের মুখে সিন্ধুর এবং মার্জিত তামার বর্ণ রক্তবাস স্বর্যের উজ্জল বর্ণনা—
আয়াদের সহজেই সেইকালের মধ্যে নিয়ে যাব যেখালে দেখি মাঝে আর
বিশ্বচৰাচরের মধ্যে সরল একটি নিগৃত সমষ্ট রঞ্জেছে; গড়াপেটা শাঙ্গীয়

অতের এবং হিন্দুবাসির আচার-অনুষ্ঠানের চাপনে মাঝেরে ঘন ষেখানে সব
দিক দিয়ে অঙ্গুর, নিরামল এবং প্রাণহীন হয়ে পড়ে নি। এই তোষলা অতের
জীবন্ত দৃষ্টিকাব্যটির সঙ্গে ছোটো একটি শাঙ্কীয় ব্রত মিলিয়ে দুয়োর মধ্যে কী নিষ্ঠে
যে পার্থক্য তা স্পষ্ট ধরা পড়বে। হরিচরণ ব্রত—বছরের প্রথম মাসে, খুব
ছোটো মেঝেরা এই ব্রত করছে চলন দিয়ে তামার টাটে হরিপাদপদ্ম লিখে।
কিন্তু এই অতে ছোটো মেঝের মুখের কথা বা প্রাণের আনন্দ, এমন-কী ছোটো
খাটো আশাটুকু পর্যন্ত নেই। পাকা-পাকা কথা এবং জ্যাঠামিতে ভরা এই
শাঙ্কীয় ব্রতটি অত্যন্ত নীরস। হরির পাদপদ্মে পুজো দিয়ে পাঁচ-ছয় বছরের
ছোটো মেঝেগুলি বর চাইছে—গিরিরাজ বাপ, মেনকার মতো মা, রাজা
সোয়ামি, সত্তা-উজ্জল জামাই, শুণবতী বউ, ক্লপবতী ঝি, লক্ষণ দেবৱ, দুর্গার
আদর—‘দাস চান, দাসী চান, কৃপার খাটে পা মেলতে চান, সি-থেও সি-ছুর,-
মুখে পান, বছর-বছর পুত্র চান।’ আর চান—‘পুত্র দিয়ে স্বামীর কোলে
একগলা গঙ্গাজলে মরণ, এবং ‘উরোতে পারলে ইন্দ্রের শটীগনা, না পারলে
কঙ্কের দাসীগিরি’।

হরিচরণ ব্রত করছে এই যে মেঝেগুলি বৈশাখের সকালবেলায়, আর
শীতের সকালে শীর্ণধারা নদীতীরে, তোষলা অতের দিনে, সরবে শিশ এমনি
নানা ফুলে সাজানো সরা ভাসিয়ে, শ্রোতের জলে নেমে, স্বর্দের উদয়কে
এবং শস্যের উৎগামকে কামনা করছে যে মেঝেগুলি—এই দ্রুই দলে কী বিষম
পার্থক্য, দ্রুই অনুষ্ঠানেই বা কী না ভক্ত। একদল একগলা গঙ্গাজলে
আঞ্চল্যত্যায় উচ্চত ; অছদল বিশ্বচরাচরের সঙ্গে স্বর্দের আলোতে হলুদ, আর
সাদা ফুলে-ফুলে-ভরা খেতের মতো জেগে উঠবার অঙ্গে আনন্দে উদ্বৃত্তি।

প্রত্যেক খতুর ফুলগাতা, আকাশ-বাতাসের সঙ্গে এই-সব অশাঙ্কীয় অথচ
একেবারে ধৰ্ম ও আশ্চর্যরকম সৌন্দর্যে রসে ও শিল্পে পরিপূর্ণ বাড়ালির
সম্পূর্ণ নিজের ব্রতগুলির যে গভীর ঘোগ দেখা যাচ্ছে, তাতে করে এগুলিকে
ধর্মানুষ্ঠান বলব কি যত্ক্ষতুর এক-একটি উৎসব বলব ঠিক করা শক্ত। চৈত্রের
এই অশথপাতার ব্রত—যার সমস্ত অনুষ্ঠানের অর্থ হচ্ছে কিশলয় খেকে

বারে-পড়া পর্যন্ত কচি কাঁচা পাকা এবং শুকনো পাতার একটুখানি ইতিহাস,
তাকে কী বলব !

বসন্তের বাতাস লেগে গত শীতের শুকনো পাতা গাছের তলায় বরে
পড়েছে ; নদীর ধারে অশথ, কুঞ্জলতা, চাপাস্তুলরী আর শাম পশ্চিমের ঝি—
কেউ পাকা পাতার ভাঘাটে লাল, কেউ কাঁচা পাতার সতেজ সোনালী সবুজ,
কেউ কচি পাতার কোমল শাম, কেউ শুকনো পাতার তপ্ত সোনা, কেউ বা
ঝরা পাতার পাঁওয়ার রঙে সেজেছে । অশথপাতা, কুঞ্জলতা, চমকাস্তুলরী ;
আর এই তিনি বনহৃষ্ণুরীর সঙ্গে সেজেভেজে ব্রত করতে বেরিয়েছেন শাম
পশ্চিমের সাত-সাত বউ, জোয়ান সাত বেটা, পশ্চিমের
গিঞ্জি, আর বুড়ো পশ্চিম নিজে—ছোটো-বড়ো আরো-বড়ো একেবারে বুড়ো—
কচি মেঘেটি, কাঁচা বঘনের বউ-বেটা, পাকা গিঞ্জি আর বিষম শুকনো কর্তা ।

অশথপাতা কুঞ্জলতা চমকাস্তুলরী !

গজান্নান করতে গেলেন শামপশ্চিমের ঝি ;

সাত বউ ধায় সাত দোলায়, সাত বেটা ধায় সাত খোড়ায়,

কর্তা যান গজহস্তীতে, গিঞ্জি যান রঞ্জসিংহাসনে,

ঠাকুর ঠাকুর দোলনে যান ।

এই ছড়াটি পরিকার বোঝাচ্ছে, বসন্তের দিনে নদীর ধারে চাপা কুঞ্জলতা
অশথ এদের একটা উৎসব চলেছে — সবুজে পাঙাশে নতুন ফুটে-গঠা থেকে
আস্তে বরে পড়ায় ; দলে দলে বুড়োবুড়ি ছেলেমেয়ে যুবক-যুবতী এই-সব
উৎসব দেখতে আসছে — কেউ হেলতে দুলতে, কেউ নাচতে নাচতে, কেউ বা
গজেন্দ্রগমনে । এর পরেই ঠাকুর ঠাকুরন । এঁরা যে কোনু দেবতা তা বলা
যায় না — শিব-হৃগী হতে পারেন, লক্ষ্মী-নারায়ণ হতে পারেন, পিতৃপুরুষদেরও
কেউ হতে পারেন । এঁদের দুজনে কথা হচ্ছে —

ঠাকুর জিজ্ঞাসেন । ঠাকুরন ! নরলোকে গঙ্গার ধাটে কী ব্রত করে ?

উত্তর । অশথপাতার ব্রত করে ।

প্রশ্ন । এ ব্রত করলে কী হয় ?

উত্তর। স্থখ হয়, সহায় হয়, সোয়াস্তি হয়।

এর পর ঠাকুর দেখলেন ছেলেবুড়ো সবাই মিলে একটি করে পাতা মাখায় গাধছে আর জলে ডুব দিচ্ছে আর পাতাগুলি জলের শ্রেণে চলেছে। ঠাকুর ভেবে পান না মাঝুমরা সব করে কী? এই বসন্তকালে, লোকে এ কী পাগলামি করতে লাগল! তখন ঠাকুর তাঁর কোতুহল চরিতার্থ করে বলছেন, এরা গাছে আর মাঝুমে মিলে এক-এক পাতার কামনা জানিবে বড় করছে।

এরা—পাকা পাতাটি মাখায় দিয়ে পাকা চুলে সিঁহুর পরে।

কাঁচা পাতাটি মাখায় দিয়ে কাঁচা সোনার বর্ণ হয়।

শুকনো পাতাটি মাখায় দিয়ে স্থখ-সম্পত্তি বৃদ্ধি করে।

বরা পাতাটি মাখায় দিয়ে মণিমুক্তোর ঝুরি পরে।

কচি পাতাটি মাখায় দিয়ে কোলে কমল পুত্র ধরে।

এই অতটিতে বসন্তদিনে মাঝুমে আর গাছপালায় মিলিয়ে একটুখানি কুপক—ছোটো একটু নাটকের মতো করে গাঁথা হয়েছে ছাড়া আর কী বলা যাবে? এই তো একটুখানি বড়, কিন্তু তবু এর মধ্যে বসন্তের দিনে নতুন এবং পুরনোর, মাঝুমের এবং বনের নিখাসটুকু যখন এক তালে উঠছে পড়ছে দেখি তখন এটিকে ছোটো বলতে ইচ্ছা হয় না; এইটুকুর মধ্যে কতখানির ইঙ্গিত, কতখানি মন না পাচ্ছি!

ধাঁটি মেঘেলি বড়গুলি টিক কোনো দেবতার পুজো নয়; এর মধ্যে ধর্মাচরণ কতক, কতক উৎসব; কতক চিত্রকলা নাট্যকলা গীতকলা ইত্যাদিতে মিলে একটুখানি কামনার প্রতিচ্ছবি, কামনার প্রতিধ্বনি, কামনার প্রতিক্রিয়া। মাঝুমের ইচ্ছাকে হাতের লেখায় গলার স্থৰে এবং নাট্য মৃত্য এমনি নানা চেষ্টায় প্রভ্যক্ষ করে তুলে ধর্মাচরণ করছে, এই হল অতের নির্মুক চেহারা। অন্তত এই প্রণালীতে সমস্ত প্রাচীন জাতিই বড় করছে দেখতে পাই।

‘আদর-সিংহাসন’ অতে মাঝুম আদর চেয়ে মিটি কথা পাবার কামনা ক’রে তো শান্তীর হরিচরণ-অতের মতো তামার টাটে দেবতার পাদপদ্ম লিখে

পুজা ক'রে বরপ্রার্থনা করছে না। সে যে-আদরটি কামনা করছে সেটি একটি জীবন্ত প্রতিমার মধ্যে ধরে দেখবার আয়োজন করছে। সত্তি এক স্বামী-সোহাগিনীকে সামনে বসিয়ে বসন্তভূষণে সাজিয়ে যেমন আদর সে নিজে কামনা করছে তেমনি আদর তার যৃত্যঙ্গতী কামনাকে অর্পণ করছে এবং আনছে যে এতেই তার আদর পাওয়ার কামনা চরিতার্থ হবে নিশ্চয়। এইখানে ভৃত আর পুজোতে তফাত।

মেয়েলি অতঙ্গলির সব-কটি খাঁটি অবস্থায় পাওয়া যায় না। কালে কালে তাদের এত ভাঙচুর অদলবদল উলটোগালটা হয়ে গেছে যে, কোন্টা পুজো কোন্টা ভৃত ধরতে হলে আদর্শ ব্রতের লক্ষণগুলির সঙ্গে মিলিয়ে না দেখলে গোলে পড়তে হয়। খাঁটি ব্রতের লক্ষণ মোটামুটি এই বলে নির্দেশ করা যেতে পারে: প্রথমত, খাঁটি ব্রতে ভূতীর কামনার সঙ্গে ব্রতের সমস্তটার পরিকার সামৃশ্গ থাকা চাই; দ্বিতীয়ত, ভৃত হতে হলে একের কামনা অথবা একের মনের দোলা দশকে ছলিয়ে একটা ব্যাপার হয়ে নাচে গানে ভোজে ইত্যাদিতে অচুর্ণিত হওয়া দরকার।

কামনা এবং তার চরিতার্থতার জন্য ক্রিয়া যখন একেরই মধ্যে কিংবা অসংহতভাবে দশের মধ্যে ছাড়াচাড়ি অবস্থায় রইল তখন সেই একেরই সঙ্গে বা একে-একে দশের সঙ্গে তার লোপ হয়ে গেল। কিন্তু এক ভাব এক ক্রিয়া যখন সমস্ত জাতিকে প্রেরণা দিলে তখন সেটি ভৃত হল, এবং বেঁচেও রইল দেখি।

আমাদের একটা ভুল ধারণা ভৃত সম্বন্ধে আছে। আমরা মনে করি যে, আমাদের পূর্বপুরুষেরা ধর্ম ও নীতি শেখাতে মেয়েদের জন্যে আধুনিক কিঞ্চারগাটেন প্রণালীর মতো ভৃত-অঙ্গুষ্ঠানগুলি আবিষ্কার করে গেছেন। শান্তীয় অতঙ্গলি কতকটা তাই বটে, কিন্তু আসল মেয়েলি ভৃত মোটেই তা নয়। এগুলি আমাদের পূর্বপুরুষেরও পূর্বেকার পুরুষদের—তথনকার, যখন শান্ত হয় নি, হিন্দুধর্ম বলে একটা ধর্মও ছিল না এবং যখন ছিল লোকেদের মধ্যে কতকগুলি অঙ্গুষ্ঠান, ঘেঁষলির নাম ভৃত।

এই-সব ব্রতের মূলে কীসের প্রেরণা রয়েছে, বলা শক্ত। মাঝুমের ধর্ম প্রযুক্তি না মাঝুমের শিল্পস্থিতির বেদনা থেকে অঞ্চলাভ করেছে এই ব্রতগুলি, সেটা পরিকার করে দেখার পূর্বে ব্রতগুলির সঙ্গে পরিচয় আরও একটু ঘনিষ্ঠ করে নেওয়া দরকার।

প্রথমে দেখি, কতকগুলি ব্রত যাতে কামনা এবং আলপনা ও ছড়া একটি অঙ্গকে অনুকরণ করে প্রকাশ পাচ্ছে। যেমন, কামনা হল সোনার চিঙ্গনি, সোনার কৌটো, আয়না, পালকি। সেখানে পিটুলির আলপনা দিয়ে একটা চিঙ্গনি, একটা কৌটো, পালকি একটা, আয়না একটা ঝাঁকা হল এবং তাতে ঝুল ধরে ধরে বলা হল—

আমরা পূজা করি পিঠালির চিঙ্গনি,

আমাগো হয় যেন সোনার চিঙ্গনি।

আমরা পূজা করি পিঠালির ঝুটুই,

আমাগো হয় যেন সোনার ঝুটুই।

আমরা পূজা করি পিঠালির পালকি,

আমাগো হয় যেন সোনার পালকি।

এখানে, চিঙ্গনি-দেবতা কৌটো দেবতা পালকি-দেবতা ইত্যাদিকে পূজা করে বর চাওয়া। একেবারে কাজের কথা, এবং যতটুকু কাজের কেবল তত-টুকু, একটু বাজে কিছু নেই। যা চাই তারই অনুকরণ অধিষ্ঠাত্রী দেবতাকে কলনা করে বরপ্রার্থনা।

আর-এক রকম, তাতে কামনার অনুকরণ ছড়া, কিন্তু আলপনাটি ভিন্নভিন্ন। মাদার গাছ এঁকে বলা হচ্ছে—

আমরা পূজা করি চিরের মান্দার,

আমাগো হয় যেন ধান চাউলের ভাণ্ডার।

আমরা পূজা করি পিঠালির মান্দার,

সোনায় ঝপায় আমাগো ঘর আঞ্চার।

মাদারগাছে সঙ্গে ধানচাল সোনা-ঝপোর পরিকার ঘোগ নেই অথচ

তাতে ফুল দিয়ে বর চাওয়া হল এবং এখানেও কাজের জন্য ষতটুকু ততটুকু হল আলপনা, এবং ততটুকু হল ছড়া। গন্ডসাহিত্য আধুনিক, স্মৃতিরাং কথায় এখন যা বলি, পূর্বে যখন পঞ্চাই সাহিত্যের ভাষা তখন ছড়াঙ্গলি পঢ়েই বলা হত। কিন্তু এই ধরনের ছড়াকে কবিতা কিংবা গান কি নাটক কিছুই বলা যায় না। এরা কেবল পঢ়ে মনের ইচ্ছা ব্যক্ত করছে, এই মাত্র। ‘জল দে বাবা’ না বলে বলছি ‘দে জল, দে জল বাবা !’ এতে জল আছে স্পষ্ট বোঝাল কিন্তু কাব্যরস তো নেই। এই ধরনের ছড়া কিংবা এই ইচ্ছের অঙ্গলিতে পঠ, আলপনা ও নানা চলাবলা থাকলেও এঙ্গলিকে কোনোদিন চিরকলা কি কাব্য বা নাট্য-কলা বলে ধরা সম্ভব নয়। কিন্তু পরে যে দ্ব-একটি ব্রহ্মের ছড়া প্রকাশ করছি সেঙ্গলির গঠনের এবং বাঁধুনির প্রণালী দেখলেই বোঝা যাবে তার মধ্যে নাট্যকলার লক্ষণ কেমন পরিষ্কৃট।

আলপনার অংশটাকে দৃশ্যপটের হিসাবে নিয়ে, ছড়া ও ক্রিয়া থেকে ভাস্তুলি ব্রহ্মের অঙ্গস্থানের যে মূর্তিটি পাওয়া যায় তা এই—

ক্রিয়া আরম্ভ হল। ভাজ মাসের ভরা নদী, কলসি-কাঁথে জল তুলতে চলেছে একটি ছোটো মেঘে এবং তার চেয়ে একটুও বড়ো নয় এমন একটি ধোমঠা-দেওয়া নতুন বউ এবং সজন্মীগণ।

জল তোলার গান বা ছড়া

এ-নদী সে-নদী একথানে মুখ,
তাস্তুলিঠাকুরানি ঘুচাবেন দুখ।
এ-নদী সে-নদী একথানে মুখ,
দিবেন ভাস্তুলি তিনকুলে স্থুখ।

একে একে নদীর জলে ফুল দিয়া।

ছোটো মেঘে। নদী, নদী, কোথায় যাও ?

বাপ-ভাবের বার্তা দাও।

ছোটো বউ। নদী, নদী, কোথায় যাও ?

সোয়ামি-খন্দের বার্তা দাও।

ইতিমধ্যে এক পশ্চা বৃষ্টি এল ; সকলে জলে-স্থলে ফুল ছিটাইয়া :
নদীর জল, বৃষ্টির জল, যে জল হও,
আমার বাপ-ভাইরের সম্মান কও !

বৃষ্টির শেষে, মেঝে-কালো আকাশ দিয়ে একরোক সাদা বক উড়তে উড়তে
চলে গেল ; একদল কাক কা-কা করতে করতে বড়ো একটা বকুলগাছ ছেড়ে
আমের দিকে উড়ে পালাল ; আকাশ একটু পরিষ্কার হচ্ছে ।

মেঝে ! কাগা রে ! বগা রে ! কার কপালে থাও ?

আমার বাপ-ভাই গেছেন বাণিজ্যে, কোথায় দেখলে নাও ?

ঘেঁষ-ফাটা রৌজু ভরা নদীর বুকে বালুচরের একটু মরীচিকার মতো
বিকশিক করেই যিলিয়ে গেল ।

মেঝে ! চড়া ! চড়া ! চেঁয়ে থেকো,

আমার বাপ-ভাইকে দেখে হেসো ।

কোনু গ্রামের একটা দড়ি-হেঁড়া ভেলা শ্রোতৃর টানে হ হ করে বেরিয়ে
গেল ।

মেঝে ! ভেলা ! ভেলা ! সমুদ্রে থেকো,

আমার বাপ-ভাইকে মনে রেখো !

দ্বিতীয় দৃশ্য

অতিরিক্তার দ্বিতীয় পালা বা দ্বিতীয় দৃশ্য আরম্ভ হল ; বনজঙ্গলে ধেরা
কাঁটা-পর্বত, অঙ্ককার রাঙ্গি, দূরে নানা অস্ত ও সমুদ্রের গর্জন শোনা যাচ্ছে ।

মেঝে সভয়ে ! বনের বাধ ! বনের মোষ !

তোমরা নিও না আমার বাপ-ভাইরের দোষ ।

সকলে কান্দিতে কান্দিতে । বাপ-ভাই গেছেন কোনু অজে ?

সোয়ামি-শুণুর গেছেন কোনু অজে ?

বনদেবী আশ্বাস দিয়া । তাঁরা গেছেন এক পথে,

কিন্তে আসবেন আর পথে ।

উদয়গিরিশিথের স্মর্দেদয়ের আভা লাগল ; উদয়গিরিকে ফুল দিয়ে পুঁজো
করে সকলে । কাটার পর্বত ! সোনার চূড়া ! উদয়গিরি !

তোমারে যে পুজলাম স্মরণলে, আহুন তাঁরা আপন বাড়ি ।

বনদেবীর প্রতি সকলে । তোমার হোক সোনার পিঁড়ি ।

স্মর্দেদয়ের আলোর মধ্যে জোড়া ছত্র মাধায়, দিনরাত্রি শরৎ-বর্ষারঁহই-
নোকোয় পা ঝেখে, সমুদ্রের উপরে ভাস্তুলির আবির্ভাব ।

সাগরের গান । সাত-সমুদ্রে বাতাস খেলে, কোনু সমুদ্রে ঢেউ তুলে ।

বনদেবী সাগরের প্রতি । সাগর ! সাগর ! বন্দি ।

মেঘে । তোমার সঙ্গে সঙ্গি ।

সাগরকে ধিরিয়া সকলে । ভাই গেছেন বাণিজ্যে,

বাপ গেছেন বাণিজ্যে,

সোঁওয়ামি গেছেন বাণিজ্যে ।

আকাশবাণী ।

কিরে আসবেন আজ,

ফিরে আসবেন আজ,

ফিরে আসবেন আজ ।

সকলের নমস্কার । জোড়-জোড়-জোড় সোনার ছস্তর জোড়নৌকায় পা ।

আসতে-থেতে কৃশল করবেন ভাস্তুলি মা ।

তৃতীয় দৃশ্য

ଆমের মধ্যে ভাস্তুলি-অর্হানের তৃতীয় দৃশ্য বা পালা শুরু হল ; ভাস্তুর
শেষদিন, নতুন শরতের সকাল যুম্ন আমথানির উপরে এসে পড়েছে, মেঘেদেহ
ধিঙ্কির পুকুর কানায় কানায় পরিপূর্ণ, তারই উপরে সোনার রোদ বিকম্বিক
করছে, পুকুরে পাড়ে জোড়া তালগাছ । তাতে বাবুইপাথির বাসা ।
বাবুইপাথি গাইছে ।—

পুঁটি ! পুঁটি ! উঠে চা ।

ভাস্তুলি মাঝে বর দিল ।

ঝাটে এল সপ্ত মা' ।

কুটিরের ঝাঁপ খুলে নৌকো-বরণের ডালা হাতে সব মেঝে-বউ একে একে
বাহির হচ্ছে ।

বুড়ি পড়শি । পড়শি লো পড়শি !—
 তাল-তাল পরমায়, তালের আগে চোক !
 ঘাটে এসে ডঙ্কা দেয় কোনু বাড়ির নোক !
 মেঘেরা, বউরা । আমাৰ বাড়ির নোক, আমাৰ বাড়ির নোক !
 দূৰে ডঙ্কা পড়লে একদল বাবুই কিচিটি কৱে বাসা ছেড়ে উড়ল ।—
 মেঘেরা সকলে । বাবুই-বাসা দল দল !

নৌকা ব'রতে ঘাটে চল, ঘাটে চল । [প্রস্থান

চতুর্থ দৃশ্য

সকালবেলার নদীভীরে ভাইলিৰ পালা সাজ হচ্ছে ; গঙ্গাৰ অনেক দূৰে
দূৰে ঘৰযুথো নৌকো, সাদা সাদা পালঙ্গলি দেখা দিয়েছে । কতকগুলি
নৌকো পৱেৰ পৱ এসে ঘাটে লাগল, যাত্ৰী ওঠানামাৰ, নৌকো ভেড়াৰাৰ
কোলাহল ; প্ৰাসীৱা সব পৌঁটলাপুঁটলি নিয়ে ডাঙোয় নামছে ।

মেঘেরা নৌকোবৱণ ক'রে
 এ-গলুৱে ও-গলুৱে চন্দন দিলাম,
 বাপ পেলাম, বাপেৰ নন্দন পেলাম ।
 এ-গলুৱে ও-গলুৱে সিন্দুৱ দিলাম,
 বাপ ভায়েৰ দৰ্শন পেলাম ।
 বউরা জলে কলাবউ ও ফুল ইত্যাদি ভাসাইঁ
 কলার কাদি ! কলার কাদি !
 তোমাকে দিলাম গঢ়াৱ, আমৰা গিৱা বাঁধি ।
 বাত্রী ও নাবিকদলেৰ গান
 একুল ওকুল উজান ভাটি,
 নামলাম এসে আপন মাটি ।

এক মৌকা চড়ায় লাগালায়,
এক মৌকা ছাড়লায় ।
অজে যাই, বাণিজ্য যাই, সকল মৌকা পেলায় ।
হতো ধরিয়া সকলকে ধরিয়া মেরেৱা।
দিক্ দিক্ সকল দিক্ সকল দিকেই বায়ুন ।
অজে হোক বাণিজ্য হোক দেবতায় বেঁধে রাখুন ।

গান্ধে নামাবলী কোশাকুশি হাতে গ্রামের আচারির ঝৈশে
আচারি । নম নম ভাদ্রলিদেবী ইন্দ্রের শাঙ্কড়ি,
বছুর বছুর রক্ষা কোরো অভীর পুরী ।

বাব যে কথাটি এবং ক্রিয়াটি কেবল সেইটুকু নির্দিষ্ট করা এবং প্রত্যেক
দৃশ্যের গোড়ায় বা-যা আলপনা দেওয়া হয় সেইগুলি একটু বর্ণনা করে দেওয়া
ছাড়া, ছড়াঙ্গলির সংস্থানে আমি কিছুমাত্র উলটোপালটা করি নি ; অথচ
কেমন সহজে আপনি এর নাট্য-অংশটা বেরিয়ে এল । এই অভের প্রত্যেক
ছড়া, ষট্টা-স্থান-কাল-পাত্র-ভেদে আপনিই এক-এক অঙ্কে ভাগ হয়ে রয়েছে
দেখি । প্রথম ও দ্বিতীয় দৃশ্যে ঘরের লোকৰা সঞ্চান করছে, যারা বাইরে
গেছে তাদের নিরাপদে দেশে আসার প্রতীক্ষা করছে, কামনা করছে । এটি
প্রতীক্ষা ও বিরহের অঙ্ক । তৃতীয় চতুর্থ দৃশ্য হল যিলনেৱ ; মৌকা এসে
বাটে ভিড়ছে, পথে ঘাটে আবল । এটাকে একটা মহানাটক বলা চলে না,
কিন্তু নাট্যকলার অঙ্কুর যে এখানে দেখছি সেটা নিশ্চয় ।

ছেলেভুলোনো ছড়া একটিমাত্র তাৰ দৃশ্য বা ষট্টনা নিয়ে যেমন ক'রে
সেটাকে বর্ণন করে, ভাদ্রলিভৱের ছড়াঙ্গলি তো জিনিসটাকে আমাদের সামনে
তেমন ক'রে উপস্থিত করছে না ! ছেলেভুলোনো ছড়া, যেমন —

সুমপাড়ানি মাসিপিসি শুমের বাড়ি এসো,
সেঁজ নেই, মাদুর নেই, পুঁটুৰ চোখে বসো ।
ডিবে ভৱে পান দেব, গাল ভৱে খেয়ো,
ধিঙ্কি-দুরোৱ খুলে দেব, ফুড়ত কৱে যেয়ো ।

কিছি ঘেঁথন—ইকড়িমিকড়ি চামচিকড়ি

চামকাটা মজুমদার,

ধেংসে এল দামুদার,

দামুদার ছুতোরের পো,

হিঙুল গাছে বেঁধে খে ।

এগুলোর মধ্যে ওঠাবসা, চলাফেরা, শাসি, পিসি, মজুমদার, দামুদার, ছুতোরের পো—এমনি নানা বটনা, নানা পাত্রপাত্রী যথেষ্ট রয়েছে ; কিন্তু এদের নিরে অভিনয় বা নাটক করা চলে না। কিন্তু ভাইলির অহুষান গাছপালার মধ্যে, নয় তো স্টেজে সিন খাটিয়ে একদিন লোককে দেখিয়ে দেওয়া চলে ।

ভাইলিরভূতের মতো আরও ব্রত রয়েছে যার ছড়াঙলি আলাদা আলাদা টুকরো টুকরো জিনিস নয়, কিন্তু সমগ্র পদাৰ্থ, পুরো একটি নাটক।—যদিও খুব ছোটো !—ছবি ও ছড়া আৰায় ও অভিনয়ে একটুখানি । এই-সব ছড়ায় নানা বসের সমাবেশ দেখা যায়, শুধু কামনাটুকু জানানো এই-সব ছড়ার উদ্দেশ্যও নয় । হই রকমের ছুটি ব্রত পাশাপাশি বাধলেই স্পষ্ট বোৱা যাবে । একশ্রেণীর ছড়া কামনাকে স্বর দিছে, স্বর-দিছে না, কিংবা মনের আবেগের অনুরণনও তার মধ্যে নেই । এই ভাবের ছড়া দিয়ে মেয়েদের এই সেঁজুতি ব্রতটি গাঁথা হয়েছে । সেঁজুতি খুব একটি বড়ো ব্রত । “সকল ব্রত করলেন ধনী, বাকি রইল সাজ-সুজনী ।” এই ব্রতটিতে প্রায় চলিষ্প ব্রকমের জিনিস আলপনা দিয়ে লিখতে হয় এবং তার প্রত্যেকটিতে ফুল ধ’রে, এক-একটি ছড়া বলতে হয় । কিন্তু ছড়াঙলি সব টুকরো-টুকরো । কেবল কামনা জানানো ছাড়া আর কিছু পাই নে, ঘেঁথন—

সাজপূজন সেঁজুতি

বোলো বৰে বোলো ব্রতী ;

তার এক দৱে আমি ব্রতী

ব্রতী হয়ে মাগলাম বৱ—

ধনে পুঁজে পুঁক বাপ-মাৰ বৱ ।

দোলার ফুল ধ’রে

বাপেৰ বাড়িৰ দোলাধানি

শুভৱাবাড়ি যায় ।

আসতে-বেতে হই জনে

সৃত শুধু খায় ।

বেগুনপাতায় ঝুল ধরে
বেগুনপাতা টোলা-টোলা।
মার কোলে সোনার তোলা।

অত্যেক জিনিসে ঝুল ধরে
মাকড়সা, মাকড়সা, চিরের ফোটা !
মা যেন বিয়োৱ চাঁদপালা বেটা !

শুঁড়ো গাছ ! কাঁকুনি গাছ !
মুঠে ধরি মাজা ।
বাপ হয়েছেন রাজেশ্বর,
ভাই হয়েছেন রাজা ।

শর, শর, শর !
আমার ভাই গাঁৱের বর ।

বেণা, বেণা, বেণা !
আমার ভাই চাঁদের কোণা ।

আম-কাঠালের পিঁড়িখানি
তেল-কুচকুচ করে,
আমার ভাই অমুক ষে
সেই বসতে পারে ।

বাঁশের কোড়া ! শালের কোড়া !
কোড়ার মাথায় ঢালি দি,
আমি যেন হই রাজার বি ।

কোড়ার মাথায় ঢালি ঘড়,
আমি যেন হই রাজার বউ ।

কোড়ার মাথায় ঢালি পানি,
আমি যেন হই রাজার রানি ।

কুলগাছ, কুলগাছ, কেঁকুড়ি ।
সতিন বেটি মেকুড়ি ।
ময়না, ময়না ময়না !

হাতা, হাতা, হাতা !
থা সতিনের মাধা ।
বেড়ি, বেড়ি, বেড়ি !
সতিন মাগি টেরি !

পাখি, পাখি, পাখি !
সতিন মাগি মরতে যাচ্ছে
ছাদে উঠে দেখি ।
বিটি, বিটি, বিটি !

সতিনের আঙ্কে ঝুটনো ঝুটি ।
অসৎ কেটে বসত করি,
সতিন কেটে আলতা পরি ।
চড়া রে, চড়ি রে, এবার বড়ো বান,
উঁচু করে বীধৰ মাচা,
বসে দেখব ধান ।

ওই আসছে টাকার ছালা,
ভাই শুণতে গেল বেলা ।
ওই আসছে ধানের ছালা,
ভাই মাপতে গেল বেলা ।
কেন রে নাতি, এত রাতি ?
কাদায় পড়িল ছাতি,
ভাই তুলতে এত রাতি ?
এসো নাতি, বসো ধাটে,

পা ধোওগে গড়ের শাঠে ।
সোনার ভেটা দেন হাতে,
খেল করবে পথে পথে ।
গঙ্গা-যমনা জুড়ি হয়ে,
সাত-ভেঁরের বোন হয়ে,
সাবিত্তীসমান হয়ে,
গঙ্গাযমনা পূজ্যন् ।
সোনার ধালে ভুজ্যন् ।

চন্দ্রস্বর্ণ পূজ্যন्,
সোনার ধালে ভুজ্যন् ।
সোনার ধালে ক্ষীরের লাড়ু,
শঙ্খের উপর স্ববর্ণের খাড়ু ।
অঝর্ণঠাকুর বরশে
ফুল ফুটেছে চরশে ।
যথন ঠাকুর বর দেন,
আপনার ফুল ঝুড়িয়ে নেন । ইত্যাদি
এইবার মাঘমঙ্গল ব্রতটি কেমন তা দেখি । পৌষের সংক্রান্তি থেকে
আরম্ভ হয়ে মাঘের সংক্রান্তি পর্যন্ত ব্রত চলে । এই ব্রতের ছড়া দেখি তিনি
অঙ্গে ভাগ করা রয়েছে । প্রথম, শীতের কুয়াশা ভেঙে সূর্যের উদয় বা শীতের
পরাজয় ও সূর্যের অভ্যুদয় । বিতীয় অংশে রয়েছে মধুমাসের চন্দ্রকলার সঙ্গে
সূর্যের বিয়ে, শেষ অংশে বসন্তের জন্ম ও মাটির সঙ্গে তাঁর পরিগঞ্জ । প্রথম
দৃশ্যপট উঠল —

প্রথম দৃশ্য

শীতের শেষরাত্রি, কুয়াশা তখনো ঘন হয়ে চারি দিক দেকে রয়েছে, রাত্রের
ফুলমুঢ়ি শিশিরের ভারে একেবারে জলের ধারে ঝুঁকে পড়েছে, একটুখানি
বাতাসে ধাসের শীঘণ্ডিলি ফুলে ফুলে সেই ফুলমুঢ়ির সঙ্গে দিদির জল থেকে-
থেকে স্পর্শ করতে লেগেছে । মালীর বাগানে ছোটো ছোটো ফুলবালারা
আর গ্রামের অভীরা পুরুরের পাড়ে সব পা মেলে ফুলের আগায় পুরুরের জল
নিয়ে থেলা করতে লেগেছে ।

ফুলবালারা । চোখে-মুখে জল দিতে কী কী ফুল লাগে ?

ফুলেরা । ইতল বেতল সরম্বা মরম্বা ছুটি ফুল লাগে !

দিদির ওপার থেকে নাগেখরের মন্দিরের মালি প্রশ্ন করছে, ‘ওপার থেকে
জিজ্ঞাসেন মালী’—বলি, কী কী ফুলে মুখ পাখালি ?

ফুলেরা । ইতল বেতল দ্বাই ফুলে ।

সরঞ্জা মরঞ্জা দ্বাই ফুলে ।

মালি । সেই ফুলে থান কি ?

ফুল । নল ভেড়ে জল থান ।

ফুলবালারা, ফুলেরা, থাসেরা, এ ওর গায়ে ঢলে পড়ে—

যে জল ছোঁয় না লো কাকে বগে,

সে জল ছুঁই মোরা দুর্বার আগে !

অতীরা, ফুলবালারা, ফুলেরা সকলে আছোঁয়া পুকুরের পরিকার জল
মুখে-চোখে দিচ্ছে ; সাজি হাতে মালিনীর প্রবেশ এবং এই কাও দেখে
মালিনীর রঞ্জভঙ্গ ও উচ্চহাস্য ।

ফুলের গঞ্জজল পুকুরেতে ভাসে,

তাই দেখে মেলেনিটা খটখটাইয়া হাসে ।

হেসে যে মালিনী কী বলছে তা পরের উষ্ণর-প্রত্যন্তর থেকে বেশ এঁচে
নেয়া যায় । মালিনী বলছে যেন—একি ? একি ? আজ যে বড়ো ‘ফুলের
গঞ্জজল পুকুরেতে ভাসে’। ওমা এই শীতের রাত না পোহাতে গেরন্তর মেঝে
তোমরা এই আষ্টাটায় কেন গো ?

মেঘেরা । হাসিস না লো, খুশিস না লো, তুই তো আমার সই !

মাধুমণ্ডলের বর্ত কলম, ঘাট পামু কই ?

মালিনী । আছে আছে লো ঘাট, বামুনবাড়ির ঘাট !

মেঘেরা । রাত পোহালে বামুনগো গৈতে ধোওনের ঠাট ।

সেখানে আমরা যাব না মালিনী, জল ভালো নন—‘গৈতা-কচলামো জল
পুকুরেতে ভাসে’ ।

মালিনী । আছে আছে লো ঘাট, গোয়ালবাড়ির ঘাট ! ,

মেঘেরা । গঞ্জাগো দই-ক্ষীরের ইাড়ি ধোওনের ঠাট ।

মালিনী । নাপিতবাড়ির ঘাট ?

মেঘেরা । নাপিতগো খুর ধোওনের ঠাট ।

মালিনী ! ধোপাবাড়ির ঘাট ?
 মেঝেরা ! ধোপাগো কাপড় ধোওনের ঠাট !
 মালিনী ! ভুইয়ালিয়ির ঘাট ?
 মেঝেরা ! ভুইয়ালিয়িগো কোদাল ধোওনের ঠাট !
 মালিনী হাসিঙ্গা ! মেলেনি বুড়ির ঘাট ?
 মেঝেরা ! মেলেনি, বুড়ির ফুল ধোওনের ঠাট !

গান

মালি ! আধাগাজে বাড়িবিষ্টি, আধাগাজে মালি,
 মধ্যথানে পড়ে রঞ্জেছে জৈৎ ফুলের ডালি !
 মেঝেরা ! কৈ যাস লো মালিনী ফুলের সাজি লৈঙা ?
 মালিনী ! ফুল ফুটেছে নানা রকম ডাল পড়েছে ঝুইয়া !
 সকলে ! আগের ফুল তুলিস না লো কলি-কলি !
 গোড়ার ফুল তুলিস না লো বালি-বালি !
 মালিনী ! মধ্যের ফুল ঝুইলা আনিস নাগেখরের মালি !
 নাগেখরের মালি রে !
 কোনু কোনু ডালে ঝাঁধিলি বাড়িলি ?
 কোনু কোনু ডালে খাইলি লইলি ?
 কোনু কোনু ডালে নিশি পোহাইলি ?
 মালি ! অইতের ডালে ঝাঁধিলাম বাড়িলাম,
 অভসীর ডালে খাইলাম লইলাম,
 গাঁদার ডালে নিশি পোহাইলাম !
 সকলে ! অইত গাছে কে, ডাল নামাইয়া দে,
 স্মর্ধি ঠাকুর চাইছেন ফুল, সাজি ভরিয়া দে !
 এইখানে ফুল তোলার পালা সাজ হয়ে বিভীষ পালা আরম্ভ হল, কুম্বাশার
 মধ্যে একটি ফুলগাছের সামনে !

বিভীষণ দৃশ্য

মেঝেরা বেত্তলতা হাতে

কুয়া ভাঙ্গুয়, কুয়া ভাঙ্গুয়, বেৎলার আগে ।

সকল কুয়া গেল ওই বরই গাছটির আগে ।

ওরে ওরে বরই গাছ, খুলন দে !

দে দে বরই ওরে, খুলন দে !

বেত্তলতার আগে অল হিটাইয়া কুয়াশা ভাঙার অভিনয়

সকলে লিলিয়া তার পরে সৰ্বের ক্ষেত্ৰে

উঠ উঠ স্থৰ্যঠাকুৱ বিকিমিকি দিয়া ।

মেঝেরা ।

না উঠিতে পাৰি আমি ইয়লেৱ^১ লাগিয়া ।

মেঝেরা পৰম্পৰে

ইয়লেৱ পঞ্চকাটি শিয়ৱে থুইয়া

উঠিবেন সৰ্ব কোনূৰ্ধান দিয়া ?

মালিনী ।

উঠিবেন সৰ্ব বামুনবাড়িৰ ঘাটখান দিয়া ।

মেঝেরা ।

উঠ উঠ স্থৰ্যঠাকুৱ বিকিমিকি দিয়া ।

সৰ্ব ।

না উঠিতে পাৰি আমি ইয়লেৱ লাগিয়া ।

মেঝেরা ।

উঠিবেন সৰ্ব কোনূৰ্ধান দিয়া ?

মালিনী ।

গোয়ালবাড়িৰ ঘাটখান দিয়া ।

এমনি কত ঘাটেই নাম হল, কিন্তু কোনো ঘাটেই সৰ্ব উদয় হলেন না ।

শেষে বুড়ি মালিনীৰ ঘাট, যেখানে ফুলেৱ গঞ্জল পুকুৰেতে ভাসছে সেইখানে সৰ্বেদয় হল কুয়াশা ভেঙে । এইবাবে যথুবাসেৱ চন্দ্ৰকলাৰ সঙ্গে সৰ্বেৱ বিশ্বেৱ পালা আৱস্থ হল ।

অধ্যয় দৃশ্য

বাসৱঘৰে চন্দ্ৰকলা ও সৰ্ব । কুঞ্জেৱ মধ্যে সকাল হচ্ছে

চন্দ্ৰকলা সনিধাসে । কাউৱায় কৰে কলম্ব ! কোকিলে কৰে অনি !

তোমাৰ দেশে যাৰ সৰ্ব, মা বশিৰ কাৰে ?

^১ কুয়াশাৰ ।

- | | |
|-------------|--|
| ଶ୍ରୀ । | ଆମାର ମା ତୋମାର ଶାନ୍ତି, ମା ବଲିଯୋ ତାରେ । |
| ଚନ୍ଦ୍ରକଳା । | ତୋମାର ଦେଶେ ସାବ ଶ୍ରୀ, ସାପ ବଲିବ କାରେ ? |
| ଶ୍ରୀ । | ଆମାର ସାପ ତୋମାର ଶଶୁର, ସାପ ବଲିଯୋ ତାରେ । |
| ଚନ୍ଦ୍ରକଳା । | ତୋମାର ଦେଶେ ସାବ ଶ୍ରୀ, ବହନ ବଲିବ କାରେ ? |
| ଶ୍ରୀ । | ଆମାର ବୋନ ତୋମାର ନନ୍ଦ, ବହନ ବଲିଯୋ ତାରେ । |
| ଚନ୍ଦ୍ରକଳା । | ତୋମାର ଦେଶେ ସାବ ଶ୍ରୀ, ଭାଇ ବଲିବ କାରେ ? |
| ଶ୍ରୀ । | ଆମାର ଭାଇ ତୋମାର ଦେଉର, ଭାଇ ବଲିଯୋ ତାରେ । |
| ଚନ୍ଦ୍ରକଳା । | ସନିଖାତେ । କାଉଁଯାଏ କରେ କଲ୍ୟଲ । କୋକିଲେ କରେ ଧନି । |

ପିତୀମ ଦ୍ୱାରା

সুর্দেল বাড়ির সম্মুখ, বৈতালিকের গান

- চন্দ্ৰকলা মাধবেৰ কষ্টা মেলিয়া দিছেন কেশ,
 তাই দেখিয়া স্বৰ্যঠাকুৱ ফিরেন নানা দেশ ।
 চন্দ্ৰকলা মাধবেৰ কষ্টা মেলিয়া দিছেন শাড়ি,
 তাই দেখিয়া স্বৰ্যঠাকুৱ ফিরেন বাঢ়ি-বাঢ়ি ।
 চন্দ্ৰকলা মাধবেৰ কষ্টা গোল খাড়ুয়া পায়,
 তাই দেখিয়া স্বৰ্যঠাকুৱ বিয়া কৱতে চায় ।
 পড়শি । বিয়া কৱলেন স্বৰ্যঠাকুৱ, দানে পাইলেন কী ?
 বৈতালিক । হাতিও পাইলেন, মোঢ়াও পাইলেন, আৱ মাধবেৰ বি ।
 খাট পাইলেন, আজিয় পাইলেন, আৱ মাধবেৰ বি ।
 লেপ পাইলেন, ভোক পাইলেন,
 ঘটি পাইলেন, বাটি পাইলেন,
 থালা পাইলেন, খোৱা পাইলেন, আৱ মাধবেৰ বি ।
 পড়শি । মায়েৰ অস্ত আনছেন কী ?
 বৈতালিক । শ'খা সিঁদুৱ ।
 পড়শি ! বাপেৰ অস্ত আনছেন কী ?
 বৈতালিক । হাতি ষোড়া ।

পড়শি । বইনের জগ্নি আসছেন কী ?

বৈতালিক । খেলানের সাজি ।

গৌরী বা সক্ষাৎ, সুর্যের আগে দ্বীকে দেখিয়া চূপি চূপি

পড়শি । সতের জগ্নি আসছেন কী ?

বৈতালিক । কুঁইয়া পুঁটি ।

গৌরী । খামু না লো খামু না লো, শিয়রে থমু ।

গ্রান্তথান পোহাইলে কাউঘারে দিমু ।

শ'ক বাজাইয়া, উলু দিয়া, কনে বরশের ডা঳া ইত্যাদি লইয়া

একদল মেয়ের অবেশ

মেয়েরা । উক্ত উক্ত দেখা যায় বড়ো বড়ো বাঢ়ি ।

ঐ যে দেখা যায় সুর্যের মাঝ বাঢ়ি ।

সুর্যের মাঝ বাঢ়ির দরজায় গিয়া

সুর্যের মা^১ লো কি কর দুঃখারে বসিয়া ?

তোমার স্বর্য আসতেছেন জোড় ঘোড়ায় চাপিয়া ।

সুর্যের মা । আসবেন স্বর্য বসবেন খাটে,

নাইবেন ধুইবেন গঙ্গার ঘাটে,

গা হেলাবেন সোনার খাটে,

পা যেলাবেন ঝুপার পাটে,

ভাত খাইবেন সোনার খালে,

বেন্নল খাইবেন ঝুপার বাটিতে,

আঁচাইবেন ডাবর ভরা,

পান খাইবেন বিড়া বিড়া,

সুপারি খাইবেন ছড়া ছড়া,

খয়ের খাইবেন চাঙ্গা চাঙ্গা,

^১ কেনে উকাকে সুর্যের মা বলা হইয়াছে ।

চুন খাইবেন খুটুরি ভৱা,
পিক ফেলাইবেন লাদা লাদা !

বরবেশে স্বর্য চৰুকলা-বধুকে লইয়া জাঁকজমকে আপনার পুরীতে অবেশ
কৰলেন ।

নট-ঢাইর শৃঙ্গারীত

- নট । সোনার বাটি ঝুমুর ঝুমুর মিষ্টি বাটির তৈল ।
 তাই লইয়া স্বর্যঠাকুর নাইতে গেলেন কৈলো ।
 নাইয়া ধুইয়া বাটি ধুইলেন কৈলো ॥
- নট । বাটি বাটি ঝুমার আটি, সঙ্কল পুড়িয়া গেল ।
 লক্ষ টাকার বাটি আমার হারাইয়া গেল ।
- নট । গেছে গেছে ইহ বাটি আপদ বালাই নিয়া ।
 আরেক বাটি গড়াম-নে চাকা সোনা দিয়া ।
- উভয়ে । সোনার বাটি ঝুমুর ঝুমুর মিষ্টি বাটির তৈল ।

তৃতীয় দৃশ্য

স্বর্যের অন্তঃপুর । স্বর্যের বাপ মা এবং ভাই ভগিনী খড়ো খড়ি ও ভাণ্ডারী
সিকদার যে ধার কাজে । কেউ শুয়ে, কেউ ব'সে । এদিকে ওদিকে বিয়ের
দানসামগ্ৰী ছড়ানো । চৰুকলাৰ দেশ থেকে সবাৰ জষ্ঠ উপহাৰ এসেছে,
কেবল স্বর্যের বড়ো জ্বী গোৱী বা সঙ্ক্ষা কিছু না পেয়ে চোখ মুছতে মুছতে
স্বর্যের ধাইয়াৰ কাছে গিয়ে বাপেৰ বাড়ি যাবাৰ জষ্ঠ বলছেন ।

- গোৱী । আগাটনি পানবাটনি ধাই-শাঙ্কড়ি গো ।
 আমাৰে নি নাইয়াৰ দিবা ? আমাৰে নি নাইয়াৰ দিবা ?
- ধাই । কি জানি, কি জানি বউ গো,
 আন গিন্না তোমাৰ খণ্ডৱেৰ ঠাই ।

১ নাইয়াৰ দেওয়া—বাপেৰ বাড়ি পাঠানো ।

গোরী। বাড়ির কর্তা শঙ্করঠাকুর গো !

আমারে নি নাইয়ার দিবা ? আমারে নি নাইয়ার দিবা ?

শঙ্কুর। কি জানি, কি জানি বউ গো, জান গিয়া তোমার শাঙ্কড়ির ঠাই !

গোরী। বাড়ির গিন্ধি শাঙ্কড়ি-ঠাকুরানি গো, আমারে নি নাইয়ার দিবা ?

শাঙ্কড়ি। কি জানি, জান নবাসের^১ ঠাই !

গোরী। আনাঙ্গ-তরকারি-কুটনি নবাস-ঠাকুরানি গো—

নবাস। কি জানি, জান দেওরের ঠাই !

গোরী। লেখইয়া পড়ইয়া দেওর গো—

দেওর। জান সিকদারের ঠাই !

গোরী। আড়লের ভাড়লের কর্তা সিকদার হে—

সিকদার। (টাকে হাত বুলাইয়া) জান তোমার সোয়ামির^২ ঠাই !

গোরী। (স্মর্যের কাছে গিয়া) ঘরঘৃহস্থী সোয়ামি হে !

আমারে নি নাইয়ার দিবা ? আমারে নি নাইয়ার দিবা ?

সূর্য রাগিয়া। আনিব চিকন চাটিলের চটা^৩

ভাঙ্বি গোড়া নাইয়ারের ঘটা !

এইখানে স্মর্যের পুত্র লাউলের পালা আরম্ভ হল—‘রাওল বা সূর্যপুত্র খতুরাঞ্জের বিষ্ণে’। রাতুল থেকেও লাউল কথাটি আসা সম্ভব।

প্রথম দৃশ্য

খতুরাজ রাওলের সঙ্গে মাটির কস্তা হালামালার বিয়ের আঝোজন চলছে। সকলে নানা আঝোজনে ব্যস্ত ; স্মর্যের বাপ ছ'কো-হাতে চালা বাঁধতে ব্যস্ত। বাঁশ দড়ি খড় ইত্যাদি চারি দিকে ছড়ানো। সোকজন ঘরানিরা কাজের একটু অবসরে ইঁড়ি বাজিয়ে গান ধরেছে :

গান

কাউয়া বলে কা,
রাত পোহাইয়া থা !

১ স্বামীর বড়ো বোন।

২ বাঁশের চটা।

ইাড়ি পাতিল ঠুকুৱ-ঠুকুৱ কলসিৰ কাঁধা,

আজ লাউলেৱ বড়ো বাড়ি বাঁধা ।

ইাড়ি পাতিল ঠুকুৱ-ঠুকুৱ কলসিৰ কাঁধা,

আজ লাউলেৱ কলাবাগান বাঁধা ।

ইাড়ি পাতিল ঠুকুৱ-ঠুকুৱ কলসিৰ কাঁধা,

বড়ো বাড়ি বাঁধা ।

কলাবাগান বাঁধা ।

কাউন্দা বলে কা,

ৱাত পোহাইয়া যা !

কাদামাটিৰ ঝুড়ি মাখাৰ

একদল মাসী-মালিনীৰ প্ৰবেশ

কাদামাটিৰ তলে লো কাদামাটি,

তাতে ফেলাইলাম কাঁঠালখানি,

কাঁঠালেৱ আগে লো তুলাখানি,

তাতে বসাইলাম বামুনহাটি ।

ঘটক ব্ৰাঙ্গণেৱ প্ৰবেশ

ব্ৰাঙ্গণকে হঁকা দিয়া সুৰ্যেৰ বাগ

বামুন ভাইয়া, বামুন ভাইয়া, ভাদুলা তামুক খাইয়ো ।

আমাৰ লাউলেৱ বিঘাৰ সময়, মূল মন্ত্ৰ পড়িয়ো ।

ইাড়ি পাতিল লইয়া কুমোৰেৱ প্ৰবেশ

সুৰ্যেৰ বাগ । কুমাৰ ভাইয়া, কুমাৰ ভাইয়া, ভাদুলা তামাক খাইয়ো ।

আমাৰ লাউলেৱ বিঘাৰ সময় ইাড়ি পাতিল দিয়ো ।

ধোপা, নাপিত, গোৱালা অঙ্গুতিৰ প্ৰবেশ

সুৰ্যেৰ বাগ । ভাদুলা তামুক খাইয়ো, ভাৰা, ভাদুলা তামুক খাইয়ো !

বিভীষণ দৃশ্য

লাউলের বিয়ের তোজ। অন্ধরবাড়িতে স্রষ্ট ঘুরে ঘুরে তদান্তক করছেন,
গামছা মাথায়। জেলে সঙ্গে সিকদারের প্রবেশ।

সিকদার। স্রষ্ট গো, পুরুষে ফেলাইলাম জাল, তাতে উঠিল না কিছু মাছ।

জেলেনিদের মাছ লইয়া প্রবেশ

জেলেনিয়া। উঠল লো, উঠল মাছ।

সিকদার। নিবে কে ?

জেলেনি। ওই আসছে বামুন মেঝে খালুই হাতে ক'রে।

মেঝেরা খালুই ভরিয়া মাছ লইল

সিকদার। নিলাম লো, নিলাম লো ! মাছ কোটে কে ?

বাঙ্গলী। ওই আসছে মাছকুটুনি বঁটি হাতে ক'রে।

মাছকুটুনি মাছ কুটিতে বসিয়া গেল

সিকদার। কুটলাম লো কুটলাম ! মাছ ধোয় কে ?

মাছকুটুনি। ওই যে আসে ধোয়নি ঘটি হাতে ক'রে।

ধোয়নি মাছ ধুইতে লাগিল

সিকদার। ধুলাম লো ধুলাম ! মাছ রাঁধে কে !

মাছধোয়নি। ওই আসে রাঁধুনি আঙুন হাতে ক'রে।

রাঁধুনির রাঁধ আরম্ভ

সিকদার রাম্ভার ধোয়াতে চোখ মুছিয়া নাক সিঁটকাইয়া। খাইবে কে ?

রাঁধুনি। ওই আসছে খাউনি থালা হাতে ক'রে।

সকলে খাইতে বসিয়া গেল

সিকদার সনিধাসে। এঁটো নেবে কে ?

খাউনিয়া। ওই আসছে এঁটো-নেওনি গোবর হাতে ক'রে।

সিকদার চটিয়া সকলকে ধাকাধোকা দিয়া। যা নেওনি, মাছকুটুনি, আশ-
ধোয়নি, মাছরাঁধুনি, ভাতখাওনি, পাতকুড়োনি, যা।

সিকদারনি । আমরা নিমো, ধুমো, রাঁধমো, কুটমো, খামো, কেশমো,
যেমন-তেমন কৈয়ে।

ব্যস্ত হইয়া শৰ্দের বাপের অবেশ

বাপ । পান দিবে কে ?

সিকদার । ওই আসছে পান-খাওয়ানি ডিবা হাতে ক'রে ।

বাপ । বিছানা পাতিবে কে ?

সিকদার । ওই আসছে বিছানা-পাতুনি তোশক হাতে ক'রে ।

সিকদারনি । শুইবে কে ?

বাপ । ওই আসছে শুয়নি বালিশ হাতে ক'রে ।

সিকদার । রাত পোহাইবে কে ?

বাপ । ওই আসছে রাতপোহানি কাউয়াহাতে ।

গান

কাউয়া বলে কা !

রাত পোয়াইয়া যা !

তৃতীয় দৃশ্য

হালামালার বাড়ি, ছাদনাভলায় একদল জ্বী ও পুরুষ বরবেশী লাউলকে
আর হালামালাকে লইয়া । সকলকে ফুল ছিটাইতে ছিটাইতে :

এপারে লাউল, ওপারে লাউল, কিসের বাড়ি বাজে ?

বাজার বেটা সওদাগর বিয়ে করতে সাজে ।

সাজ সাজস্তি লাউল মাথায় মুকুট দিয়া ।

ঘরে আছে রাঙ্গকষ্টা তুইলা দিব বিয়া ।

সাজ সাজস্তি লাউল পায়ে নেপুর দিয়া ।

ঘরে আছে স্বনরী কষ্টা তুইলা দিব বিয়া ।

ফুল ছিটাইয়া গান

আমের বইল আসে লো লোচা লোচা,

আমের বইল আসে লো বাড়ি বাড়ি ।

শালী-শালিনীর গান

ফুল কইলাম গাঁয় গাঁয়,
সে ফুল গেল দখিন গাঁয় ।

শালিনী । দখিন গাইয়া শালি রে ।

শালী । ফুলের ডালা লবি রে ?

শালিনী । হাতে কলসি, কাঁথে পোলা,
কেমনে লব ফুলের ডালা রে ।

এইখানে শাটির সঙ্গে ব্রায় বা স্থৰের ছেলে রাওলের (লাউলের) বিবাহের
ও মিলনের পালা শেষ হল । এর পরে খতুরাজ পৃথিবীকে ফলে-ফুলে উর্বরা
করে বিদ্যায় হচ্ছেন । মেঘদের লাউলকে ধরে রাখবার চেষ্টা ।—

কই যাও রে লাউল গামছা মুড়ি দিয়া ?

তোমার ঘরে ছেইলা হইছে বাজনা জানাও গিয়া ।

ধোপা জানাও গিয়া, নাপিত জানাও গিয়া, পরহাইত জানাও গিয়া ।

কিন্ত খতুরাজের তো থাকবার জো নেই, তাঁকে একলা যেতেই হবে ।
আবার শীতের ঘণ্টে দিয়ে তিনি ফিরবেন, এই আশ্বাস দিলেন এবং মেঘেরা
বিদ্যারভোজের আঝোজন করে লাউলের ছোটো ভাই শিবাইকে পাত কেটে
আনতে ব'লে চাল ধূতে বসল ।—

চাউল ধূম, চাউল ধূম, চাউলের মালো পানি,

চাউল ধূইতে পড়ল চাউল,

পাটি বিছাইয়া ধলো চাউল যত বর্তিয়ে জানি ।

তার পর আলোচাল দুধের জলে লাউলের মান
আলোচাল কাঁচা দুধে লাউল ছান করে,
খগুরবাড়ি বউ ধূইয়া লাউল ভাতে মারে ।

এদিকে শিবাই কলাপাতা কাটছেন

শালী । লাউলের বাগানে কে রে কাটে পাত ।

শিবাই । লাউলের ছোটো ভাই শিবাই কাটে পাত ।
 মালী । শিবাই যে, শিবাই রে, না কাটও পাত ।
 শিবাই । বাইছা বাইছা কাটুন্মনে সব্বিরি কলার পাত ।
 মালী । সব্বিরি কলার পাতে নাকি লাউলে খাও ভাত ?
 বাইছা বাইছা কাটো গিয়া চিনিচম্পা কলার পাত ।

এদিকে লাউলের বউ ছেলেকে ঘূর পাঢ়াতে বসেছেন

লাউলের ঘরে ছেইলা হইছে, কী কী নাম থুমু ?
 আম দিয়া হাতে রাম নাম থুমু । বরই দিয়া হাতে বলাই নাম থুমু :
 কমলা দিয়া কমল নাম থুমু । অল দিয়া অল নাম থুমু ।
 রাজাৱ বেটা রাজাৱ ছেইলা রাজা নাম থুমু ।
 লাউলের ঘরে ছেইলারে কী কী গয়না দিমু ?
 হাতজোখা বলয়া দিমু, গলাজোখা হার দিমু,
 বুকজোখা পাটা দিমু, কোমরজোখা টোড়া দিমু,
 পাঁওজোখা গুজিরি দিমু, দুই চৱণে নেপুর দিমু,
 লাউলের ছেইলা নাচবে, রাজাৱ রাজ্য হাসবে । ১।

লাউলের ঘরে ছেইলা লো হৃথ খাইবে কৌসে ?
 রাজাৱ বেটা পাশা খেইলা বাটি জিনিয়া নিছে ।
 পাশা খেলিয়া জিনিলাম কড়ি,
 কিনে আনলাম কপিলেখরী ।
 কপিলেখরী কিবা খায় ?
 পুকুরপাড়ে দূর্বা খায় ।
 দূর্বা খাইয়া লো সই, শুকাইল হৃথ ;
 কি দিয়া পালব ঘোৱা লাউলের ঘরে পুত ?
 লাউলের ঘরে পুত না লো শক্ত বেড়াৱ মাটি,
 বঁতি গো ভাই, যেন লোহার কাটি । ২।

লাউলের ছেলেকে ঘূম পাড়িয়ে হালামালা একশত বহিন সঙ্গে জলে
নাইতে চললেন।—

আ঱ লো শত বহিন জলে রে যাই ;
অলে রে যাইয়া লো ঝাঙ্গাটি খেলাই ।

হাতের শাঁখা, টাকাকড়ি, পায়ের নূপুর এমনি সব নামা জিনিস ফেলে-
ফেলে ঝুঁড়িয়ে খেলা ।

খেলতে খেলতে না লো দুঃখুরবেলা ।

বখন জল থেকে উঠে এসে লাউলকে তারা ডাকছে তখন মধুমাস শেষ,
খতুরাজের যাবার সময় উপস্থিত হয়েছে, তিনি চলেছেন। বৈশাখের মেঘ
দেখা দিয়েছে। বড়বাতাসে লাউলের আসন যেখানে যেয়েরা দেখছে সেখানে
ফুলে-ভরা জাইতের একটি ডাল ভেঙে পড়েছে—

জাইতের মটকা ডাল ভাইঙ্গা পড়ল ঘরে,
লাউলের দুর্ভাত ছাঁচি হইয়া পড়ে ।

তখন যেয়েরা লাউলকে একটু অপেক্ষা ক'রে কিছু খেয়ে যেতে যিনতি করছে—

ধাও ধাও লাউল, গোটা চারি ভাত ;
আমরা শত বহিনে ফ্যালাম-নে পাত ।

বৈশাখের মেঘ গর্জন করে উঠল, বড় হ হ বহিল, উৎসবের সাজসরঞ্জাম
লঙ্ঘণ্ণ করে গরম বাতাসে ধুলো উড়ল, মলিন মুখে যেয়েরা খতুরাজকে
বিদার দিলেন।

আজ ধাও লাউল, কাল আইসো ।
নিত্য নিত্য দেখা দিও ।
বছৰ বছৰ দেখা দিও ।

পালা সাঙ্গ

এই মাধুবণ্ণল অতের প্রথম অংশে দেখা যাচ্ছে যে স্বর্য থা, ঠাকে সেই
ক্রপেই মাঝুমে দেখছে এবং বিশ্বাস করছে যে, জলের ছিটার ঝুঁয়াশা ভেঙে

দিলে স্রষ্ট উদ্দের সাহায্য করা হবে। এখানে কামনা হল স্রদ্ধের অভ্যন্তর। ক্রিয়াটিও হল কুঁয়াশা ভেঙে দেওয়া ও স্রষ্টকে আহ্বান। ধিতীয় অংশে চন্দ্ৰকলাকে দীৰ্ঘকেশী গোল-খাড়ুয়া-পায়ে একটি যেমন্তে এবং স্রষ্টকে রাজা-বৰু এবং সেইসঙ্গে স্রদ্ধের মা ও চন্দ্ৰকলার বাপ কল্পনা ক'রে মাঝুদের নিজের মনের মধ্যে খণ্ডবাঢ়ি বাপের বাড়ির যে-সব ছবি আছে, স্রদ্ধের রূপকের ছলে সেইগুলোকে মৃত্তি দিয়ে দেখছে। তৃতীয় অংশে স্রষ্ট-পুত্র বা রাজের পুত্ৰ মাউল বা লাউল, এক কথায় বসন্তদেব—টোপৱের আকারে ঐ'র একটি মৃত্তি মাঝুদে গড়েছে এবং সেটিকে ফুলে সাজিয়ে মাটিৰ পুতুল হালামালার সঙ্গে বিশের খেলা খেলেছে। এখানে কল্পনার রাজ্য থেকে একেবারে বাস্তবের রাজ্যে বসন্তকে টেনে এনে মাটিৰ সঙ্গে ঘৰেৱ নিয়কাজেৱ এবং থুটিমাটিৰ মধ্যে ধৰে রাখা হল; তাকে জামাইয়েৱ আদৰে খাওয়ানো-দাওয়ানো হল; তার ছেলেকে ঘূম পাড়ানো দ্বন্দ্ব খাওয়ানো, মাঝুদ কৰে তোলাৰ নানা কাজ। এই পুতুলখেলা আৱ-একটু অগ্ৰসৱ হলেই মা-যশোদাৰ নীলমণিকে ক্ষীৰ সৰ ননী খাওয়ানো—‘খাওৱাৰ সৱ, মাখাৰ ননী’ এবং জগন্নাথকে খিচুড়িভোগ রাজভোগ দিয়ে, তাঁৰ রাজবেশ হস্তীবেশ এমনি নানা বেশ এবং রঞ্জনীহৰণ চন্দনযাজ্ঞা এমনি তাঁৰ নানা লীলা গড়ে নিয়ে মৃত্তি-পুজাৰ পুৱো অচূর্ণনে দীড়ায়।

তাহলি ব্রতটি আমৰা দেখলেম—বৰ্ষা দেশ জলে ভাসিয়ে দিয়ে বিদ্যমান হচ্ছে আৱ শৱৎ আসছে, এৱই একটা উৎসব। মাঘমণ্ডল ব্রতে—শীতের কুঁয়াশা কেটে স্রদ্ধের আলোতে বলমণ্ডল বসন্তদিনমণ্ডলি আসছে, তাৱই উৎসব। দু-জাগ্নাগতেই মাঝুদেৱ মনেৱ কামনা নাট্যক্রিয়াৰ আপনাকে ব্যক্ত কৰলৈ। এমনি শস্পতিৰ ব্রত। সেখানে আমৰা দেখি মাঝুদ শস্যেৱ কামনা কৰছে; কিন্তু সেই কামনা সফল কৰিবাৰ অন্তে সে যে নিষ্ঠেষ্ঠাবে কোনো দেৰতাৰ কাছে জোড়হাতে ‘দাও দাও’ কৰছে তা নহয়; সে যে-ক্রিয়াটা কৰছে তাতে সত্যিই ফসল কলিয়ে থাছে এবং ফসল ফলার যে আনন্দ সেটা নাচ গাল এমনি নানা ক্রিয়াৰ প্ৰকাশ কৰছে। বৰ্ষমান অঞ্চলেৱ যেমন্তেৱ মধ্যে

এই শস্নপাতার ব্রত বা ভাঁজো, ভাজি মাসের মহলবঢ়ী থেকে আরম্ভ হয়ে পরবর্তী শুল্কধাদশীতে শেষ হয়। মহলবঢ়ীর পূর্বদিন পঞ্চমী তিথিতে পাঁচ রকমের শস্য—মটুন, মুগ, অড়হর, কলাই, ছোলা—একটা পাত্রে ভিজিয়ে রাখা হয়; পরদিন ষষ্ঠীপুজায় এইগুলি নৈবেদ্য দিয়ে, বাকি শস্য সরবে এবং ইন্দ্ৰমাটিৰ সঙ্গে মেথে একটি নতুন সরাতে রাখা হয়; ধাদশী পর্যন্ত মেঝেৱা স্থান ক'রে প্রতিদিন এই সরাতে অল্প অল্প জল দিয়ে চলে; চান্দ-পাঁচদিন পরে যথন শস্য সব অস্তুরিত হতে থাকে তখন জানা যায় এবৎসৱ প্রচুর শস্য হবে এবং মেঝেৱা তখন শস্য-উৎসবের আয়োজন করে। ইন্দ্ৰধাদশীতে এই উৎসব; চাঁদেৱ আলোতে উঠানেৱ মাৰখানে এই অস্তুষ্টান। নিকোনো বেদিৰ উপৰ ইন্দ্ৰেৱ বজ্রচিহ্ন-দেওয়া আলপনা; কোথাও মাটিৰ ইন্দ্ৰমৃতিও থাকে। এই বেদিৰ চারি দিকে, পাড়াৱ মেঝেৱা সকলে আপন-আপন শস্নপাতার সরাঙ্গলি সাজিয়ে দেয়, তাৱ পৱ সাত-আট থেকে কুড়ি-পঁচিশ বছৱেৱ মেঝেৱা হাত-ধৰাধৰি করে বেদিৰ চারি দিক দিয়ে নাচগান শুন্ন করে। উঠানেৱ এক অংশে পর্দাৱ আড়ালে বাটকৰ তাল দিতে থাকে।

ভাঁজো লো কল্কলানি, মাটিৰ লো সৱা,

ভাঁজোৱ গলায় দেৱ আমৱা পঞ্চফুলেৱ মালা।

এক কলসি গদাজল, এক কলসি ধি,

বছৱাণ্টে একবাৱ ভাঁজো, নাচব না তো কি ?

এৱ পৱ দুইঁদলে ভাগ হয়ে মুখে-মুখে ছড়া-কাটাকাটি করে :

পুণিয়াৱ চাঁদ হেৱে তেঁতুল হলেন বক্ষ।

গড়েৱ শুগলি বলে, আমি হব শৰ্ম !

ওগো ভাঁজো, তুমি কিসেৱ গৱব কৰ ?

আইবুড়ো বেটাছেলেৱ বিষ্ণে দিতে নারো !

সমস্ত প্রাতি দুইঁ দলেৱ নাচগান ছড়া-কাটাকাটিৰ উপৰে চাঁদেৱ আলো, তাৱাৱ বিকমিক—এই ছবিৰ একটি স্মৃতিৰ বৰ্ণনা পূৰ্ববক্ষেৱ তাৱাততে একটি ছড়ায় আমৱা পাই :

ଶୋଲେ ଶୋଲେ ସତିର ହାତେ ଶୋଲେ । ସରା ଦିନ୍ଦା,
ମୋରା ସାଇ ଇନ୍ଦ୍ରପୁରୀର ନାଟୁଯା ହିଇବା ।

ଏଇ ପରେ ରାଜି ଶେସ ; ଯେବେଳା ଆପନ-ଆପନ ଶୁଣାତାର ସରା ମାଥାର ନିରେ
ଫୁଲରେ କିଂବା ନଦୀତେ ବିରଜନ ଦିଲେ ଘରେ ଆସେ । ଏଥାନେ ଶ୍ରେଷ୍ଠ ଉନ୍ନାମେର
କାମନା ସରାତେ ଶ୍ୟବପନ-କିନ୍ତୁ ଥେକେ ଆରମ୍ଭ ହଲ ଏବଂ ଅହୁର୍ମାନ ଶେସ ହଲ
ଉତ୍ସବେର ନୃତ୍ୟଗୀତେ । କିନ୍ତୁ ଦୁଃଖେର ଦିନଓ ବଚରେର ମଧ୍ୟେ ଆସେ ସଥଳ ପାତା
ବରେ ସାଥ, ମାଟି ଡେତେ ଓଠେ, ଜଳ ଫୁଲିଲେ ସାଥ । ସେଇ-ସବ ଦିନେ ମନେର
ବିଷକ୍ତାର ଛବିଓ ଅତେ ଫୁଟେଛେ ଦେଖି । ସେଦିନେର ବସ୍ତୁଧାରା ଅତେର ଛଡ଼ାଙ୍କ
କେବଳ ‘ଜଳ ଆର ଜଳ’ !

କାଳଦୈଶ୍ୟାଥୀ ଆଶୁଳ ଘରେ !

କାଳଦୈଶ୍ୟାଥୀ ରୋଦେ ପୋଡ଼େ !

ଗଢ଼ା ଶୁକ୍ଳ-ଶୁକ୍ଳ, ଆକାଶେ ଛାଇ !

ଉତ୍ସାହ ନେଇ, ଫୂତି ନେଇ, କେବଳ ଦୀର୍ଘବ୍ୟାସେର ମତୋ ଛଡ଼ାଟୁକୁ ହତାଶ
ଜାନାଛେ । ଅନାହୃତିର ଆଶଙ୍କା ଆମାଦେର ଯଦିହି ବା ଏଥିମ କୋମୋଦିନ ଚଞ୍ଚଳ
କରେ ତବେ ହସ୍ତତୋ ‘ହରି ହେ ରକ୍ଷା କରୋ’ ବଲି ମାତ୍ର ; କିନ୍ତୁ ଅତୁବିପର୍ଯ୍ୟନ୍ତେର ମାନେ
ଯାଦେର କାହେ ଛିଲ ପ୍ରାଗମଂଶୟ, ସେଇ ତଥନକାର ମାହୁସରା କୋମୋ ଅନିଦିଷ୍ଟ
ଦେବତାକେ ପ୍ରାର୍ଥନା କେବଳ ମୁଖେ ଜାନିଲେ ତୃପ୍ତ ହତେ ବା ନିଶ୍ଚିନ୍ତ ହତେ ପାରନ୍ତ ନା ;
ସେ ‘ସୃଷ୍ଟି ଦାତ’ ବଲେ କ୍ଷାନ୍ତ ହଞ୍ଚେ ନା ; ସେ ସୃଷ୍ଟି ସୃଷ୍ଟି କରନ୍ତେ, ଫୁଲ ଫୁଲିଲେ ଦେଖନ୍ତେ
ଚଲାଛେ । ଏବଂ ସେ ନିଶ୍ଚିନ୍ତ ଜାନାଛେ, ସୃଷ୍ଟି କାମନା କରେ ଦଳ ବେଁଧେ ତାରା ମାଟିର
ସଟକେ ଯେବକଣପେ କଲନା କରେ ଶିକେର ଝୋଚାର ଫୁଟୋ କରେ ବଟ ପାକୁଡ଼ ଇନ୍ଦ୍ୟାଦି
ଗାହର ମାଥାର ଜଳଧାରା ଦିଲେ ସେ ବସ୍ତୁଧାରା ଅତାଟି କରାଛେ, ତାତେ କରେ ସୃଷ୍ଟିର ଦାତା
ସେ ଦେବତା ତିନି ତୁଟି ହଞ୍ଚେନ ଏବଂ ଏହି ପ୍ରଜିହାର ବଲେ ଯେବକେ ଜଳ ଦିତେ ବାଧ୍ୟ ।
ଏଥନକାର ମାହୁସ ଏକମ ବିଶ୍ୱାସ କରେ ନା, ଅତ କରେ ନା । କିନ୍ତୁ ତଥନକାର
ଲୋକେ ସେ-ବିଶ୍ୱାସେ ଅତ କରନ୍ତ ତାର ଯୁଲେ ସେ-କାମନା ଏଥିମେ ପୁଜାର ବା
ପ୍ରାର୍ଥନାତେ ସେଇ କାମନା, କେବଳ ଅହୁର୍ମାନଟା ଭିନ୍ନ ରକମେର ; ଅତେ କାମନାର ସମ୍ବେ
ଅହୁର୍ମାନେର ପ୍ରାଣ ସମ୍ପର୍କ ଦେଖି, ସେମନ—

বট আছেন, পাকুড় আছেন, তুলসী আছেন পাটে।
 বস্ত্রধাৰা ব্রত কৱলাম তিন বৃক্ষের মাঝে।
 মাহুশের ঝুলে ঝুল, বাপের ঝুলে ফল, খণ্ডুৰের ঝুলে তামা।
 তিন ঝুলে পড়বে জলগাঁওৰ ধারা।
 পৃথিবী জলে ভাসবে, অষ্টদিকে ঝাঁপুই খেলবে।

ব্রত হল মনস্কামনার ঘৰুপটি। আলপনায় তার প্রতিচ্ছবি, গীতে বা ছড়ায় তার প্রতিক্রিয়া; এবং প্রতিক্রিয়া হচ্ছে তার নাট্যে হৃত্যে; এক কথায়, ব্রত-গুলি মাহুশের গীত কামনা, চিত্রিত বা গঠিত কামনা, সচল জীবন কামনা।

বেশির ভাগ অতে ছড়া হয় গীত কিংবা নাট্য আকারে, আলপনা হয় প্রতিচ্ছবি নয় মণি ক্রপে, থাকেই থাকে কামনাকে স্বব্যক্ত স্বশোভন ক্রপে ব্যাখ্যা করতে। নাট্য নাচ গান এবং ছবি আৰু বলতে মাহুশের স্বাধীন চেষ্টা ব'লে আমৰা এখন বুঝি, তখন কিন্তু সেঙ্গলো অতের অজ বলেই ধৰা হত। অতের ছড়াগুলি যেখানে ছোটো-ছোটো যাত্রার পালার মতো গাঁথা হয়েছে, সেখানে নাট্য হৃত্য ও গীত-কলার যথেষ্ট অবসর রয়েছে দেখি।

আমের বইল আসে লো লোচা লোচা,
 আমের বইল আসে লো বাড়ি বাড়ি।
 আবার যেমন : ফুল ঝইলাম গাঁয় গাঁয়, সে ফুল গেল দখিন গাঁয়।
 দখিন-গাঁইয়া মালী রে ! ফুলের তালা লবি রে ?
 কাঁধে কলসি, হাতে পোলা, ক্যামুনে লব ফুলের তালা রে !

এই-সব ছড়াকে গান ছাড়া কী বলব ? ছড়াগুলির বাঁধুনি আৰ সাজানোৱ
 ভঙ্গি এমন তালে তালে যে এগুলিতে স্বৰ এবং নাচ দুঃখেরই টান স্পষ্ট অনুভব
 কৰা; যাচ্ছে ; এমনি মাঘমণ্ডল অতে কুয়াশা ভেঙে স্বৰ্য উঠবাৰ ছড়া এবং
 ভাইলিৱের ছড়াগুলিতেও গীত নাট্য দুইই রয়েছে। দুই অতেই পাত্রপাতী-
 স্থানকালভেদে ছড়াগুলি নাটকাকাৰে গাঁথা। এ থেকে স্পষ্ট বোৰা যায়, এক-
 সময়ে এগুলি মন্ত্রের মতো কৰে বলা হত না, অস্তিনীত হত।

অতের অঙ্গুষ্ঠান দেখা যাচ্ছে, এখন যাকে বলি আমৰা ধৰ্মাঙ্গুষ্ঠান তা নহ;

এখন থাকে বলি আমরা কলাকৌশল তাও নয়। ধর্ম এবং শিল্প দ্বাই এখানে সাধীনভাবে আপনাদের দুটো দিক অবলম্বন করে চলছে না। অতএব যুক্তি-খালি খর্মপ্রেরণা, কতখালি বা শিল্পকলার স্থষ্টির বেদনা রয়েছে তা বোঝা শক্ত।

এখনও পাড়াগাঁথে রাখালেরা কুলাই ঠাকুরের ব্রত বলে একটা অনুষ্ঠান করে। মেটি থেকে ধর্ম আর শিল্প জমে কেমন করে স্ব-স্ব-প্রধান হয়ে উঠেছে, তা একটু আভাস পাব। পৌষসংক্রান্তির এক পক্ষ পূর্ব থেকে রাখালেরা এক-জনকে বাষ সাজিয়ে গৃহস্থের বাড়ি-বাড়ি সন্ধ্যার সময় এই গানটি গেয়ে পূজার-চাল ভিক্ষে করে বেড়ায়—

সকলে । ঠাকুর কুলাই ভোঁ
 হাটা চল রে ॥ ক্র ॥
 হাটা চল পাঁচিল-পার ।
 বাষ । বপৎ গিরি রে ॥ ক্র ॥
 বপৎ গিরি সজাগ হয় ।
 সজাগ হয়া না করে রব ॥
 সকলে । স্বন্দের বনে রে ॥ ক্র ॥
 বাষ । স্বন্দের বনে বাষের ছাও ।
 হাস্তুর হাস্তুর করে রব ।
 যাক বাষ রে ॥ ক্র ॥
 সকলে । ঠাকুর কুলাই ভোঁ । ইত্যাদি

এই ছড়া তো শু আউড়ে থাবার নয়; এতে বাষ হতে হবে, জোরে জোরে ইটা, বপৎ করে পড়া, সজাগ হয়ে এদিক ওদিক দেখা এবং হাস্তুর হাস্তুর গর্জন! মাটিকলার অনেকখালি পাঁওয়া গেল। গানে কোরাস পর্যন্ত। এর সঙ্গে পাড়াগাঁথের রাজি, অক্ষকার গাছপালা, মশাল জেলে রাখাল ছেলেরা এবং ছেলে মেয়ে বুড়ো নানা দর্শকের নানা ভাবভঙ্গি, খড়ের ঘৰ, প্রদীপের আলো ইত্যাদি ছড়ে দেখলে একপক্ষব্যাপী ধাজার অনেকখালি আমরা পাব। বাষের তর থেকে গোকুবাচুর ধাতে রক্ষা পাব সেই কামনা

করে রাখালেরা বাষ সাজিয়ে এই বাষের ছড়া প'ড়ে ব্রত করবে, এইটেই আশা করা যায়। কিন্তু এখানে দেখছি চাল প্রার্থনা করে রাখালেরা এই বাষের গান গেয়ে গেয়ে রোজগার করছে। এখানে দেখছি অঙ্গুষ্ঠানের গীত-কলার অংশ ব্রতের বাকিটুকু থেকে বিচ্ছিন্ন করে নিয়ে মাঝে স্বাধীনভাবে গান নাচ দুই যদৃচ্ছা করছে এবং ব্রতের দিন কেবল বাষের মৃত্তিকে পুজো দিয়েই কাজ সারছে; এইখানে ধর্মাচরণ আর শিল্পকলা দুটির ছাড়াছাড়ি হল। ব্রতের ধর্মাচরণের অংশ মৃত্তিগুজার দিকে এগিয়ে গেল এবং শিল্প-অংশ ক্রমে বহুরূপীর বাষের অনুকূল থেকে আরম্ভ হয়ে শিল্পের উচ্চতর একটি স্থানে পৌঁছেতে চলল। পুজার দিকে পড়ল পূজ্য মৃত্তি আর পুজক, আর শিল্পের দিকে এল দর্শক আর প্রদর্শক, এবং অতকথা স্বাধীনভাবে কবিতা গাইতে লাগল— যেমন চগুর গান, শীতলার গান। এর থেকে রামধার্জা, কৃষ্ণধার্জা, পাঁচালি, কবি। এমনি পরে পরে ব্রতের সম্পর্ক থেকে দূরে যেতে যেতে নিছক যাত্রা নাটক খিয়েটারে এসে দাঁড়াল সেই-সব শিল্পকলা যার গোড়াপত্তন হয়েছিল ব্রতীর কামনাকে ব্যক্ত করবার চেষ্টায়। খাঁটি অবস্থার দেখি ব্রতের দর্শক-প্রদর্শক নেই, যে নট সেই ব্রতী বা সেই চিত্রকর এবং গায়ক; কিন্তু ব্রত থেকে যখন শিল্প বিচ্ছিন্ন তখন যে আলগনা দিচ্ছে, চিত্র করছে, অভিনয় করছে বা ছড়া বলছে কিংবা বাষ সেঙ্গে কি আর-কিছু সেঙ্গে মৃত্য করছে সে যে ব্রতী হয়ে ধর্মকামনায় সেটা করছে— এ হতেও পারে, নাও হতে পারে, বীধাবীধি কিছু নেই। ব্রতের বাষ বহুরূপীর বাষে যেমন দাঁড়াল অমনি সেখান থেকে লাটসাহেবের ফটকের উপরের বাষ পর্যন্ত হতে তার আর কোনো বাধা রইল না। মাঘমণ্ডলের স্বর্যদেব যেদিন ফুলের টোপর আধায় রাখল বা লাউল মৃত্তিতে ধরা পড়লেন, সেই দিন থেকে গ্রিক অ্যাপোলো থেকে কৃষ্ণনগরের পুতুল, পুরীর জগন্নাথ পর্যন্ত সব রাজ্ঞি খোলসা হয়ে গেল। কঠোর ও পুণি-পুরুরের বেলের ডাল—গাথের গড়া হয়ে বুক্ক-যুগের কঠোর এবং আজকালের অস্লার কোম্পানির ইলেক্ট্রিক বাতির বাড় হয়ে দাঁড়াতে চলল, প্রতি পদক্ষেপে ব্রতের ধর্মান্তর থেকে বিচ্ছিন্ন হতে হতে। ধর্ম, শিল্প, সাহিত্য

সমস্তই একান্নবর্তী পরিবারের অন্তর্গত রয়েছে এবং তারাই বড়ো হয়ে উঠে অন্য অন্য প্রধান অন্তর্গত হয়ে উঠছে—ধর্ম ও শিল্প-সাহিত্যের ইতিহাসের মূলে এই কথা রয়েছে দেখি। এই অন্তর্গত শিল্প-সাহিত্য এবং ধর্মের প্রচারের পক্ষে দৱকার হয় কি না এবং এই পার্থক্য ধাকা ভালো কি মন্দ, সেটা বিচার করতে বসা কেবল তর্ক করা মাত্র। এইটে ঘটেছে। একসময়ে দেবমন্দিরের সঙ্গে নাটুন্ডিল এবং পুজাপার্বণের সঙ্গে দেবতার চরিত বর্ণন করে চলনযাত্রা গ্রামসাধাৰণ কল্পনাহীন এমনি নানা অভিনন্দন ও চিৰকাৰ্য ইত্যাদি জড়িয়ে ছিল; এখন তাৰা সে সম্পর্ক সে গলাগলি ভাব ছেড়েছে; ধর্মমন্দিরে, নাটকের অভ্যন্তরেও শিল্পপ্রদর্শনীতে স্থনির্দিষ্ট ভাগ হয়ে গিয়েছে। এখন আৱ খিলেটাৰে কি গানের মজলিশে কিংবা চিৰপ্রদর্শনীতে গিয়ে বলা চলে না যে, আমৱা ব্রতী, ব্রত কৰতে বসেছি।

ব্রতের ছড়াগুলিৰ সঙ্গে ব্রতীৰ কামনাৰ যে ঘোগ, ব্রতের আলপনাগুলিৰ সঙ্গেও ঠিক সেই ঘোগটিই দেখা যাব। বক্তকঙ্গলি ছড়া রয়েছে কেবল কামনা উচ্চারণ কৰাই যাব কাজ:

বাশেৰ কোড়া, শালেৰ কোড়া,
কোড়াৰ মাঝায় ঢালি বি;
আৰি ষেন হই মাজাৰ বি।


কিংবা : আমৱা পুজা কৱি পিটালিৰ চিকনি।

আমাগো হয় ষেন সোনাৰ চিকনি। ইত্যাদি

আৱ-কক্তকঙ্গলি ছড়া, যাব উদ্দেশ্য শুধু কামনাটা উচ্চারণ নহ, কাজেৰ অজ্ঞ যেটুকু তাৰ চেৰে অনেকটা বাজে স্বৰ-সাম চলা-বলা রয়েছে—যেমন দেখা গেল মাদমগুল ব্রতের সূর্যেৰ বিশ্঵েৰ ছড়াগুলিতে। আলপনাগুলি তেমনি দেখি দুই প্ৰেণীৰ। একৱকম আলপনা—সেঙগলি কেবল অক্ষৰ বা চিৰযূতি—কতকটা ইজিষ্টেৱ চিৰাক্ষৰেৰ অতো। এই-সব আলপনাৰ বাহুৰ নানা অলংকাৰেৰ কামনা কৰে পিটালিৰ সব গহনা এঁকেছে। সেঙ্গুতি—ব্রতেৰ আলপনায় ধৰণাড়ি, চন্দ্ৰসূৰ্য, হনুমিগাছ, গ্ৰামাদৰ, গোৱালদৰ সবই

মানুষ একেছে, কিন্তু এদের তো শিল্পকার্য বলে ধৰা যায় না—এগুলি মন
যা চাহ তারই মোটামুটি মানচিত্র। কিন্তু এই যে নানারকমের
 পদ্ম মানুষ কলমনা থেকে স্থষ্টি করেছে, কিংবা এই বে কলালতা,
 খৃষ্ণলতা, শৰ্ষলতা, চালতালতা প্রভৃতি লতামণ্ডল, এই বে
 নানারকম আসনের পিঁড়িচিত্র—এগুলি মণ্ডশিল, মানচিত্র
 নয়। যেখানে অন্ধপ্রাশনের পিঁড়ি সেখানে শুধু অন্ধের বাটি-
 গুলি ধেয়ম-তেয়ন করে একে দিলেই কামনা সফল হতে
 পারত, কিন্তু তা নহ; মানুষ সেখানে দেখছি অনেক লতা-
 পাতা একে পিঁড়িখানিকে স্ফুর করতে চেয়েছে—কাজের
 অতিরিক্ত অনেকখানি লেখা তাতে রয়েছে। তার পর এই
 তারাওতের স্রষ্ট তারা এবা কিছুর অঙ্গকরণ নয়; শিল্পীর
 কলমনা থেকে এদের স্থষ্টি হৈছে। পিঁড়িগুলিতে কামনার
 প্রতিচ্ছবি দেওয়ার চেয়ে কারিগরি করবার ইচ্ছাটাই প্রবল
 দেখা যাচ্ছে। আর বছরের শেষে পৃথিবীকে নমস্কার দিয়ে পৃথিবী
 ওতের এই যে আলপনাৰ্থানি—নৱনারীৰ জীবনেৰ ক্ষণিক
 ইতিহাস নিয়ে পদ্মপাতার উপরে একবিন্দুৰ মতো এই যে
 টলটল একটি স্থষ্টি—এটিকে তো কি পরিকল্পনার দিক দিয়ে কি
 কারিগরিৰ দিক দিয়ে মানচিত্র কিছুতে বলা যায় না। পূর্ব-
 কালে মানুষ যে-কোনো কারণে হোক যনে করত, যে-জিনিস
 মে কামনা করছে তার প্রতিচ্ছবি লিখে কিংবা তার প্রতিমূর্তি
 গড়ে তাতে ফুল ধরে কামনা জানালে সিক্কিলাভ করবে। সে
 হিসেবে আলপনাৰ জিনিসটিৰ প্রতিক্রিপ দিলেই তো কাজ
 চলে; কিন্তু দেখছি, মানুষ শুধু সেইটুকু করেই ক্ষান্ত হচ্ছে না;
 এবং তার মনও তৃপ্তি মানছে না যতক্ষণ-না শিল্পোন্দর্যে
 সেগুলি ভূষিত করতে পারছে। অথচ কামনা-পরিতৃপ্তিৰ পক্ষে
 আলপনা স্বন্দর হল কি না হল তাতে বড়ো আসে যায় না।

এই যে লক্ষ্মীপুজার আলপনাতে মাহুষ বিচির রকমের পদ্মফুল এঁকেছে একটির সঙ্গে ধার আর-একটির মিল নেই—এমন-কী, আসল পদ্মফুলের সঙ্গে নয়, এরই বা উদ্দেশ্য কী? মাহুষের মনে কোথায় একটি গোপন উৎস রয়েছে, মেধান থেকে এই-সব আলপনা নতুন নতুন এক-একটি স্ফুরি বিন্দুর মতো বেরিয়ে আসেছে। অতের আলপনাখণ্ডিত থেকে পরিষ্কার দেখা যাচ্ছে মাহুষের অন্তরের কামনার সঙ্গে তার হাতের কাঞ্জগুলির বেশ একটি ঘোগ




সেৱুতি ব্রতের আলপনা

রয়েছে—কিন্তু অন্তরের কামনার সঙ্গে বাহিরের চেষ্টার ঘোগ থাকলেই যে সব সময়ে শিঙ-আকারে কাঞ্জটা দেখা দিচ্ছে তা তো নয়, বরং দেখি কামনা আর তার সিদ্ধির চেষ্টার ঘণ্টে যত কম অবসর এবং বাধা ততই মাহুষের কিম্বা হৃদয় হয়ে দেখা দেবার স্ববিধা পাচ্ছে না।


শিঙের স্ফুরি মূলে মাহুষের মনের ভৌত আবেগ আছে সত্য, কিন্তু

আবেগের বশে যাই করি তাই তো শিল্প হয় না। অনেকদিনের পরে বস্তুর
সঙ্গে হঠাতে দেখা, আনন্দের উচ্ছ্বাসে
তার গলা জড়িয়ে কত কথাই বলা
হল, কিন্তু সেটা কাব্যকলা কি
নৃত্যকলা ছয়ের একটাও হল না।
কিন্তু বস্তুর আসবাব আশায় তাবে
ডগমগ হয়ে যেন মন নৃত্য করছে,
তার জন্মে ফুলের মালা গাঁথছি,
নিজে সাজছি, এর সাজাচ্ছি—
নিজের আনন্দ নানা খুঁটিনাটি
কাজে এটা-ওটা জিনিসে ছড়িয়ে
যাচ্ছে—এই হল শিল্পের দেখা
দেবার অবসর। অভিষ্ঠির মাঝে
মন ছলছে—এই দোলাতেই
শিল্পের উৎপত্তি। কামনার তীব্র
আবেগ এবং তার চরিতার্থতা—
এ ছয়ের মাঝে যে একটা প্রকাণ্ড
বিছেদ, সেই বিছেদের শৃঙ্খলার
উঠে নানা কল্পনায়, নানা ক্রিয়ায়
নানা ভাবে, নানা রসে। মনের
আবেগ সেখানে ঘনীভূত হয়ে
প্রতীক্ষা করছে প্রকাশকে। মনের
এই, উন্মুখ অথচ উৎক্ষিপ্ত নয়,
অবস্থাটিই হচ্ছে শিল্পের জন্মাবাব
অমুক্ত অবস্থা। এ সময় মাঝে
স্মৃতি-অস্মৃতি খেছে নেবাব সময়



চট্টগ্রামের আলগনা

পাই, যেমন-তেমন করে একটা-কিছু করবার চেষ্টাই থাকে না। হঠাৎ যদি বাব এসে সামনে পড়ে তবে তার গায়ের চির্বিচির্বি ছাপ, তার গঠনের সৌন্দর্য, এসব কিছুই চোখে পড়ে না; তব এবং পালানো তখন এতই কাছাকাছি আসে যে সৌন্দর্য বোধ করবার অবসর মন পায় না বললেই হয়।



জোড়া মাছ


কিঞ্চ থাঁচার ওদিকে বাব এদিকে আয়ি, কিংবা দূরে বাব লাফিয়ে চলেছে, তখন আবেগে আৱ জিয়াৱ মাঝে অনেকটা অবসর; সেখানে বাদের নানা সৌন্দর্য চোখে পড়ে।

অতের অহৃষ্টান, শিল্পের উৎপত্তিৰ অবসর কেবল করে এনে দিছে সেটা দেখা যাক। অত-আচরণ আৱ শিল্পিয়া—হুৱের যে নৈকট্য দেখা

ধাৰ ভাতে কৰে ছয়েৱই উৎপন্নি যে মানব-মনেৱ একই প্ৰণতি থকে, ভাতে আৰ কোনো সন্দেহ থাকছে না। ছয়েৱই মধ্যে দেখছি একটা জিনিস বয়েছে যা ছুটোকেই চালাচ্ছে। সেটা হল কামনাৰ আবেগ। যা কাৰণা হল তাই পেলেম তথনি, এ হলে ব্রত হল না। আবেগ থাকা চাই—বেটা নানা ক্রিয়াৰ মধ্যে গতি পেয়ে পৰিসমাপ্তি পাচ্ছে। এ হল অজ্ঞেৱ মূল কথা।

ব্রতঙ্গলিৰ মধ্যে এই আবেগটিৰ অবসৱ কোনুখালে বয়েছে দেখব। এটা বেশ দেখা যাচ্ছে যে, মাঝুষ যথনকাৰ যা তথনকাৰ জঞ্জে ব্রত কৰছে না। ভবিষ্যতেৰ একটা-কিছু পাৰাৰ জঞ্জেই ব্রতঙ্গলিৰ অনুষ্ঠান হচ্ছে দেখি।—‘গুৰু শুকুরু, আকাশে ছাই !’ সেই সময় বৰ্ষাৰ জলধাৰা কল্পনা কৰে বস্তুধাৰা অজ্ঞেৱ অনুষ্ঠান। এই যে জ্যৈষ্ঠেৰ সাৱা মাস আষাঢ়েৰ ছবি মনে জাগিয়ে মাঝুষ প্ৰতীক্ষা কৰছে, এটা বড়ো কৃ অবসৱ নয় আবেগ ঘৰীভূত হয়ে নানা শিল্পক্রিয়াৰ প্ৰকাশ হৰাৰ অস্ত। এমনি যথন খুব জল, আৰাঢ় আৰণ দুই মাস, তখন কুয়াৰী ব্রত নেই। এৱে পৰে ভাজু মাস পড়তেই শৱতেৰ দিনঙ্গলিৰ জঞ্জে ব্রত শুকু হল। শস্য হবে, ধাৰা বাণিজ্যে গেছে তাৱা ফিৰবে—এমনি-সব নানা কামনা ভাজুলি ব্রতটিৰ মধ্যে নাট্যকাৰ্য হৰে দেখা দিলে এবং আশিনেৰ শস্য-উৎসবে তাৱ পৰিসমাপ্তি হল। এমনি প্ৰায় প্ৰত্যেক অজ্ঞেই দেখি, কাৰণা অনেকদিন পৰ্যন্ত—কোথাও এক মাস, কোথাও বা দু মাস—অতুপ্ত থাকছে চাৰিতাৰ্থতাৰ পূৰ্বে। শস্য ফলবাৰ আগেই শস্য-উৎসবেৰ ব্রত আৱস্থা হল এবং শস্যেৰ প্ৰকৃত উৎসামেৰ ও কামনাৰ মাৰ্বেৱ দিনঙ্গলো মনেৱ আবেগে নানা কল্পনায় নানা ক্রিয়ায় ভৱে উঠে নাট্য, মৃত্যু, আলেখ্য এমনি-সব নানা শিল্পেৰ জন্ম দিতে লাগল। চিৰ কৰতে হলে বড়ো শিল্পী তো যেমন দেখলেন তেমনিটি ঝঁকলেন না। দেখলেন, দেখে সেটা মনে রাখলেন, এবং হয়তো দেখাৰ থেকে অনেক পৱে সেটাকে যন থেকে প্ৰকাশ কৰে দিলেন; দেখা ও প্ৰকাশ কৰাৰ মাৰে যে-সমষ্টা সেই হল যথাৰ্থ শিল্প-কাজেৰ অনুকূল। দেখলেম, কল টিপলেম, কোটো উঠল, এ হলে

জিনিসটা ঠিক অঙ্কুরণ করা গেল বটে কিন্তু শিল্প বলতে অঙ্কুরণের চেমে
বড়ো যে-জিনিসটা তা হল না। অতের আলপনাতেও তেমনি। সোনার চিঙ্গনি
চাই, পিটুলির চিঙ্গনি এ'কে ব্রত করলুম। এখানে আলপনার অঙ্কুরতি পর্যন্ত
রইল। কিন্তু আশ্বিন যাদে লঙ্ঘী ধানের ক্ষেত্রের মধ্যে দেখা দেবেন কিংবা
বসন্তে ফুল ফুটবে, স্বর্য উঠবে— এই আকাজ্ঞার অভূষ্টি যখন মনকে তোলাপাড়া
ক'রে রংবে-বসে প্রকাশ হতে চলল তখনই দেখি বিচ্ছিন্ন আলপনায় পদ্ম, লতা,



সুবচনীর ইংস

পাতা, সূর্যোদয়ের নানা রূপক ও ছড়া এবং ফুলের ডালার গান, আমের
মুকুলের গান, নানা রচনস।

আলপনা যে কত রকমের তার হিসাব নিলে দেখা যায়, এখনকার
আর্টস্কুলের ছাত্রদের চেয়ে টের বেশি জিনিস যেঘেরা না-শিখেই লিখছে
এবং সৃষ্টি করছে। শ্রেণীবিভাগ করলে আলপনার ফর্মটা এই-রকম দাঁড়ায়।
প্রথম, পদ্মগুলি। দ্বিতীয়, নানা লতামণু বা পাড়। তৃতীয়, গাছ, ফুলপাতা
ইত্যাদি। চতুর্থ, নদনদী ও পল্লীজীবনের দৃশ্য। পঞ্চম, পশুপক্ষী, যাছ ও
নান। অষ্ট। ষষ্ঠি, চৰ্মসূর্য, গ্রহস্কন্দ। সপ্তম, আভরণ ও নানাপ্রকার
আসবাব। অষ্টম, পিঁড়িচিত্র।

আলপনার শিল্প হচ্ছে সমতল ভিত্তিকে চির্ণণ, এবং যা আকচি তাঙ্গ




হাতে-পো কাঁধে-পো

ভগিনীটি এই আলপনার সব কথানা অনায়াসে এঁকে যাবে নিভুল—হাতা
বেড়ি গহনা ফুল পাতা সবই। মাঝুষ আর আনোয়ারদের বেলায় যেরেরা
একটু গোলে পড়েছে। কিন্তু এ ছাড়া যেখানে কল্পনা পাঠানো চলে এমন-সব
বড়ো-বড়ো আলপনা এবং নানা লতা ও পাতার আবিষ্কারে তারা সিদ্ধহস্ত।

স্বচনী-পুজোর আলপনাটিকে আয়ো স্বচনী ব্রতকথার প্রতিরূপ-চির্ণণ
বলে ধরতে পারি। রাজাৰ পুকুৱে অনেক ইাস। তাৰ সৰ্দীৰ ছিল এক
খোঁড়া ইাস। এক আঙ্গণকুমাৰ সেই খোঁড়া ইাস মেৰে যেয়েছিল এবং
স্বচনীৰ কৃপায় তাৰ মা সেই ইাসকে বাঁচিয়ে তবে রাজাৰ কোপ থেকে
নিষ্ঠার পেয়েছিল। এই গল্পটাকে দেখাচ্ছে এই স্বচনীৰ আলপনা।
সেৰ্জুত্তিৰ আলপনা, ভানুলি ব্রতেৰ নদী ও তালগাছ—এ-ভূটিৰ মধ্যে
নিছক কামনা জানানোৱ চেয়েও একটু বেশি কাজ মাঝুষে কৰেছে। কোঁচা
ছলিয়ে স্বপুরিবাগানে কৰ্তা ঘুৰে বেড়াচ্ছেন, জোড়া-বাংলার দৱজ্ঞায় দই
সেপাই পাহারা দিচ্ছে। (পৃ. ৭০) এই স্বপুরিবাগানেৰ কৰ্তাৰ সক্ষে হাতে-
পো কাঁধে-পো (পৃ. ৭৫) মাঝুষেৰ প্ৰতীকটিৰ অনেক তফাত। যদিও থৃৰ
কাঁচা হাতেৰ কিন্তু কৰ্তাৰ ছবিতে বাস্তুবিকৃতা অস্থানীয় চেয়ে দেৱ বেশি

রয়েছে। এমনি নদীর আলপনা। এখানে গ্রামের মাঝে দিয়ে যে নদীটি
বয়ে চলেছে, তার বাস্তবিক চেহারাটা দেবার চেষ্টাই নেই; সমস্ত দৃশ্যটি
একটি সুন্দর ঘণ্টন হিসেবে চিত্রকারিণী দিয়েছেন। এর পর, বাঁশের কোড়া,
শালের কাজের ঘণ্টো। তার পর নানা মন্দিরের আলপনাগুলি; এগুলিকে
খাঁটি ঘণ্টচিত্র বলা যেতে পারে, যদিও এগুলির সঙ্গে অভীর কামনার খুব



বরঘাতার পথ

যোগ। কিন্তু তাই বলে এগুলি যেমন-তেমন করে মাঝুমে আকে নি।
মন্দিরের কারুকার্য, তার গঠনের তারতম্য, চিত্রকারিণী প্রত্যেক দিন নজর
ক'রে দেখে দেখে তবে মন থেকে এগুলি প্রকাশ করেছেন, বেশ মোখ হয়।

পদ্মের আলপনাগুলির সঙ্গে অভীর কামনার খুব কমই যোগ দেখা যাব।

ছ-রকমের পদ্ম দেখা যাচ্ছে। প্রথম শ্রেণীর পদ্মগুলিতে পদ্মের বাস্তব আকৃতি কতকটা দেওয়া হয়েছে এবং জ্যামিতির ঘরগুলিকে পদ্মের আকারে বাঁধা হয়েছে। কোনো কোনো জায়গায় পদ্মের সঙ্গে শঙ্খ জুড়ে সেটিকে লক্ষীর আসন বলে নির্দেশ করা হয়েছে। কিন্তু অঙ্গ যে-সব অষ্টদল পদ্ম এবং সেই-সব পদ্মকে ধিরে যে-সব নানা লতামণ্ডল, সেগুলিকে যশোর ছাড়া আর কী বলা যাবে? বাঁরো-রকম লতায় ধিরে আলপনা বিবাহের সময় বরের বাড়ির উঠোনে লেখা হয়। কষ্টার বাড়িতেও এই-রকম



খুস্তিলতা

একটি বউচূত্র দেবার নিয়ম। এগুলো অতের নয়। বোঝাই অঞ্চলে অভিধির সম্মানের জন্যে ভোজনের জায়গাটি রঙ্গোলি (আলপনা) দিয়ে স্বন্দর করে দেওয়া প্রথা। উৎসবের দিনে বিশেষ ব্যক্তির সম্মানের জন্যে যে সাজানো-গোছানো করতে হয়, এই আলপনাগুলিকে সেই কোঠায় ফেলাই ঠিক। বোঝায়ে অতিথি-অভ্যর্থনার জন্যে যে আলপনা তারই কতকটা প্রতিক্রিপ্ত হচ্ছে আমাদের নববধূ-আগমনের পানসুপারি-লেখা আলপনাটি। এই ধরনের আলপনাগুলির সঙ্গে মনের নানা ভাবের ঘোঝ থাকলেও এগুলি ভূতীর কামনা জানাচ্ছে না। লক্ষীর আসনে শঙ্খ, ইন্দ্রের আসনে বজ্র, আবার অঙ্গপ্রাণনের পিঁড়িতে নানা ব্যঙ্গনের বাটি, আর বর-কনের পিঁড়িতে ‘একবৃন্তে রই ফুল’, এগুলো প্রধানত জানাচ্ছে আসনের পার্থক্য: এটি দেবীর, এটি দেবতার, এটি নববৃন্মাদের, এটি বরবধূ। এবং ব্যক্তিবিশেষের

ঙ্গচি-অঙ্গসাম্রাজ্যে এই-সব আলপনায় অদলবদল হয়। যেমন বিশ্বের পিঁড়িতে
পদ্ম ও অমর ইত্যাদিও চলে ! এবং এই অদলবদলে
বিবাহাদি ক্রিয়ার অঙ্গস্থানে কোনো ব্যাধাত হয়
না। এমন-কি, পিঁড়িতে খানিক পিটুলিগোলা
মাখিয়েও কাঁজ চলে। কিন্তু অত্তের আলপনা
অতীব কামনায় পরিষ্কার প্রতিচ্ছবি না হলে অত
করা অসম্ভব। প্রথমে কামনা যনে উঠল, তার পর
সেটা আলপনায় অথবা পিটুলি দিয়ে চিত্রিত গঠিত
এবং সজ্জিত হল, শেষে ছড়ার মধ্য দিয়ে ব্যক্ত
হল। আগে কামনা, তার পর আলপনা, তার পর
ছড়া, শেষে অত্তের কথা বা ইতিহাস—এই কটা
মিলে অত পূর্ণতা পেলে।

আলপনার শঙ্খলতামণ্ডলচিরি বিষয়ে একটু বিচার
করে দেখা প্রয়োজন। আলপনার সমস্ত লতামণ্ডল-
গুলিতে একটা বিশেষত্ব দেখা যায় এই যে, সেগুলি
যেয়েরা নিজে থেকেই আবিকার করেছে, এবং এক
বাংলার আলপনা ছাড়া, কি মান্ত্রাজে, কি বোৰ্সায়ে,
কোথাও এত সুন্দর এই ধরনের লতামণ্ডল দেখি নি।
মান্ত্রাজের ‘দড়ির ফাঁস’ এবং বিন্দুই আলপনা-চিত্রের
ভিত্তি। কিন্তু বাংলার যেয়েরা প্রকৃতির মধ্যে
যে-সব লতাপাতা তাকেই ভিত্তি করে আলপনা
কলালতা, কলমিলতা (পৃ. ৬৯), খৃত্তিলতা (পৃ. ৭৭),
চালতালতা, চাপালতা, শঙ্খলতা স্থঠি করেছে
দেখি। শঙ্খের বোরপেঁচগুলি প্রাচীন গ্রিস ও
ক্রিটদেশের একটি প্রধান মণ্ডল। কিন্তু এই
বাংলাদেশের শঙ্খলতার শঙ্খের দ্বৱপাতি হেবল

স্মষ্টি এমন আর কোনো দেশেই নয়। এই শঙ্খলতার ঘোরপেচ শব্দ থেকে কি জলের আবর্ত থেকে, সেটা ইউরোপের মণিগুলি দেখে স্পষ্ট বোরা যায় না এবং এ নিয়ে সেখানকার পণ্ডিতে-পণ্ডিতে অনেক তর্কবিতর্ক চলেছিল। কোনো পণ্ডিতে বলেন এই লতামণুন প্রথম ইঞ্জিপ্টে, কেউ বলেন ক্রিটদেশে—আবার কেউ বলেন ইউরোপখণ্ডে গ্রিসদেশেই এর প্রথম উৎপত্তি। কিন্তু কোথাও বাংলার মতো শঙ্খলতার নির্মূল চেহারাটি আমরা পাই নে। ক্রিট, ইঞ্জিপ্ট এবং গ্রিস—সব থেকে দূরে এই 'বাংলাদেশ' এবং ওইসব প্রাচীন সভ্যতা থেকে কতদূরে এখনও রয়েছে বাংলার এককোণ যশোর। সেখানকার মেয়েদের হাতের এই শঙ্খলতাটি ! এই লতামণুন যে খুবই প্রাচীন, আধুনিক কোনো-কিছু থেকে নকল নয়, তা নিশ্চয়ই বলা যায়। বাঙালির মেয়ের সব চেয়ে পুরনো এবং সব চেয়ে স্বল্প ও যত্নের অলংকার শৌখ। শৌখ সুন্দীর চিহ্ন এবং কড়ি ছিল এককালে এদেশের পয়সা। কাজেই শৌখ এবং তা থেকে শঙ্খলতা আবিক্ষার এদেশে যে কেন খুবই প্রাচীন কালে নাই না, বুঝি নে। তা ছাড়া বাঙালি জাতিও বড়ো কম দিনের নয়। ইঞ্জিপ্টের রানিয়া এবং গ্রিসের স্বল্পনীয়া ঢাকার মসলিন পরতেন যখন বলেন যে বাংলাদেশ ও বাঙালি বর্তমান ছিল, অন্তত সে-বিষয়ে কোনো বলেহ থাকতে পারে না ; এবং পূর্বকালের কোনো ঢাকাই শাড়ির পাড়ে সুকিরে এই শঙ্খলতা গ্রিসে ও ইঞ্জিপ্টে চালান যায় নি, তাই বা কে বলতে পারে। একই চিন্তা, একই শিল্প, একই মণি পৃথিবীর ভিন্ন ভিন্ন অংশে মৌনভাবে উৎপত্তি লাভ করেছে—এটা মাঝুমের ইতিহাসের একটা ধারণ ঘটনা ; কাজেই এ-বিষয় নিয়ে তর্ক করা চলে না।

লোকশিক্ষা প্রচ্ছমালা

রবীন্দ্রনাথ ঠাকুর		শোগেশচন্দ্র বার বিঢ়ানিধি
বিধপরিচয়	১৮'০০	পূজাগারণ
ইতিহাস	১৩'০০	শুভৌতিকুমার চট্টোপাধ্যায়
নিত্যানন্দবিনোদ গোকুলমী		তাঁরতের ভাষা ও ভাষাসমষ্টি
বাংলা সাহিত্যের কথা	২২'০০	শুভেন্দুনাথ ঠাকুর
চাকচন্দ্র ভট্টাচার্য		বিধমানবের লক্ষণাত্ম
ব্যাধির পরাজয়		আকুমার বন্দেয়োপাধ্যায়
পদ্মাৰ্থবিজ্ঞার নবযুগ	৭'০০	বাংলা উপন্যাস
উমেশচন্দ্র ভট্টাচার্য		সত্যেন্দ্রকুমার বসু
তারতদৰ্শনসার	২৪'০০	হিউ-এন-চাঁড়
নির্মলকুমার বসু		শোগেশচন্দ্র বাগল
শহিদসমাজের গফন	১৫'০০	বাংলার নব্যসংস্কৃতি
রবীন্দ্রনাথ ঠাকুর		আপশুপতি ভট্টাচার্য
প্রাণতত্ত্ব	১০'০০	আহাৰ ও আহাৰ্য
প্রমথনাথ সেনগুপ্ত		
পৃথীপরিচয়	৭'০০	

